আরও
চাকরির খবর
ভেতরের পাতায়

কর্মক্ষেত্র

ISSN 0971-7765

পি এস সি-র মাধ্যমে
মিসলেনিয়াস
প্রিলিমিনারি
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
...পৃঃ ৮

বর্ষ ৪৭ সংখ্যা ১১ কলকাতা বুধবার, ৩০ সেপ্টেম্বর ২০২৬/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ১৩ আশ্বিন ১৪৩৩ দাম ৭.০০ টাকা ১২ পাতা R. N. 37120/80

রেলে ১৬৮৮ উচ্চ মাধ্যমিক

উচ্চ মাধ্যমিক যোগ্যতায় বিভিন্ন পদে দেশ জুড়ে ১,৬৮৮ জন কর্মী নিয়োগ করবে ভারতীয় রেল। নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরিতে (আন্ডার গ্র্যাজুয়েট)নিয়োগ করা হবে কলকাতা, শিলিগুড়ি, মালদা-সহ মোট ২১টি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের (আরআরবি) মাধ্যমে। এই নিয়োগের সেন্ট্রালাইজড এমপ্লয়মেন্ট নোটিস নম্বর: ০৭/২০২৬।

সাধারণত নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরিতে নিয়োগ করা হয় এই সব পদে: কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক, অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট, জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট এবং ট্রেনস ক্লার্ক।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় উচ্চ মাধ্যমিক। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মী প্রার্থী এবং যাঁদের উচ্চতর শিক্ষাগত যোগ্যতা রয়েছে, তাঁরা ৫০ শতাংশ নম্বর না থাকলেও আবেদন করতে পারেন। অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট ও জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট পদের ক্ষেত্রে কম্পিউটারে ইংরেজিতে মিনিটে ৩০টি শব্দ বা হিন্দিতে মিনিটে ২৫টি শব্দ টাইপিংয়ের দক্ষতা লাগে।

বয়স: ১-১-২০২৭ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পান। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পান। বিধবা, ডিভোর্সি, আইনত স্বামীবিচ্ছিন্নারা পুনরায় বিবাহ করে না থাকলে ৩৫ বছর পর্যন্ত বয়স গ্রাহ্য হয়।

শুরুতে বেতন: সাধারণত কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক পদের ক্ষেত্রে ২১,৭০০ টাকা এবং বাকি পদের ক্ষেত্রে ১৯,৯০০ টাকা।

প্রার্থী বাছাই করা হয় দু' পর্যায়ের কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে টাইপিং টেস্টের মাধ্যমে। প্রথম পর্যায়ের কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় জেনারেল অ্যাওয়্যারনেস (৪০ নম্বর), ম্যাথমেটিক্স (৩০ নম্বর) এবং জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং (৩০ নম্বর) বিষয়ে প্রশ্ন থাকে। সময় দেড় ঘণ্টা। দ্বিতীয় পর্যায়ের কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় জেনারেল অ্যাওয়্যারনেস (৫০ নম্বর), ম্যাথমেটিক্স (৩৫ নম্বর)

এরপর দুয়ের পাতায়

রেলে ৫৮৬ স্বাস্থ্যকর্মী

নার্সিং সুপারিন্টেন্ডেন্ট, ফার্মাসিস্ট, হেল্‌থ অ্যান্ড ম্যালেরিয়া ইনস্পেক্টর, ল্যাব অ্যাসিস্ট্যান্ট-সহ বিভিন্ন পদে ৫৮৬ জনকে নেবে ভারতীয় রেল। নিয়োগ করা হবে কলকাতা, শিলিগুড়ি, মালদা-সহ মোট ২০টি রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 05/2026.

প্রসঙ্গত, গত ৯ সেপ্টেম্বরের 'কর্মক্ষেত্র'য় এই নিয়োগ সম্পর্কে প্রার্থীদের আগাম জানানো হয়েছিল। এই সংখ্যায় বিশদে জানানো হল।

শূন্যপদের বিবরণ: নার্সিং সুপারিন্টেন্ডেন্ট: ৩৬৫টি। শিক্ষাগত যোগ্যতা: ৩ বছরের জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি কোর্স পাশ। অথবা বি এসসি (নার্সিং) পাশ। সেই সঙ্গে নার্স অ্যান্ড মিডওয়াইফ হিসেবে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে। বয়স: ২০ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। মেডিক্যাল স্ট্যান্ডার্ড: সি-১। শুরুতে বেতন: ৪৪,৯০০ টাকা।

হেল্‌থ অ্যান্ড ম্যালেরিয়া ইনস্পেক্টর গ্রেড-টু: ৪৩টি। শিক্ষাগত যোগ্যতা: কেমিস্ট্রিতে বি এসসি বা কেমিস্ট্রির যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে হেল্‌থ বা স্যানিটারি ইনস্পেক্টর কোর্সে ১ বছরের ডিপ্লোমা অথবা হেল্‌থ স্যানিটারি

এরপর চারের পাতায়

ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় ১৩৯ স্পেশ্যালিস্ট অফিসার

ম্যানেজার ও অফিসার পদে ১৩৯ জনকে নেবে ব্যাঙ্ক অব ইন্ডিয়া। নিয়োগ করা হবে স্কেল-ওয়ান ও স্কেল-টু ক্যাটেগরিতে। প্রবেশন ১ বছরের। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 2026-27/02.

প্রসঙ্গত, 'কর্মক্ষেত্র'-র ২ সেপ্টেম্বর সংখ্যায় এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছিল। আবেদনের শেষ তারিখ

এরপর চারের পাতায়

কানাড়া ব্যাঙ্কে ৩৫০০ অ্যাপ্রেন্টিস

৩,৫০০ জন স্নাতক তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে কানাড়া ব্যাঙ্ক। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে ১ বছরের প্রশিক্ষণ দেওয়া হবে। প্রশিক্ষণ চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে।

প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট রাজ্যের স্থানীয় ভাষা জানতে হবে। তাই এখানে বাংলা-সহ হিন্দিভাষী রাজ্যগুলির জন্য নির্দিষ্ট ১,৪৩০টি আসনের বিষয়ে জানানো হল।

রাজ্য অনুসারে আসনসংখ্যার বিন্যাস: পশ্চিমবঙ্গ (বাংলা): মোট আসন ১৫০টি (সাধারণ ৬১, তফসিলি জাতি ৩৪, তফসিলি উপজাতি ৭, ওবিসি ৩৩, আর্থিক ভাবে অনগ্রসর ১৫)। এর মধ্যে ৬টি আসন প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে। **অসম (বাংলা):** মোট আসন ৪২টি (সাধারণ ২০, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ৫, ওবিসি ১১, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ১টি আসন প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে। **ত্রিপুরা (বাংলা):** মোট আসন ৮টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২)। **বিহার (হিন্দি):** মোট আসন ১২২টি (সাধারণ ৫৮, তফসিলি জাতি ১৯, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩২, আর্থিক ভাবে অনগ্রসর ১২)। এর মধ্যে ৪টি আসন প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে। **চণ্ডীগড় (হিন্দি):** মোট আসন ৬টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ওবিসি ১)। **ছত্তিসগড় (হিন্দি):** মোট আসন ৩৯টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ১২, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ১টি আসন প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে। **দিল্লি (হিন্দি):** মোট আসন ৯৩টি (সাধারণ ৪০, তফসিলি জাতি ১৩, তফসিলি উপজাতি ৬, ওবিসি ২৫, আর্থিক ভাবে অনগ্রসর ৯)। এর মধ্যে

এরপর দুয়ের পাতায়

অসম রাইফেলসে ৩৪৭ ট্রেডসম্যান

দেশ জুড়ে বিভিন্ন ট্রেডে ৩৪৭ জন টেকনিক্যাল ও ট্রেডসম্যান নিয়োগ করবে অসম রাইফেলস। র‍্যালির মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে।

র‍্যালি শুরু হবে ২৩ নভেম্বর। নিয়োগের পর প্রথমে ২ বছরের প্রবেশন। এই নিয়োগের মেমো নম্বর: I.12016/A Branch (Rect Cell)/2026/1310

ট্রেড অনুসারে শূন্যপদের বিবরণ: ওয়ারেন্ট অফিসার (সাইফার): ১২৪টি (সাধারণ ৫১, তফসিলি জাতি ১৯, তফসিলি উপজাতি ৯, ওবিসি ৩৩, আর্থিক ভাবে অনগ্রসর ১২)। শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, ম্যাথমেটিক্স ও ইংরেজি-সহ উচ্চ মাধ্যমিক বা সমতুল পাশ। সেই সঙ্গে এই সব ট্রেডের কোনও একটিতে অন্তত ২ বছরের আইটিআই কোর্স পাশ— ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি, ইনফর্মেশন টেকনোলজি, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল

এরপর দুয়ের পাতায়

সিআরপিএফে ৫২১ দক্ষ খেলোয়াড়

বিভিন্ন ক্রীড়াক্ষেত্র থেকে ৫২১ জন খেলোয়াড় নেবে সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স (সিআরপিএফ)। নিয়োগ করা হবে হেড কনস্টেবল ও কনস্টেবল (জেনারেল ডিউটি) পদে। প্রাথমিক ভাবে এটি অস্থায়ী নিয়োগ হলেও, ভবিষ্যতে স্থায়ী হওয়ার সম্ভাবনা আছে। পুরুষ ও মহিলা উভয়ই আবেদনের যোগ্য।

শূন্যপদের বিন্যাস: হেড কনস্টেবল: মোট শূন্যপদ ১৮২টি (পুরুষ ১৫০টি, মহিলা ৩২টি)। কনস্টেবল (জেনারেল ডিউটি): মোট শূন্যপদ ৩৩৯টি (পুরুষ ২৫৮টি, মহিলা ৮১টি)।

নিয়োগ করা হবে এই সব ক্রীড়াক্ষেত্র থেকে— অ্যাকোয়াটিক্স, ডাইভিং, ওয়াটার পোলো, আর্চারি, অ্যাথলেটিক্স, ব্যাডমিন্টন, বাস্কেটবল, বডি বিল্ডিং, বক্সিং, ফুটবল, জিমন্যাস্টিক্স, হ্যান্ডবল, হকি, জুডো, কাবাডি, ক্যারাটে, শুটিং, তায়কোন্ডো, ভলিবল, ওয়াটার স্পোর্টস, ওয়েটলিফটিং, উশু, রেসলিং, যোগা।

শিক্ষাগত যোগ্যতা: হেড কনস্টেবল পদের ক্ষেত্রে উচ্চ মাধ্যমিক বা সমতুল। কনস্টেবল পদের ক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল।

খেলাধুলার যোগ্যতা: হেড কনস্টেবল পদের ক্ষেত্রে আন্তর্জাতিক স্তরের কোনও প্রতিযোগিতায় দেশের প্রতিনিধিত্ব করে থাকতে হবে। অথবা জাতীয় স্তরের প্রতিযোগিতায় রাজ্যের প্রতিনিধিত্ব করে অন্তত তৃতীয় স্থান অর্জন করে থাকতে হবে। অথবা আন্তঃবিশ্ববিদ্যালয় প্রতিযোগিতায় কোনও বিশ্ববিদ্যালয়ের হয়ে ব্যক্তিগত ইভেন্টে অংশ নিয়ে অন্তত দ্বিতীয় স্থান অধিকার করে থাকতে হবে, দলগত ইভেন্টের ক্ষেত্রে ফাইনালিস্ট দলের সদস্য হতে হবে। জাতীয় স্তরের প্রতিযোগিতায় জুনিয়র

এরপর এগারোর পাতায়

দক্ষিণ রেলে দক্ষ খেলোয়াড়

৬৭ জন দক্ষ খেলোয়াড় নেবে সাদার্ন রেলওয়ে। নিয়োগ করা হবে লেভেল-১, লেভেল-৩/২ এবং লেভেল-৫/৪ ক্যাটেগরিতে। পুরুষ-মহিলা উভয়ই আবেদনের যোগ্য। তফসিলি, ওবিসি এবং আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীরা সংরক্ষণ-সংক্রান্ত কোনও সুবিধা পাবেন না। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: RRC-02/Sports/2026-27

নিয়োগ করা হবে এই সব ক্রীড়াক্ষেত্র থেকে: অ্যাথলেটিক্স, বক্সিং, কিউ স্পোর্টস (পুরুষ), ফুটবল

এরপর এগারোর পাতায়

ফার্মাসিউটিক্যালস অ্যান্ড মেডিক্যাল ডিভাইসেস ব্যুরোয় ১৩৪

বিভিন্ন বিভাগে ১৩৪ জন কর্মী নেবে ফার্মাসিউটিক্যালস অ্যান্ড মেডিক্যাল ডিভাইসেস ব্যুরো অব ইন্ডিয়া। এটি প্রধানমন্ত্রী ভারতীয় জনৌষধি পরিযোজনা প্রকল্পের রূপায়ণকারী সংস্থা। ৩ বছরের চুক্তিতে প্রার্থীদের নিয়োগ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ০২/২০২৬।

শূন্যপদের বিবরণ: অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (সেলস অ্যান্ড মার্কেটিং): ৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক। সেলস বা মার্কেটিংয়ে এমবিএ থাকলে অগ্রাধিকার। ফার্মা সেক্টরে সেলস বা মার্কেটিংয়ে অন্তত ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ৩৩ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ৫৩,০০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা। **চুক্তির মেয়াদ:** ৩ বছর।

সিনিয়র মার্কেটিং অফিসার (সেলস অ্যান্ড মার্কেটিং): ১৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** বি ফার্মা। অথবা বায়োটেকনোলজি বা মেডিসিনাল কেমিস্ট্রি বা ফার্মাসিউটিক্যাল কেমিস্ট্রিতে বি এসসি। সেলস বা মার্কেটিংয়ে এমবিএ থাকলে অগ্রাধিকার। ফার্মা সেক্টরে সেলস বা মার্কেটিংয়ে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ৩৮,০০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা। **চুক্তির মেয়াদ:** ৩ বছর।

সিনিয়র ফার্মাসিস্ট (সেলস অ্যান্ড মার্কেটিং): ৬টি। **শিক্ষাগত যোগ্যতা:** বি ফার্মা। এম ফার্মা থাকলে অগ্রাধিকার। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ৩৮,০০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা। **চুক্তির মেয়াদ:** ৩ বছর।

মার্কেটিং অফিসার (সেলস অ্যান্ড মার্কেটিং): ৩০টি। **শিক্ষাগত যোগ্যতা:** বি ফার্মা। অথবা বায়োটেকনোলজি বা মেডিসিনাল কেমিস্ট্রি বা ফার্মাসিউটিক্যাল কেমিস্ট্রিতে বি এসসি। সেলস বা মার্কেটিংয়ে এমবিএ থাকলে অগ্রাধিকার। ফার্মা সেক্টরে সেলস বা মার্কেটিংয়ে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ২৮ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ৩২,৫০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা। **চুক্তির মেয়াদ:** ৩ বছর।

ফার্মাসিস্ট (সেলস অ্যান্ড মার্কেটিং): ৬টি। **শিক্ষাগত যোগ্যতা:** বি ফার্মা।

এরপর চারের পাতায়

কর্মক্ষেত্র

শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

কর্মখালি

প্রাইভেট লিমিটেড কোম্পানিতে দিন ও রাতের দুজন সিকিওরিটি, অফিস পিওন প্রয়োজন। যোগাযোগ: 62914-40382 আকর্ষনীয় বেতন ও ভাতা।

□

Need Sales Executives In Electrical Items for 24 PGS (N), M: 84204-66300, Email: hardwareexps@gmail.com

□

Situations Vacant. Hotel staff required. Front Office. Min. 5 Yrs. Exp., B.com & Computer knowledge. Tarapith / Maithon / Mandarmani. Hotel Accountant. Min. 5 Yrs. Exp., B.Com & Tally Mandermani. Email CV- office shantihotel@gmail.com Call- 82768-75111.

□

সোনা রূপার দোকানে কাজ জানা কাউন্টার সেলসম্যান চাই। কোলকাতার নিকটস্থ হওয়া প্রয়োজন। বয়স: 35 বৎসরের মধ্যে। শীঘ্রই যোগাযোগ করুন। ফোন- 98303-92233.

□

Directly Hiring for Leadership Role Reqd VRS/Retd/Housewife/ Others (HS+, 25-65). No Target/ Sales. Salary + Other Benefits 98316-86291.

□

NorthPoint Day School require PGT teachers for Hindi/ Physics/ Maths/ Science. Mail your CV to northpointdayschool@gmail.com M: 92318-93222.

□

দঃ কলকাতায় বিশ্বস্ত, অন্তত ১০ পাস রান্না ও ঘর পরিচালনার কাজে অভিজ্ঞ ২৪ ঘণ্টার গৃহসহায়িকা প্রয়োজন, বয়স: ৫০ বছর। থাকা-খাওয়ার সুব্যবস্থা। বেতন আলোচনা সাপেক্ষে। যোগাযোগ: 80175-96372.

□

(1) উকিল (35L) (2) ব্যবসা/প্রকাশনা/ mktg./PRO অভিজ্ঞ (3) Ac/Comp./ Law + Outdoor Asst. (Hazra -Podra বাসী)। 85858-92443/91230-78306.

□

কর্মখালি

PART TIME স্বগৃহে **Book.Com** Project বই দেখে হাতে লিখে/ফর্ম ফিলাপ করে/Comp, ল্যাপটপে ডেটা এন্ট্রি/নিজ স্মার্ট ফোনে Type করে প্রতি সপ্তাহে আয় 82748-74519.

□

GD Goenka Public School, Habra. Urgently hiring PGT Computer Sc., PRT (Eng., Hindi, Maths) & Front Office Exec., Send CV at careers@gdgbabra.com

□

শ্রীধাম বৃন্দাবনে থেকে হাসপাতালের কাজে অভিজ্ঞ অবসরপ্রাপ্ত ডাক্তার, নার্স ও অন্যান্য সেবামূলক কাজে ভক্ত ও ব্যক্তিগণ। যোগাযোগ: 98310-76907/ 91230-01273.

□

St. John Hr. Sec. Res. School, Dimapur, Nagaland: Physics Teacher (Rs. 40k PM) M.Sc Phy. & B.Ed (info@stjohndimapur.in) (88009-11032) by 4th Oct.

□

Business Growth Manager Wanted For WealthRight Investment Services LLP:–Kolkata Barasat/ Berhampore/ Arambagh. Experience: 2-4 Years in MFD/ Insurance Agent Acquisition. Age - Upto 40. Call-70010-71943.

□

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৩ অক্টোবর দুপুর ২টো পর্যন্ত।

□□□

১৪ অক্টোবর কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১০ অক্টোবর দুপুর ২টো পর্যন্ত।

□□□

বিজ্ঞাপন দিতে আগ্রহীরা যোগাযোগ করুন: ৮৯৬১২-৪২৬২৯

কর্মখালি

দমদমে **TAX CONSULTANT FIRM** -এ ACCOUNTS-এর কাজের জন্য TALLY/ EXCEL-জানা মহিলা/পুরুষ DATA ENTRY OPERATOR (ACCOUNTS) চাই। M-98301-05909/ 70037-88896.

□

Basantapur Education Society wants Principal & Subject Teachers (Maths, Physics, Chemistry, Biology) for Model School (English Medium) as per CBSE norms; send CV to The Secretary, Vill & P.O. Basantapur, Dist. Murshidabad, W.B. 742 406 or email to: hrbes95@gmail.com.

□

ব্যাঙ্কের লোন কালেকশনের জন্য

কোচবিহার, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি, দার্জিলিং, কালিম্পং, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, মালদহ, গ্যাংটক এবং কলকাতা, হাওড়া, হুগলি, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, নদিয়া, মুর্শিদাবাদ, পূর্ব বর্ধমান, পশ্চিম বর্ধমান, বীরভূম, দুর্গাপুর, বাঁকুড়া, পুরুলিয়া, পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম। উল্লিখিত সকল জেলার সমগ্র এলাকায় সুপারভাইজার, ফিল্ড এক্সিকিউটিভ, টেলিকলার ও MIS পদে কর্মী প্রয়োজন। ন্যূনতম যোগ্যতা: মাধ্যমিক পাশ। বাইক থাকা আবশ্যক। ফ্রেশার ও অভিজ্ঞ উভয়েই আবেদনযোগ্য। যোগাযোগ: 62922-12122.

DISCLAIMER SWARNAKSHAR PRAKASANI PVT. LTD.

assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

অসম রাইফেলসে ৩৪৭ ট্রেডসম্যান

প্রথম পাতার পর

ইঞ্জিনিয়ারিং, ইনস্ট্রুমেন্টাল টেকনোলজি। পাশাপাশি, কোনও স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ইলেক্ট্রনিক্স বা ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজিতে স্নাতক। বয়স: ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে।

রাইফেলম্যান: ইলেক্ট্রি ক্যাল ফিটার সিগন্যাল: ৩২টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ওবিসি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে এই সব ট্রেডের কোনও একটিতে অন্তত ২ বছরের আইটিআই কোর্স বা ডিপ্লোমা কোর্স (২ বা ৩ বছর) পাশ— ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিশিয়ান পাওয়ার ডিস্ট্রিবিউশন, ইলেক্ট্রিশিয়ান, ইনস্ট্রুমেন্টাল টেকনোলজি, ইনস্ট্রুমেন্ট মেকানিক, টেকনিশিয়ান পাওয়ার ইলেক্ট্রনিক সিস্টেম, টেকনিশিয়ান ইলেক্ট্রনিক সিস্টেম ডিজাইন অ্যান্ড রিপেয়ার। **বয়স:** ১৮ থেকে ২৩ বছরের মধ্যে হতে হবে।

লাইনম্যান ফিল্ড: ২১টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ওবিসি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে এই সব ট্রেডের কোনও একটিতে অন্তত ২ বছরের আইটিআই কোর্স বা ডিপ্লোমা কোর্স (২ বা ৩ বছর) পাশ— ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স মেকানিক, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিশিয়ান পাওয়ার ডিস্ট্রিবিউশন, ইলেক্ট্রিশিয়ান, ইনস্ট্রুমেন্টাল টেকনোলজি, ইনস্ট্রুমেন্ট মেকানিক, টেকনিক্যাল পাওয়ার ইলেক্ট্রনিক সিস্টেম, টেকনিশিয়ান ইলেক্ট্রনিক সিস্টেম ডিজাইন অ্যান্ড রিপেয়ার, ফাইবার টু হোম টেকনোলজি, ওএফসি টেকনোলজি। **বয়স:** ১৮ থেকে ২৩ বছরের মধ্যে হতে হবে।

আর্মারার: ২৯টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ওবিসি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক, সেই সঙ্গে ওয়েল্ডিং ট্রেডে আইটিআই কোর্স পাশ। **বয়স:** ১৮ থেকে ২৩ বছরের মধ্যে হতে হবে।

ইঞ্জিনিয়ার ইক্যুইপমেন্ট মেকানিক: ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে এই সব ট্রেডের কোনও একটিতে ২ বছরের আইটিআই কোর্স বা ডিপ্লোমা কোর্স (২ বা ৩ বছর) পাশ— ইঞ্জিনিয়ার ইক্যুইপমেন্ট মেকানিক, পাওয়ার ইলেক্ট্রিক সিস্টেমস, মেকানিক ডিজেল। **বয়স:** ১৮ থেকে ২৩ বছরের মধ্যে হতে হবে।

রিকভারি ভেহিক্যল মেকানিক: ১৩টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক, সেই সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে ২ বছরের আইটিআই কোর্স পাশ। সেই সঙ্গে হেভি মোটর ভেহিক্যল বা ট্রান্সপোর্ট ভেহিক্যল চালানোর বৈধ লাইসেন্স থাকতে হবে। **বয়স:** ১৮ থেকে ২৩ বছরের মধ্যে হতে হবে।

ইলেক্ট্রিশিয়ান মোটর ভেহিক্যল: ২২টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ওবিসি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে এই সব ট্রেডের কোনও একটিতে ২ বছরের আইটিআই কোর্স বা ডিপ্লোমা কোর্স (২ বা ৩ বছর) পাশ— ইলেক্ট্রিশিয়ান, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, টেকনিক্যাল, পাওয়ার ইলেক্ট্রনিক্স, কমিউনিকেশন সিস্টেম। **বয়স:** ১৮ থেকে ২৩ বছরের মধ্যে হতে হবে।

মেটালস্মিথ: ১৯টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ওবিসি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক-সহ মেটালস্মিথ বা মেটালার্জিতে ২ বছরের আইটিআই কোর্স বা ডিপ্লোমা কোর্স (২ বা ৩ বছর) পাশ। **বয়স:** ১৮ থেকে ২৩ বছরের মধ্যে হতে হবে।

আপহোলস্টার: ৩টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ওবিসি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক-সহ আপহোলস্টার ট্রেডে ২ বছরের আইটিআই কোর্স বা ডিপ্লোমা কোর্স (২ বা ৩ বছর) পাশ। **বয়স:** ১৮ থেকে ২৩ বছরের মধ্যে হতে হবে।

স্টোর কিপার টেকনিক্যাল (ইলেক্ট্রিক্যাল মেকানিক্যাল ইঞ্জিনিয়ার): ১৬টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক পাশ। **বয়স:** ১৮ থেকে ২৩ বছরের মধ্যে হতে হবে।

ভেহিক্যল মেকানিক: ২৩টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ওবিসি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে এই সব ট্রেডের কোনও একটিতে অন্তত ২ বছরের আইটিআই কোর্স বা ডিপ্লোমা কোর্স (২ বা ৩ বছর) পাশ— মেকানিক মোটর ভেহিক্যল, মেকানিক, মেকানিক ডিজেল, ফিটার, মেকানিক ইঞ্জিনিয়ারিং/টেকনিক্যাল, অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং/ টেকনিক্যাল। **বয়স:** ১৮ থেকে ২৩ বছরের মধ্যে হতে হবে।

ম্যাসন: ২৯টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ওবিসি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক পাশ। সেই সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ট্রেড টেস্টে পাশ করা বাধ্যতামূলক। **বয়স:** ১৮ থেকে ২৩ বছরের মধ্যে হতে হবে।

হাবিলদার: ইনস্ট্রুমেন্ট মেকানিক: ৬টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক-সহ ইনস্ট্রুমেন্ট মেকানিক/টেকনোলজি বা ইলেক্ট্রনিক মেকানিক/ টেকনোলজিতে ২ বছরের আইটিআই কোর্স বা ডিপ্লোমা কোর্স (২ বা ৩ বছর) পাশ। **বয়স:** ১৮ থেকে ২৩ বছরের মধ্যে হতে হবে।

১-৭-২০২৬ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

দৈহিক মাপজোক: উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে অন্তত ১৭০ সেমি (তফসিলি উপজাতির ক্ষেত্রে ১৬২.৫ সেমি)। মহিলাদের ক্ষেত্রে অন্তত ১৫৭ সেমি (তফসিলি উপজাতির ক্ষেত্রে ১৫০ সেমি)।

বুকের ছাতি: শুধুমাত্র পুরুষদের ক্ষেত্রে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ সেমি ও ৮৫ সেমি (তফসিলি উপজাতির ক্ষেত্রে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি)।

প্রার্থী বাছাই করা হবে দৈহিক মাপজোক যাচাই, দৈহিক সক্ষমতার পরীক্ষা, ট্রেড টেস্ট, লিখিত পরীক্ষা ও মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে পুরুষদের ক্ষেত্রে ২৪ মিনিটে ৫ কিলোমিটার দৌড়। লিখিত পরীক্ষা ১০০ নম্বরের।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.assamrifles.gov.in অনলাইন দরখাস্ত করা যাবে ২৮ অক্টোবর পর্যন্ত।

ফি বাবদ দিতে হবে ১০০ টাকা।

অনলাইনে ফি জমা দিতে হবে এই অ্যাকাউন্ট নম্বরে: 37088046712 (HQ DGAR, Recruitment Branch, Shillong-10, SBI Laitkor Branch, IFSC Code-SBIN0013883) তফসিলি ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে হবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

কানাড়া ব্যাঙ্কে ৩৫০০ অ্যাপ্রেন্টিস

প্রথম পাতার পর

৩টি আসন প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে। **হরিয়ানা (হিন্দি):** মোট আসন ১১৪টি (সাধারণ ৫২, তফসিলি জাতি ২১, ওবিসি ৩০, আর্থিক ভাবে অনগ্রসর ১১)। এর মধ্যে ৪টি আসন প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে। **হিমাচল প্রদেশ (হিন্দি):** মোট আসন ২৩টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৫, ওবিসি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **ঝাড়খণ্ড (হিন্দি):** মোট আসন ৭৪টি (সাধারণ ৩২, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ১৯, ওবিসি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৭)। এর মধ্যে ২টি আসন প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে। **মধ্যপ্রদেশ (হিন্দি):** মোট আসন ১১০টি (সাধারণ ৪৫, তফসিলি জাতি ১৬, তফসিলি উপজাতি ২২, ওবিসি ১৬, আর্থিক ভাবে অনগ্রসর ১১)। এর মধ্যে ৪টি আসন প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে। **পাঞ্জাব (হিন্দি):** মোট আসন ৯৬টি (সাধারণ ৪০, তফসিলি জাতি ২৭, ওবিসি ২০, আর্থিক ভাবে অনগ্রসর ৯)। এর মধ্যে ৩টি আসন প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে। **রাজস্থান (হিন্দি):** মোট আসন ৯৬টি (সাধারণ ৪০, তফসিলি জাতি ১৬, তফসিলি উপজাতি ১২, ওবিসি ১৯, আর্থিক ভাবে অনগ্রসর ৯)। এর মধ্যে ৩টি আসন প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে। **উত্তরাখণ্ড (হিন্দি):** মোট আসন ৪৮টি (সাধারণ ২৯, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ১, ওবিসি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ১টি আসন প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে। **উত্তরপ্রদেশ (হিন্দি):** মোট আসন ৪০৯টি (সাধারণ ১৭০, তফসিলি জাতি ৮৫, তফসিলি উপজাতি ৪, ওবিসি ১১০ আর্থিক ভাবে অনগ্রসর ৪০)। এর মধ্যে ১৬টি আসন প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে।

প্রার্থী যে-কোনও একটি রাজ্যের শূন্য আসনে আবেদন করতে পারবেন। প্রার্থীকে সংশ্লিষ্ট রাজ্যের স্থানীয় ভাষা বলতে, পড়তে ও লিখতে জানতে হবে।

শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। ১-১-২০২৩-এর আগে অথবা ১-৯-২০২৬-এর পরে স্নাতক পাশ প্রার্থীরা আবেদন করবেন না। উচ্চ মাধ্যমিকে অন্তত ৬০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

বয়স: ১-৯-২০২৬ তারিখে ২০ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

স্টাইপেন্ড: প্রতি মাসে সর্বাধিক ১৬,৬৫০ টাকা।

এর আগে কোথাও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে বা কোনও সংস্থায় ১ বছর বা তার বেশি সময় কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করবেন না।

প্রার্থী বাছাই করা হবে মেধার ভিত্তিতে।

প্রথমে প্রার্থীকে অ্যাপ্রেন্টিস হিসেবে রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nats.education.gov.in এরপর সংশ্লিষ্ট সংস্থায় অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের জন্য অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটে: www.canarabank.bank.in আবেদনের শেষ তারিখ ১৭ অক্টোবর। আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো, সই, বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ ও নির্দিষ্ট বয়ানে নিজের হাতে লেখা ডিক্লারেশন আপলোড করতে হবে। ফি বাবদ অনলাইন দিতে হবে ৫০০ টাকা। জিএসটি অতিরিক্ত। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। আবেদনপত্র যথাযথ ভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রেরও এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউট কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে। তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.canarabank.bank.in

রেলে ১৬৮৮ উচ্চ মাধ্যমিক

প্রথম পাতার পর

এবং জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং (৩৫ নম্বর) বিষয়ে প্রশ্ন থাকে। সময় দেড় ঘণ্টা। উভয় ক্ষেত্রেই নেগেটিভ মার্কিং থাকে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rrbapply.gov.in অনলাইন আবেদন করা যাবে ১৫ অক্টোবর থেকে ১৩ নভেম্বর পর্যন্ত।

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। প্রার্থীদের প্রস্তুতির সুবিধার্থে এই খবর আগাম জানানো হল। বিজ্ঞপ্তি প্রকাশিত হলে তা কর্মক্ষেত্র-য় জানানো হবে। আগ্রহী প্রার্থীরা দেখতে পারেন এই ওয়েবসাইট: www.rrbkolkata. gov.in (কলকাতা আরআরবি), www.rrbmalda. gov.in (মালদা আরআরবি), www.rrbsiliguri. gov.in (শিলিগুড়ি আরআরবি)।

কী পড়বেন, কী শিখবেন

পন্ডিচেরি বিশ্ববিদ্যালয়ে দূরশিক্ষায় সার্টিফিকেট, স্নাতক, স্নাতকোত্তর কোর্স

দূরশিক্ষায় সার্টিফিকেট, স্নাতক, স্নাতকোত্তর ডিগ্রি এবং এম বি এ কোর্সে ভর্তি নিচ্ছে পন্ডিচেরি বিশ্ববিদ্যালয়।

সার্টিফিকেট কোর্স পড়ানো হবে এই সব বিষয়ে: ট্যাক্স অ্যান্ড কমপ্লায়েন্স, রিসার্চ ডেটা অ্যানালিসিস অ্যানালিটিক্স ইউজিং এ আই, জেনারেটিভ এ আই, এজেন্টিক এ আই, মিউজিক থেরাপি, মিউজিক কম্পোজিশন। শিক্ষাগত যোগ্যতা: উচ্চ মাধ্যমিক পাশ।

স্নাতক কোর্স পড়ানো হবে এই সব বিষয়ে: বি বি এ, বি কম, অনার্স-সহ বি এ ইংলিশ, অনার্স-সহ বি এ সোশিয়োলজি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চ মাধ্যমিক বা ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশ।

স্নাতকোত্তর কোর্স পড়ানো হবে এই সব বিষয়ে: ইংলিশ, হিন্দি, সোশিয়োলজি ও ফিনান্স। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক।

এম কম (ফিনান্স): শিক্ষাগত যোগ্যতা: বি কম, বি বি এ, বি বি এম, বি আই এস এম, বি এ (কমার্স), সি ই (ইন্টারমিডিয়েট), আই সি ডব্লু এ পাশ। অথবা এম বি এ; সেক্ষেত্রে স্নাতক স্তরে অন্যতম বিষয় হিসেবে কমার্স বা অ্যাকাউন্ট্যান্সি পড়ে থাকতে হবে।

এম বি এ পড়ানো হবে এই সব বিষয়ে: মার্কেটিং, ফিনান্স, ইন্টারন্যাশনাল বিজনেস, জেনারেল, অপারেশনস অ্যান্ড সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট, ট্যুরিজম। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। হসপিটাল ম্যানেজমেন্টের ক্ষেত্রে অতিরিক্ত এম বি বি এস ডিগ্রি থাকতে হবে। অথবা ফার্মাসি বা ডেন্টাল, নার্সিং, ফিজিয়োথেরাপি, বায়ো-ইঞ্জিনিয়ারিং, বায়ো-সায়েন্সেস, হোমিওপ্যাথি, সিদ্ধা, আয়ুর্বেদ বা ইউনানি-তে স্নাতক।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://dde.pondiuni.edu.in আবেদনের শেষ তারিখ ১৩ অক্টোবর।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

গাইডেন্স ও কাউন্সেলিংয়ের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স

গাইডেন্স ও কাউন্সেলিংয়ের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে বর্ধমান বিশ্ববিদ্যালয়। কোর্সের মেয়াদ ১ বছর। কোর্স শুরু হবে নভেম্বরে।

আসনসংখ্যা: ৫০টি। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক।

কোর্স ফি: ১২,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে মেধার ভিত্তিতে। আবেদন করতে হবে অনলাইনে। ফর্ম পূরণ করবেন ওয়েবসাইটে দেওয়া গুগল লিংকের মাধ্যমে। আবেদনের শেষ তারিখ ৫ অক্টোবর।

আবেদনের ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://www.buruniv.ac.in

ইনল্যান্ড ভেসেল জেনারেল পারপাস রেটিংয়ের কোর্স

ইনল্যান্ড ভেসেল জেনারেল পারপাস রেটিংয়ের কোর্সে ভর্তি নিচ্ছে পাটনার ন্যাশনাল ইনল্যান্ড নেভিগেশন ইনস্টিটিউট। এটি কেন্দ্রের পোর্টস, শিপিং অ্যান্ড ওয়াটারওয়েজ মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। এটি একটি আবাসিক কোর্স। তরুণ-তরুণী উভয়েই আবেদনের যোগ্য। কোর্সের মেয়াদ সাড়ে তিন মাস।

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক পাশ। বয়স: ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে।

কোর্স ফি: ৩৫,২০০ টাকা।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://nini.edu.in

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ১৮ অক্টোবরের মধ্যে ডাকে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Principal, National Inland Navigation Institute, Gaighat, Patna-800007. অথবা ই-মেল করতে পারেন এই ঠিকানায়: info@nini.edu.in খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

দেশি ও বিদেশি ভাষা শিক্ষা

নিজস্ব প্রতিনিধি: মাতৃভাষা ছাড়াও এক বা একাধিক অন্য ভাষা জানা থাকলে দেশ ও আন্তর্জাতিক স্তরে কাজের সুযোগ অনেকটাই বেড়ে যায়। রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির বোস হাউস ক্যাম্পাস, অনলাইনে আগ্রহীদের হিন্দি ও ফরাসি ভাষা শেখাবে।

হিন্দি

ভারতের অন্যতম প্রধান সরকারি ভাষা হিন্দি। কিন্তু হিন্দি বলয়ের বাইরে রাজ্যগুলির অ-হিন্দি মাধ্যম স্কুলে সেভাবে হিন্দি পড়ানো হয় না। তাই অনেকেই হিন্দি বলতে পারলেও লিখতে বা পড়তে জানেন না। পর্যটন ক্ষেত্রে এবং অনুবাদক হিসেবে কাজ করতে চাইলে কমিউনিকেটিভ হিন্দি জানা থাকলে সুবিধা হবে।

কোর্সের নাম: কমিউনিকেটিভ হিন্দি।

বয়স: কোনও বাধানিষেধ নেই।

কোর্সের মেয়াদ: ৮ মাস।

কী শেখানো হবে: হিন্দি ভাষার অক্ষর, মাত্রা, বাক্য লেখা, ব্যাকরণ, অনুবাদ, রিডিং পড়া, উচ্চারণ, বলার অভ্যাস ইত্যাদি।

ফরাসি

পর্যটন ক্ষেত্র, হোটেল পরিষেবা, সংবাদ মাধ্যম, অনুবাদের কাজ, ব্যবসা ইত্যাদি নানা ক্ষেত্রে নিজের মাতৃভাষা ও ইংরেজির পাশাপাশি একটি বিদেশি ভাষা জানা থাকলে উন্নতির পথ প্রশস্ত হয়। জার্মানি, স্প্যানিশ, মান্দারিনের মতো ফরাসি ভাষা জানা থাকলেও বিভিন্ন ক্ষেত্রে কাজ পেতে সুবিধা হবে। স্বল্প মেয়াদে কমিউনিকেটিভ ফ্রেঞ্চ শেখার সুযোগ দিচ্ছে রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির বোস হাউস ক্যাম্পাস।

কোর্সের নাম: কমিউনিকেটিভ ফ্রেঞ্চ।

বয়স: কোনও বাধানিষেধ নেই।

কোর্সের মেয়াদ: ৮ মাস।

কী শেখানো হবে: ফরাসি ভাষা সম্পর্কে ধারণা, ব্যাকরণ, উচ্চারণ, লেখা ও বলা।

দু'টি ভাষার ক্ষেত্রেই দেড়ঘণ্টা করে মাসে ৩টি করে ক্লাস হবে। ক্লাস শুরু হবে জানুয়ারি থেকে। পুরুষ ও মহিলা, উভয়েই আবেদন করতে পারেন।

কোর্স ফি

কোর্স ফি প্রতিটির ক্ষেত্রে ৩,৫০০ টাকা (এর সঙ্গে জিএসটি যুক্ত হবে)। দু'টি কিস্তিতে ফি দেওয়া যাবে।

আবেদনের পদ্ধতি: অনলাইন আবেদন করা যাবে। বিশদ জানতে দেখুন প্রতিষ্ঠানের এই ওয়েবসাইট: https://rkmvmbosehouse.com

কৃত্রিম পরিবেশে কেশর চাষের প্রশিক্ষণ

নিজস্ব প্রতিনিধি: খাবার ছাড়াও প্রসাধনী ও ওষুধ তৈরিতে জাফরান বা কেশর ব্যবহার করা হয়। পৃথিবী জুড়ে এর চাহিদা অত্যন্ত বেশি। দামও আকাশছোঁয়া। ভারতে কেশরের অর্থকরী চাষ হয় কাশ্মীরের পাম্পোরে। এ ছাড়াও কয়েক বছর হল ভারতের কয়েকটি রাজ্যে কৃত্রিম পরিবেশ গড়ে তুলে সফল ভাবে কেশর চাষ করা হচ্ছে। এই রাজ্যগুলির অন্যতম পশ্চিমবঙ্গ।

এ রাজ্যের বেকার তরুণ-তরুণীদের উপার্জনের দিশা দেখাতে পারে কৃত্রিম উপায়ে কেশর চাষ। কৃত্রিম ভাবে কেশর চাষের জন্য জমি থাকার প্রয়োজন নেই। পরিকাঠামো তৈরি করা যায় ঘরে বা ছাদে। তাই শহর, গ্রাম, মফস্সলের যে-কোনও আগ্রহী ব্যক্তি কৃত্রিম উপায়ে কেশর চাষ করতে পারবেন।

ঠিক ভাবে চাষ করতে পারলে এর থেকে আয় হবে যথেষ্ট। তবে তার আগে কৃত্রিম উপায়ে কেশর চাষের প্রশিক্ষণ নেওয়া জরুরি।

কোথায় প্রশিক্ষণ

অক্টোবরে কৃত্রিম উপায়ে কেশর চাষের অফলাইন ও অনলাইন প্রশিক্ষণ দেবে উত্তরপ্রদেশের গ্রেটার নয়ডার ইনস্টিটিউট অব হর্টিকালচার টেকনোলজি। বয়সের কোনও বাধ্যবাধকতা নেই। মহিলা ও পুরুষ উভয়েই আবেদন করতে পারেন। হোস্টেলে থাকার ব্যবস্থা আছে। হোস্টেলে থাকা-খাওয়ার খরচ আলাদা।

কোর্সের নাম: স্যাফ্রন ফার্মিং।

কোর্সের মেয়াদ: অফলাইন: ১৪-১৬ অক্টোবর। প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টো পর্যন্ত ক্লাস। অনলাইন: ১৪-১৫ অক্টোবর। প্রতিদিন দুপুর আড়াইটে থেকে বিকেল সাড়ে ৫টা পর্যন্ত ক্লাস।

ফি: অফলাইন: ৯,৮৮০ টাকা। অনলাইন: ৫,৪০০ টাকা।

কী পড়বেন: কেশরের উন্নত ও আধুনিক চাষের পদ্ধতি, জল ও সারের যথাযথ প্রয়োগ, রোগ প্রতিরোধ করে ফসলের গুণগত মান বজায় রাখার পদ্ধতি ইত্যাদি।

পঠনপাঠনের মাধ্যম: উভয় ক্ষেত্রেই হিন্দি এবং ইংরেজি।

আসনসংখ্যা: অফলাইন ১৫টি ও অনলাইন ১০টি।

অনলাইন ও অফলাইন, দু'টি কোর্সের জন্যই অনলাইন আবেদন করতে হবে। আবেদনের পদ্ধতি ও অন্যান্য তথ্যের জন্য দেখুন প্রতিষ্ঠানের এই ওয়েবসাইট: https://iht.edu.in/view-courses/

JOB OPPORTUNITIES

In a Reputed Facility Management Company in Kolkata.

JOB	Experience
Security Guard	(1 yr)
Ward Attendant	(1yr)
House Keeper	(Fresher)
Service Boy	(1 yr)
Cook	(5 yrs)
Asst. Cook	(3 yrs)

Whatsapp your CV with one Recent Photograph at:
98306 76943
89100 20276
80176 79370

মনোরমা ইয়ারবুক ও কর্মক্ষেত্র

প্রতি মাসে ৫,০০০ টাকারও বেশি পুরস্কার জিতুন। নিচের ১২টি প্রশ্নের উত্তর খুঁজে বের করুন, কুপনটি পূরণ করুন আর পাঠিয়ে দিন এই ঠিকানায়—মালায়ালা মনোরমা, ৬, লেক টেম্পল রোড, কলকাতা - ৭০০০২৯, পশ্চিমবঙ্গ।

খামের উপর বড় বড় করে লিখুন 'মনোরমা ইয়ারবুক এক ডজন কুইজ'। যাঁদের সবকটি প্রশ্নের উত্তর সঠিক হবে তাঁদের মধ্যে থেকে পাঁচ জনকে লটারির ভিত্তিতে বেছে নিয়ে প্রত্যেককে ১,০০০ টাকা এবং আরও ১০ জনকে মনোরমা ইয়ারবুক ২০২৬ বইটি পুরস্কার দেওয়া হবে।*

দেরি করবেন না! এই বিজ্ঞাপন প্রকাশের দু'সপ্তাহের মধ্যে আপনার উত্তর আমাদের কাছে পৌঁছনো চাই। অধিকাংশ উত্তরই বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত জ্ঞানকোষ মনোরমা ইয়ারবুক ও কর্মক্ষেত্র-য় পাবেন।

এক ডজন কুইজ

1. ১৯৬১ সালের ১২ এপ্রিল সোভিয়েত ইউনিয়ন প্রথম মহাকাশে মানুষ পাঠায়। তাঁর নাম কী?
   A. নিল আর্মস্ট্রং B. ইউরি গ্যাগারিন C. ভ্যালেন্তিনা তেরেস্কোভা
2. ১৬৪৩ সালে ইতালীয় পদার্থবিদ ইভানগেলিস্তা তোরিচেলি জলের নল, পারদ, অ্যানারয়েড ব্যবহার করে এটি আবিষ্কার করেন। কোন যন্ত্র?
   A. লেজার B. ব্যারোমিটার C. থার্মোমিটার
3. ফার্সি ভাষায় টিউলিপ ফুলের অর্থ পাগড়ি। ভারতের প্রতিবেশী কোন দেশের জাতীয় ফুল এটি?
   A. শ্রীলঙ্কা B. পাকিস্তান C. আফগানিস্তান
4. গ্রেট নিকোবর আইল্যান্ডে ভারতের কয়েক হাজার কোটি ডলার ব্যয়ে উন্নয়ন যজ্ঞে সম্প্রতি আপত্তি জানিয়েছে রাষ্ট্রসংঘের একটি সংস্থা। কোন কারণে?
   A. পরিবেশ B. অরণ্য ধ্বংস C. স্থানীয় উপজাতিদের বাস্তুচ্যুত করা ও জীবন জীবিকা কেড়ে নেওয়া
5. স্বাধীন ভারতে বহুমুখি নদী পরিকল্পনার অংশ হীরাকুঁদ বাঁধটি কোন নদীর উপর নির্মিত?
   A. মহানদী B. কাবেরী C. কৃষ্ণা
6. তুলো ব্যবহারে তৈরি শাড়িটির বুনন কৌশলের উৎপত্তি বাংলায়। ইউনেস্কোর 'ইনট্যাঞ্জিবল কালচারাল হেরিটেজ' তালিকায় অন্তর্ভুক্ত। কোন শাড়ি?
   A. বালুচরী B. ঢাকাই C. জামদানি
7. ২০২৩ সালে কোন দেশের মহাকাশ যান প্রথম চাঁদের দক্ষিণ মেরুতে অবতরণ করে?
   A. আমেরিকা B. চীন C. ভারত
8. ভ্যাটিকানের সেনাবাহিনীর নাম কী?
   A. ভ্যাটিকান আর্মি B. সুইস গার্ড C. পোপ'স আর্মি
9. আমেরিকা, সোভিয়েত, চীনের পর কোন দেশের মহাকাশ যান চাঁদে অবতরণ করে?
   A. জাপান B. ইউরোপিয়ান ইউনিয়ন C. ভারত
10. ইউরোপে অবস্থিত বিশ্বের একমাত্র কোন নদী ১০টি দেশের (জার্মানি, অস্ট্রিয়া, স্লোভাকিয়া, হাঙ্গেরি, ক্রোয়েশিয়া, সার্বিয়া, রোমানিয়া, বুলগেরিয়া, মলদোভা ও ইউক্রেন) মধ্য দিয়ে বা সীমান্ত ছুঁয়ে বহমান?
    A. দানিয়ুব B. ভোলগা C. রাইন
11. 'রাজাও আইনের উর্ধ্বে নন'— এই মর্মে 'ম্যাগনা কার্টা' কোথায় স্বাক্ষরিত হয়েছিল?
    A. উইন্ডসর কাসল B. রানিমিড C. ওয়েস্টমিনস্টার অ্যাবে
12. কোন ধাতব পদার্থের (সংকর নয়) গলনাঙ্ক সর্বোচ্চ (৩,৪২২° সে)?
    A. লোহা B. টাইটেনিয়াম C. টাংস্টেন

উত্তর

সঠিক উত্তরটির পাশের বাক্সে X চিহ্ন দিন

1.	A☐	B☐	C☐
2.	A☐	B☐	C☐
3.	A☐	B☐	C☐
4.	A☐	B☐	C☐
5.	A☐	B☐	C☐
6.	A☐	B☐	C☐
7.	A☐	B☐	C☐
8.	A☐	B☐	C☐
9.	A☐	B☐	C☐
10.	A☐	B☐	C☐
11.	A☐	B☐	C☐
12.	A☐	B☐	C☐

মনোরমা ইয়ারবুক কর্মক্ষেত্র এক ডজন কুইজ

Name: ....

Address: ....

....

....

....

Pin Code: ....

Ph./Mob. No.: ....

সেপ্টেম্বর, ২০২৬

* উপরের কুপনটি ছাড়া অন্য কোনোভাবে উত্তর পাঠালে তা গৃহীত হবে না। চূড়ান্ত সিদ্ধান্ত মনোরমা ইয়ারবুকের।

সরকারি প্রতিষ্ঠানে খাদ্য সুরক্ষার প্রশিক্ষণ

নিজস্ব প্রতিনিধি: খাদ্য সুরক্ষা বিষয়ক ৫ দিনের সার্টিফিকেট কোর্সে প্রশিক্ষণ দেবে অ্যাকাডেমি অব অ্যানিম্যাল রিসোর্সেস ম্যানেজমেন্ট। এটি পশ্চিমবঙ্গ প্রাণিসম্পদ উন্নয়ন নিগমের প্রশিক্ষণ কেন্দ্র। মৌলানা আবুল কালাম আজাদ প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যৌথ উদ্যোগে প্রশিক্ষণ দেওয়া হবে ২ নভেম্বর থেকে ৬ নভেম্বর। আগে আবেদন করলে আগে সুযোগের ভিত্তিতে ভর্তি নেওয়া হবে। এখনই আবেদন করা যাচ্ছে।

অন্তত উচ্চ মাধ্যমিক পাশ হলে প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করা যাবে। বয়সের কোনও বাধানিষেধ নেই। প্রার্থীকে পশ্চিমবঙ্গ নিবাসী ভারতীয় নাগরিক হতে হবে।

এটি আবাসিক প্রশিক্ষণ। প্রতিষ্ঠানের হোস্টেলে থেকে প্রশিক্ষণ নিতে হবে। থাকা-খাওয়া ও প্রশিক্ষণ বাবদ ফি ৪,৩৯০ টাকা।

প্রশিক্ষণে খাদ্য সুরক্ষার প্রয়োজনীয়তা, খাদ্যে ক্ষতিকর জীবাণুর প্রভাব, স্বাস্থ্যসম্মত খাদ্য উৎপাদনের প্রক্রিয়া, খাদ্য তৈরিতে প্রযোজ্য পরিচ্ছন্নতা বিধি, খাদ্যজনিত রোগের প্রভাব, খাদ্যের রক্ষণাবেক্ষণ ও তাপমাত্রা নিয়ন্ত্রণ, খাদ্য পরীক্ষার রীতিনীতি, জনস্বাস্থ্য রক্ষায় সুখাদ্যের ভূমিকা-সহ সুরক্ষার আরও নানা দিক আলোচনা করা হবে।

আবেদন করা যাবে ২৬ অক্টোবর পর্যন্ত। ফি জমা দিতে হবে ২৮ অক্টোবরের মধ্যে। আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://wbldc.in ওয়েবসাইটের 'AARM' পেজে কোর্সের ঘরে যথাক্রমে 'Farm Entrepreneurship' ও 'Food safety' টাইপ করলে পূরণযোগ্য ফর্মটি পাবেন।

প্রতিষ্ঠানের ঠিকানা: অ্যাকাডেমি অব অ্যানিম্যাল রিসোর্সেস ম্যানেজমেন্ট, বড়জাগুলি, হরিণঘাটা, নদিয়া। প্রয়োজনে ফোনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৮৯৪২৮-২৩৭১২, ৮৩২৭৬-৮৮৯৬৫, ৬২৯২৩-৪০৬৪১। ই-মেল: aarmtraining@gmail.com

ফার্মাসিউটিক্যালস অ্যান্ড মেডিক্যাল ডিভাইসেস ব্যুরোয় ১৩৪

প্রথম পাতার পর

এম ফার্মা থাকলে অগ্রাধিকার। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ২৮ বছরের মধ্যে হতে হবে। বেতন: নির্দিষ্ট মাসিক ৩২,৫০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা। চুক্তির মেয়াদ: ৩ বছর।

সিনিয়র এক্সিকিউটিভ (প্রোকিওরমেন্ট): ৪টি। **শিক্ষাগত যোগ্যতা:** বি ফার্মা। এমবিএ (বি ফার্মা) বা এম ফার্মা বা মেটিরিয়াল বা সাপ্লাই চেন ম্যানেজমেন্টে সার্টিফিকেট কোর্স করা থাকলে অগ্রাধিকার। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ৩৮,০০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা। **চুক্তির মেয়াদ:** ৩ বছর।

অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (কোয়ালিটি): ৯টি। **শিক্ষাগত যোগ্যতা:** ফার্মাসিউটিক্যাল কোয়ালিটি অ্যাশিওরেন্সে বি ফার্মা। এম ফার্মা বা ফার্মাসিউটিক্যাল কন্ট্রোলে অ্যাডিশনাল সার্টিফিকেট বা ডিপ্লোমা বা কোয়ালিটি ম্যানেজমেন্ট সিস্টেম কোর্স করা থাকলে অগ্রাধিকার। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্তত ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ৩৩ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ৫৩,০০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা। **চুক্তির মেয়াদ:** ৩ বছর।

সিনিয়র এক্সিকিউটিভ (কোয়ালিটি): ৩৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** বি ফার্মা। এম ফার্মা থাকলে অগ্রাধিকার। সেই সঙ্গে ফার্মা সেক্টরে কোয়ালিটি কন্ট্রোল বা কোয়ালিটি অ্যাশিওরেন্স বা কোয়ালিটি রেগুলেটরিতে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ৩৮,০০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা। **চুক্তির মেয়াদ:** ৩ বছর।

সিনিয়র এক্সিকিউটিভ (লজিস্টিক্স অ্যান্ড সাপ্লাই চেন): ৮টি। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক। বিসিএ বা এমসিএ বা এম টেক বা কম্পিউটার সায়েন্সে এম এসসি ডিগ্রি থাকলে অগ্রাধিকার। সেই সঙ্গে কোনও ফার্মাসিউটিক্যাল সংস্থায় লজিস্টিক্স অ্যান্ড সাপ্লাই চেন বিভাগে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ৩৮,০০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা। **চুক্তির মেয়াদ:** ৩ বছর।

সিনিয়র এক্সিকিউটিভ (ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টস): ৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** অনার্স-সহ বি কম। এমবিএ (ফিনান্স) বা এম কম বা সিএ (ইন্টার) বা আইসিডব্লুএআই (ইন্টার) পাশ হলে অগ্রাধিকার। সেই সঙ্গে কোনও স্বীকৃত সংস্থায় সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ৩৮,০০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা। **চুক্তির মেয়াদ:** ৩ বছর।

এক্সিকিউটিভ (ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টস): ৭টি। **শিক্ষাগত যোগ্যতা:** বি কম। এমবিএ (ফিনান্স) বা এম কম বা সিএ (ইন্টার) বা আইসিডব্লুএআই (ইন্টার) পাশ হলে অগ্রাধিকার। সেই সঙ্গে কোনও স্বীকৃত সংস্থায় সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ২৮ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ৩২,৫০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা। **চুক্তির মেয়াদ:** ৩ বছর।

অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (আইটি অ্যান্ড এমআইএস): ৪টি। **শিক্ষাগত যোগ্যতা:** কম্পিউটার সায়েন্সে বি টেক বা এম টেক। অথবা এমসিএ। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্তত ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ৩৩ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ৫৩,০০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা। **চুক্তির মেয়াদ:** ৩ বছর।

প্রাথমিক ভাবে শিক্ষা ক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে নির্বাচিত করা হবে। দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.pmbi.co.in পূরণ করবেন যথাযথ ভাবে। ফি বাবদ দিতে হবে ১০০ টাকার ডিমান্ড ড্রাফ্‌ট। এটি 'Pharmaceuticals & Medical Devices Bureau of India (PMBI)'-এর অনুকূলে প্রদেয় হতে হবে। প্রয়োজনীয় নথিপত্র-সহ যথাযথ ভাবে পূরণ করা দরখাস্ত ১৫ অক্টোবরের মধ্যে ডাকে বা ক্যুরিয়ারের মাধ্যমে পৌঁছতে হবে এই ঠিকানায়: CEO, PMBI at B-500, Tower B, 5th Floor, World Trade Centre, Nauroji Nagar, New Delhi-110029.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

নেভিতে খেলোয়াড়

বেশ কিছু খেলোয়াড় নেবে ভারতীয় নৌবাহিনী। ট্রেনিং দিয়ে সেলর র‍্যাঙ্কে নিয়োগ করা হবে পেটি অফিসার/চিফ পেটি অফিসার এন্ট্রিতে। ট্রেনিং হবে ০২/২০২৬ ব্যাচে। শুধুমাত্র অবিবাহিতরা আবেদন করবেন।

পুরুষ প্রার্থী নিয়োগ করা হবে এই সব ক্রীড়াক্ষেত্র থেকে: অ্যাথলেটিক্স, অ্যাকোয়াটিক্স, আর্টিস্টিক জিমন্যাস্টিক্স, বাস্কেটবল, বক্সিং, ক্রিকেট, ইক্যুয়েস্ট্রিয়ান, ফুটবল, ফেন্সিং (ফয়েল), গল্ফ, হ্যান্ডবল, হকি, কবাডি, কায়াকিং অ্যান্ড কানোয়িং, রোয়িং, সেলিং, শুটিং, স্কোয়াশ, টেনিস, ভলিবল, ওয়েটলিফটিং, রেসলিং।

মহিলা প্রার্থী নিয়োগ করা হবে এই সব ক্রীড়াক্ষেত্র থেকে: অ্যাথলেটিক্স, অ্যাকোয়াটিক্স, কায়াকিং অ্যান্ড কানোয়িং, রোয়িং, সেলিং।

শিক্ষাগত যোগ্যতা: ডাইরেক্ট এন্ট্রি পেটি অফিসার/চিফ পেটি অফিসার: যে-কোনও শাখায় উচ্চ মাধ্যমিক।

খেলাধুলার যোগ্যতা: ডাইরেক্ট এন্ট্রি পেটি অফিসার: দলগত ইভেন্টে জুনিয়র বা সিনিয়র লেভেলে আন্তর্জাতিক স্তরে দেশের বা জাতীয় স্তরে রাজ্যের প্রতিনিধিত্ব করে থাকতে হবে। ব্যক্তিগত ইভেন্টে জুনিয়র বা সিনিয়র লেভেলে আন্তর্জাতিক বা জাতীয় প্রতিযোগিতা অথবা খেলো ইন্ডিয়া গেমস এবং ইয়ুথ গেমসে পদক জিতে থাকতে হবে।

ডাইরেক্ট এন্ট্রি চিফ পেটি অফিসার: ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপ বা এশিয়ান চ্যাম্পিয়নশিপ বা এশিয়ান গেমস বা কমনওয়েলথ গেমস বা বিশ্বকাপে পদক জিতে থাকতে হবে। অথবা এশিয়ান গেমস বা কমনওয়েলথ গেমস বা বিশ্বকাপে অন্তত দু' বার ভারতের প্রতিনিধিত্ব করে থাকতে হবে। অথবা অলিম্পিক্সে ভারতের প্রতিনিধিত্ব করে থাকতে হবে।

বয়স: কোর্স শুরুর দিনে সাড়ে ১৭ থেকে ২৫ বছরের মধ্যে। জন্মতারিখ হতে হবে ১-৯-২০০১ থেকে ২৮-২-২০০৯-এর মধ্যে।

দৈহিক মাপজোক: উচ্চতা: পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে ১৫৭ সেমি এবং মহিলা প্রার্থীদের ক্ষেত্রে ১৫২ সেমি।

দৃষ্টিশক্তি: চশমা ছাড়া উভয় চোখে ৬/১২, চশমা-সহ উভয় চোখে ৬/৬। প্রার্থীকে শারীরিক ভাবে সুস্থ হতে হবে। শিরাস্ফীতি, চ্যাটালো পায়ের পাতা, তির্যক চাউনি থাকলে চলবে না। বর্ণান্ধতা বা রাতকানা অসুখ থাকলে চলবে না।

খেলাধুলার যোগ্যতার ভিত্তিতে প্রাথমিক তালিকা প্রস্তুত করা হবে। তালিকাভুক্ত প্রার্থীদের ট্রায়ালের জন্য ডাকা হবে মুম্বই বা দিল্লিতে। ট্রেনিং হবে আইএনএস চিলিকায়।

ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড বাবদ পাওয়া যাবে নির্দিষ্ট মাসিক ১৪,৬০০ টাকা। সফল ট্রেনিং শেষে বেতনক্রম ডাইরেক্ট এন্ট্রি পেটি অফিসার পদের ক্ষেত্রে পে লেভেল-৫ অনুসারে এবং চিফ পেটি অফিসার পদের ক্ষেত্রে পে লেভেল-৬ অনুসারে। মিলিটারি সার্ভিস পে বাবদ পাওয়া যাবে ৫,২০০ টাকা। সেই সঙ্গে ডিএ।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.joinindiannavy.gov.in

দরখাস্ত ভরা খয়েরি রঙের খামের উপর পদের নাম, বিজ্ঞপ্তি নম্বর, ক্রীড়াক্ষেত্রের নাম এবং কোন স্তরের প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছেন, লিখে দেবেন (যেমন- 'Direct Entry Petty Officer/Chief Petty Officer-02/2026 KABBADI-NATIONAL LEVEL')

যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র-সহ যথাযথ ভাবে পূরণ করা দরখাস্ত সাধারণ ডাকে ১৫ অক্টোবরের মধ্যে পৌঁছনো চাই এই ঠিকানায়: THE SECRETARY, INDIAN NAVY SPORTS CONTROL BOARD, NAVAL HEADQUARTERS, MINISTRY OF DEFENCE, NAUSENA BHAWAN, ROOM NO. W-016, DELHI CANTT., NEW DELHI-110 010.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

রেলে ৫৮৬ স্বাস্থ্যকর্মী

প্রথম পাতার পর

ইনস্পেক্টর ট্রেডে ১ বছর মেয়াদের ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট। বয়স: ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে হতে হবে। মেডিক্যাল স্ট্যান্ডার্ড: সি-১। শুরুতে বেতন: ৩৫,৪০০ টাকা।

ফার্মাসিস্ট (এন্ট্রি গ্রেড): ১১৮টি। শিক্ষাগত যোগ্যতা: ফার্মাসিতে (অ্যালোপ্যাথিক) স্নাতক। সেই সঙ্গে ফার্মাসিস্ট হিসেবে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে। বয়স: ২০ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। মেডিক্যাল স্ট্যান্ডার্ড: সি-২। শুরুতে বেতন: ২৯,২০০ টাকা।

রেডিয়োগ্রাফার এক্স-রে টেকনিশিয়ান: ২৫টি। শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স ও কেমিস্ট্রি-সহ বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক। বি এসসি পাশ প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। সেই সঙ্গে রেডিয়োগ্রাফি বা এক্স-রে টেকনিশিয়ান বা রেডিয়োডায়াগনসিস টেকনোলজিতে ২ বছর মেয়াদের ডিপ্লোমা। বয়স: ১৯ থেকে ৩৩ বছরের মধ্যে হতে হবে। মেডিক্যাল স্ট্যান্ডার্ড: বি-১। শুরুতে বেতন: ২৯,২০০ টাকা।

ইসিজি টেকনিশিয়ান: ৪টি। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক বা স্নাতক। সেই সঙ্গে ইসিজি ল্যাবরেটরি টেকনোলজি বা কার্ডিওলজি বা কার্ডিওলজি টেকনিশিয়ান বা কার্ডিওলজি টেকনিক্সে সার্টিফিকেট বা ডিপ্লোমা বা ডিগ্রি। বয়স: ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে হতে হবে। মেডিক্যাল স্ট্যান্ডার্ড: সি-১। শুরুতে বেতন: ২৫,৫০০ টাকা।

ল্যাব অ্যাসিস্ট্যান্ট গ্রেড-টু: ৩১টি। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক। সেই সঙ্গে মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিতে ডিপ্লোমা বা ১ বছর মেয়াদের সার্টিফিকেট কোর্স পাশ। বয়স: ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে হতে হবে। মেডিক্যাল স্ট্যান্ডার্ড: বি-১। শুরুতে বেতন: ২১,৭০০ টাকা।

১-১-২০২৭ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বিধবা, ডিভোর্সি, আইনত স্বামীবিচ্ছিন্নারা পুনরায় বিবাহ করে না থাকলে ৩৫ বছর পর্যন্ত বয়স গ্রাহ্য হবে।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে জেনারেল অ্যাওয়্যারনেস (১০ নম্বর), জেনারেল অ্যারিথমেটিক, জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং (১০ নম্বর), জেনারেল সায়েন্স (১০ নম্বর) এবং সংশ্লিষ্ট বিষয়ে (৭০ নম্বর)। সময় দেড় ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে সংশ্লিষ্ট আরআরবি-র ওয়েবসাইটের মাধ্যমে। পশ্চিমবঙ্গের আরআরবি-র ওয়েবসাইটগুলি হল: www. rrbkolkata.gov.in, www.rrbsiliguri.gov.in, www.rrbmalda.gov.in দরখাস্ত করা যাবে ১৪ অক্টোবর পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর লাইভ ফটো, সই (জেপিজি ফর্ম্যাটে ৩০-৪৯ কেবি সাইজের মধ্যে) ও প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট সার্টিফিকেট (পিডিএফ ফর্ম্যাটে ৪০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (মহিলা, তফসিলি, ট্রান্সজেন্ডার, আর্থিক ভাবে অনগ্রসর, দৈহিক প্রতিবন্ধী, সংখ্যালঘু ও প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ২৫০ টাকা)। ফি জমা দেওয়ার শেষ তারিখ ১৬ অক্টোবর। অনলাইন পদ্ধতিতে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে। কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় অংশ নিলে ব্যাঙ্ক চার্জ বাদ দিয়ে যথাক্রমে ৪০০ টাকা এবং ২৫০ টাকা ফেরত পাওয়া যাবে।

ফি-র বিনিময়ে দরখাস্ত সংশোধন করা যাবে ১৭ থেকে ২৬ অক্টোবর।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় ১৩৯ স্পেশ্যালিস্ট অফিসার

প্রথম পাতার পর

বর্ধিত হওয়ায় সংবাদটি পুনর্মুদ্রিত হল।

শূন্যপদের বিন্যাস: ম্যানেজার: ফুল-স্ট্যাক ইঞ্জিনিয়ারিং: ১৮টি। বিআরই/এলওএস/ ডিসিশনিং ইঞ্জিনিয়ারিং: ৪টি। ডিজিটাল প্ল্যাটফর্মস: ৫টি। অ্যাপ্লিকেশনস সাপোর্ট অ্যান্ড অপারেশনস: ১১টি। ইনফ্রাস্ট্রাকচার অপারেশনস: ১২টি। আইটি সিস্টেম অ্যাডমিনিস্ট্রেটর: ২টি। পারফর্ম্যান্স টেস্টিং: ২টি। অটোমেশন টেস্টিং: ৩টি। আইটি প্রোকিওরমেন্ট স্পেশ্যালিস্ট: ৪টি। আইটি প্রোজেক্ট ম্যানেজার: ৩টি। বিজনেস অ্যানালিসিস: ২টি। ডেটা অ্যানালিটিক্স: ৫টি। ডেভেলপমেন্ট সিকিউরিটি অ্যান্ড অপারেশনস ইঞ্জিনিয়ারিং: ৩টি। ইউআই/ইউএক্স ডিজাইন: ২টি। ইমার্জিং টেকনোলজি অ্যান্ড ইনোভেশন: ২টি। সলিউশন অ্যান্ড টেকনোলজি আর্কিটেকচার: ২টি। আইটি (সিআইএসএ/ সিআইএসএম/ সিআইএসএসপি): ৭টি। শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজিতে বিই বা বিটেক বা এম এসসি। বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশনে বিই বা বিটেক। এমসিএ পাশ প্রার্থীরাও আবেদন করতে পারেন। আইটি (সিআইএসএ/ সিআইএসএম/সি আইএসএসপি)-র ক্ষেত্রে সংশ্লিষ্ট কাজে ২ বছর এবং বাকি সব ক্ষেত্রে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

বয়স: ২৫ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

ইনফর্মেশন সিকিউরিটি: ৮টি। শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজি বা ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে বিই বা বিটেক বা এম টেক। অথবা ইনফর্মেশন টেকনোলজি বা ইনফর্মেশন সিকিউরিটি বা সাইবার সিকিউরিটিতে স্পেশ্যালাইজেশন-সহ স্নাতকোত্তর ডিগ্রি কোর্স পাশ। এমসিএ পাশ প্রার্থীরাও আবেদন করতে পারেন। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে অন্তত ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

বয়স: ২৫ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে।

সিকিউরিটি অফিসার: ১০টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে কম্পিউটারের (অন্যতম বিষয় হিসেবে আইটি-সহ) অন্তত ৩ মাসের সার্টিফিকেট কোর্স পাশ। অথবা স্নাতক বা উচ্চতর স্তরে অন্যতম বিষয় হিসেবে ইনফর্মেশন টেকনোলজি পড়ে থাকতে হবে। এর পাশাপাশি আর্মি বা নেভি বা এয়ারফোর্সে কমিশন্ড অফিসার পদে, অথবা পুলিশ ফোর্সে অন্তত ডেপুটি সুপারিন্টেন্ডেন্ট পদে, অথবা প্যারামিলিটারি ফোর্সে অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট বা সমতুল পদে অন্তত ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ২৫ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

ল অফিসার: ১০টি। শিক্ষাগত যোগ্যতা: আইনে স্নাতক, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ২৫ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে।

অফিসার স্কেল-ওয়ান: ফুল স্ট্যাক ইঞ্জিনিয়ারিং: ৬টি। অ্যাপ্লিকেশনস সাপোর্ট অ্যান্ড অপারেশনস: ৪টি। ডেটা অ্যানালিটিক্স: ২টি। কোয়ালিটি অ্যাশিওরেন্স অ্যান্ড টেস্ট ইঞ্জিনিয়ারিং: ২টি। শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজিতে বিই বা বিটেক বা এম এসসি। বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশনে বিই বা বিটেক। এমসিএ পাশ প্রার্থীরাও আবেদন করতে পারেন। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে।

সিভিল ইঞ্জিনিয়ার-স্কেল ওয়ান: ১০টি। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে বিই বা বিটেক। সংশ্লিষ্ট কাজে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ২৫ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে।

নিয়মানুসারে তফসিলি, ওবিসি, প্রতিবন্ধী এবং আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে।

সব পদের ক্ষেত্রেই ১-৮-২০২৬ তারিখে নির্দিষ্ট বয়স থাকতে হবে।

তফসিলিরা ৫, ওবিসিরা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সে ছাড় পাবেন।

বেতনক্রম: ম্যানেজার স্কেল-টু, সিকিউরিটি অফিসার এবং ল অফিসার পদের ক্ষেত্রে ৬৪,৮২০-৯৩,৯৬০ টাকা, অফিসার স্কেল-ওয়ান পদের ক্ষেত্রে ৪৮,৪৮০-৮৫,৯২০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। অনলাইন পরীক্ষায় প্রশ্ন হবে ইংলিশ ল্যাঙ্গুয়েজ (২৫ নম্বর) ও সংশ্লিষ্ট বিষয়ে (১০০ নম্বর)। নেগেটিভ মার্কিং আছে। মোট সময়সীমা ১ ঘণ্টা ৪০ মিনিট। এ রাজ্যের পরীক্ষাকেন্দ্রগুলি হল কলকাতা, আসানসোল ও হাওড়া।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bankofindia.bank.in প্রার্থীর চালু ই-মেল আইডি এবং মোবাইল নম্বর থাকতে হবে। দরখাস্ত করা যাবে ৫ অক্টোবর (পূর্বে ২৫ সেপ্টেম্বর ছিল) পর্যন্ত।

দরখাস্তের সময় স্ক্যান করে আপলোড করতে হবে— প্রার্থীর রঙিন ফটো, সই, বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ ও নির্দিষ্ট বয়ানে লেখা ডিক্লারেশন। দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন।

দরখাস্তের ফি বাবদ অনলাইন দিতে হবে ১,১৮০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১৭৫ টাকা)। পেমেন্ট গেটওয়ে চার্জ অতিরিক্ত। ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পর রিসিট-সহ পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

জলে-জমিতে কর্মক্ষেত্র

উচ্চ মূল্যের ফল স্ট্রবেরির চাষ

পশ্চিমবঙ্গের বাজারেও ইদানীং স্ট্রবেরি বিক্রি হতে দেখা যাচ্ছে এবং এর চাহিদাও আছে। স্ট্রবেরি বেশ দামি ফল। লাভজনক বলেই এ রাজ্যেও স্ট্রবেরির চাষ বাড়ছে। তবে বিশেষ ধরনের জলবায়ু এবং আর্দ্রতাই এ চাষের পক্ষে সহায়ক। স্ট্রবেরি চাষের সেই সব খুঁটিনাটি তথ্যই জানাচ্ছেন পশ্চিমবঙ্গ সরকারের অবসরপ্রাপ্ত যুগ্ম কৃষিঅধিকর্তা সৌমেন্দ্রনাথ দাস।

স্ট্রবেরি দামি ফল। বর্তমানে ভারতে অত্যন্ত লাভজনক ফসল হিসেবে বিবেচিত হচ্ছে স্ট্রবেরি। দেশের বাজারে এর যথেষ্ট চাহিদা রয়েছে। পশ্চিমবঙ্গেও দ্রুত হারে স্ট্রবেরি চাষের এলাকা প্রসারিত হচ্ছে। তবে স্ট্রবেরি চাষে সর্বাধিক অগ্রণী রাজ্য মহারাষ্ট্র। দেশের প্রায় ৮৫ শতাংশ স্ট্রবেরি একা উৎপাদন করে এই রাজ্য। পশ্চিমবঙ্গে বর্তমানে ৩৫-৪০ হেক্টর জমিতে স্ট্রবেরির চাষ হয়। বাৎসরিক উৎপাদন প্রায় ২৫০ মেট্রিক টন। স্ট্রবেরি চাষের এলাকা মূলত কালিম্পং, শিলিগুড়ি, নদিয়া, মুর্শিদাবাদ এবং উত্তর চব্বিশ পরগনা।

পুষ্টিগুণ

পুষ্টিগুণের নিরিখে স্ট্রবেরির গুরুত্ব নেহাত কম নয়। প্রতি ১০০ গ্রাম টাটকা পাকা স্ট্রবেরির মধ্যে মজুত রয়েছে ৭.৬৮ গ্রাম কার্বোহাইড্রেট, ০.৬৭ গ্রাম প্রোটিন, ০.৩ গ্রাম ফ্যাট, ২ গ্রাম ফাইবার, ৫৮.৮ মিলিগ্রাম ভিটামিন-'সি', ১৫৩ মিলিগ্রাম পটাশিয়াম, ১৬ মিলিগ্রাম ক্যালশিয়াম, ০.৪২ মিলিগ্রাম আয়রন এবং ২৪ মিলিগ্রাম ফসফরাস। এছাড়াও আছে প্রচুর পরিমাণে অ্যান্টি-অক্সিড্যান্ট।

ভেষজগুণ

পুষ্টিগুণ ছাড়াও এই ফলের স্বাস্থ্য সহায়ক গুণাবলিও আছে। নিয়মিত স্ট্রবেরি খাওয়ার সুবাদে উচ্চ রক্তচাপ, হৃদরোগ এবং ডায়াবেটিসের সমস্যা নিয়ন্ত্রণে আসে। এ ছাড়াও শরীরের ব্যথা-যন্ত্রণা এবং হাড়ের দুর্বলতায় সুফল মেলে। ভিটামিন-'সি' থাকায় দেহের রোগ প্রতিরোধ ক্ষমতাও বৃদ্ধি পায়।

জলবায়ু

স্ট্রবেরি গাছের দেহজ বৃদ্ধির জন্য নাতিশীতোষ্ণ এবং ফুলের মুকুল উৎপাদনের জন্য শীতকালীন আবহাওয়ার দরকার হয়। দিনের বেলার তাপমাত্রা ১৫-২৮ ডিগ্রি সেলসিয়াস আদর্শ। বাতাসের আপেক্ষিক আর্দ্রতার পরিমাণ হতে হবে ৬০-৭৫ শতাংশ। রাতের তাপমাত্রা হতে হবে ৭-১৩ ডিগ্রি সেন্টিগ্রেড।

মাটি

সুনিকাশী ব্যবস্থাযুক্ত বেলে-দোঁয়াশ এবং জৈবপদার্থ সমৃদ্ধ লালমাটি স্ট্রবেরি চাষের জন্য উপযুক্ত। মাটির পিএইচের (ক্ষারম্লমান) মাত্রা হতে হবে ৫.৫-৬.৫।

জাত

ভারতে চাষের উপযোগী স্ট্রবেরির উন্নত জাতগুলি হল ফরচুনা, ফ্লোরিডা পার্ল, বিউটি, সেনসেশন, ফ্লোরিডা ৯০ এবং ফেলিসিটি।

বংশবিস্তার

বাণিজ্যিক চাষের জন্য স্ট্রবেরির চারা তৈরির পদ্ধতি হল রানার বা ধাবক। ৩-৪ বছর বয়সের মা-গাছ থেকে রানার সংগ্রহ করা উচিত। প্রত্যেকটি মা-গাছ থেকে ৩০-৩৫টি রানার পাওয়া যায়।

চারা রোপণ

স্ট্রবেরি চাষের জন্য রানার বসানোর উপযুক্ত সময় সমতলভূমির জন্য অক্টোবর-নভেম্বর এবং পাহাড়ি এলাকার জন্য অগস্ট-সেপ্টেম্বর মাস। ভালো মতো শিকড় উৎপন্ন হওয়া এবং রোগমুক্ত সবল তৈরি চারা বীজতলা থেকে তুলে নেওয়ার পর, তৈরি করে নেওয়া মূল জমিতে বসাতে হবে। চারার শিকড় বসানোর আগে ধুয়ে নিতে হবে। চারা বসানোর সময় এক গাছ থেকে অন্য গাছের দূরত্ব রাখতে হবে ৩০-৪৫ সেন্টিমিটার। ১৫-২০ সেন্টিমিটার উঁচু বেড তৈরি করে স্ট্রবেরির চাষ করতে হবে।

জমি তৈরি

গভীর ভাবে লাঙলের সাহায্যে জমির মাটি চাষ দিয়ে নিতে হবে। জমি থেকে আগাছা, প্লাস্টিকের টুকরো এবং পাথরকণা তুলে ফেলতে হবে। বড় মাপের মাটির ডেলা ভেঙে দিতে হবে। দরকার হলে ক্লোরোপিকরিন এবং মিথাইল ব্রোমাইড জমির মাটিতে প্রয়োগ করে মাটি শোধন করে নেওয়া যেতে পারে।

সার প্রয়োগ

স্ট্রবেরি গাছের পর্যাপ্ত পরিমাণ খাবার দরকার হয়। জমি তৈরি করার সময় প্রতি বিঘা জমিতে মূল সার হিসেবে ১৩ কেজি নাইট্রোজেন, ১০ কেজি ফসফরাস এবং ২০ কেজি পটাশ প্রয়োগ করতে হবে। চারা বসানোর ১৫ দিন

পর চাপান হিসেবে ১৩ কেজি নাইট্রোজেন এবং ৩০-৪০ দিন পরে আরও ১৩ কেজি নাইট্রোজেন প্রয়োগ করেই জলসেচ দিতে হবে।

জলসেচ

চারা বসানোর পর প্রথম বছর সপ্তাহে একবার সেচ দিতে হবে ২.৫ সেন্টিমিটার গভীরতা পরিমাণ, যাতে গাছের বৃদ্ধি ও শিকড় উৎপাদন ঠিকমতো হয়। গ্রীষ্মকালে ৫-৭ দিন এবং শরৎকালে ১০-১৫ দিন অন্তর সেচ প্রয়োগ করতে হবে।

মালচিং

স্ট্রবেরি চাষের জমির উপরিভাগ পলিথিন চাদর দিয়ে ঢেকে দিলে আগাছার উপদ্রব কমবে। মাটির রস ধরা থাকবে এবং শীতের আঘাত থেকে গাছ রক্ষা পাবে। গাছের পাতা, ঘাস অথবা খড় দিয়েও জমি ঢাকা যেতে পারে।

ফল তোলা

পরিণত স্ট্রবেরি ফলের উপরিভাগের অর্ধেক অথবা তিন-চতুর্থাংশ জায়গা লাল রং ধারণ করলে তবেই ফল তুলতে হবে। সমতলে ফেব্রুয়ারি মাস থেকে ফল পাকতে শুরু করে। প্রতি এক থেকে দু' দিন অন্তর সকালে প্লাস্টিকের ট্রে অথবা ঝুড়ি ব্যবহার করে ফল তুলতে হবে। বোঁটা সমেত ফলকে অক্ষত রেখে তবেই ফল তুলতে হবে। দিনের বেলার গরমের হাত থেকে ফলগুলিকে বাঁচিয়ে রাখতে হবে। ফল সংগ্রহের সময় যাতে ফল থেঁতলে না যায় বা ক্ষত না হয় সেদিকে নজর দিতে হবে।

ফলন

বছরে স্ট্রবেরি গাছ প্রতি গড় ফলন হয় ২৫০-৫০০ গ্রাম। বিঘা প্রতি বছরে গড়ে ৭৫০-৮৫০ কেজি ফলন পাওয়া যাবে।

ফসলের সুরক্ষা

১) গ্রেমোল্ড রোগ: ছত্রাক ঘটিত এই রোগের জন্য ফুল, ফল এবং ফলের বোঁটাও আক্রান্ত হয়। সবুজ এবং পাকা ফলের উপরিভাগ বাদামি রং ধারণ করে পচে যায়। ঠান্ডা আবহাওয়া এবং বাতাসের উচ্চ মাত্রার আর্দ্রতা এই রোগের জন্য অনুকূল। আক্রমণের শুরুতে ছত্রাকনাশ সাফ প্রতি লিটার জলে ২ গ্রাম হিসেবে মিশিয়ে ৭ দিন অন্তর দু' বার স্প্রে করতে হবে। আক্রান্ত গাছ জমি থেকে তুলে পুড়িয়ে ফেলতে হবে।

২) পাউডার মিলডিউ: ছত্রাক ঘটিত এই রোগের আক্রমণে সাদা পাউডারের মত আস্তরণ পড়া শুরু হয় আক্রান্ত গাছের পাতার নীচে। পাতার কিনারা বরাবর উপর দিকে কুঁকড়ে যায় এবং পাতার নীচের দিকে গোলাপি-লাল দাগ দেখতে পাওয়া যায়। ফুলগুলি আক্রান্ত হলে উৎপন্ন ফলের আকারেরও বিকৃতি ঘটে। আক্রান্ত গাছে ফল উৎপাদন ব্যাহত হয়। রোগের শুরুতেই সালফার ঘটিত ছত্রাকনাশক গাছে স্প্রে করতে হবে। অতিরিক্ত সেচ দেওয়া বন্ধ রাখতে হবে।

পোকার মধ্যে পাতা খাওয়া শুঁয়োপোকার আক্রমণ দেখতে পাওয়া যায়। এই পোকার আক্রমণ ঠেকাতে ম্যালথিয়ন (০.০৫%) অথবা এন্ডোসালফান (০.০৫%) স্প্রে করতে হবে।

স্বনির্ভরতার সন্ধান

জাপানি কোয়েল চাষের সরকারি প্রশিক্ষণ

পুষ্টিগুণ বেশি থাকায় পশ্চিমবঙ্গেও জাপানি কোয়েলের ডিম ও মাংসের চাহিদা বাড়ছে। বিশেষত শীতকালে জাপানি কোয়েলের মাংসের চাহিদা বেশি হয়। কাজেই এখনই সময় জাপানি কোয়েল প্রতিপালন করে ব্যবসা শুরু করার। তবে তার আগে প্রশিক্ষণ নেওয়া জরুরি। সরকারি প্রশিক্ষণ নেওয়া যাচ্ছে বিনা খরচে।

নিজস্ব প্রতিনিধি: বেশ কয়েক বছর ধরেই জাপানি কোয়েলের মাংসের চাহিদা বাড়তে দেখা যাচ্ছে, বিশেষ করে শীতের মরসুমে। জাপানি কোয়েল পাখির মাংস ও ডিমে ফ্যাট বা স্নেহ জাতীয় পদার্থ কম, ফলে যাঁরা উচ্চ রক্তচাপে ভোগেন, তাঁদের জন্য অপেক্ষাকৃত নিরাপদ। খাদ্যগুণ যথেষ্ট থাকায় জাপানি কোয়েলের মাংস শিশুদের মস্তিষ্কের বিকাশে সহায়ক, গর্ভবতী মহিলাদের জন্যও খুবই উপকারী। গবেষণায় এও দেখা গিয়েছে, জাপানি কোয়েলের ডিম ও মাংসের গুণগত মান হাঁস-মুরগির ডিম ও মাংসের তুলনায় বেশি। খাদ্যগুণের জন্য জাপানি কোয়েলের ডিম ও মাংসের চাহিদা ক্রমশ বাড়ছে।

বেকার তরুণ-তরুণীদের স্বনির্ভর করে তুলতে বিভিন্ন সময় সরকারি স্তরে জাপানি কোয়েল চাষের প্রশিক্ষণ দেওয়া হয়। যাঁদের হাঁস-মুরগি প্রতিপালন করার পরিকাঠামো ইতিমধ্যেই আছে, তাঁরা অনেকেই পাশাপাশি জাপানি কোয়েলের চাষ শুরু করেছেন, লাভের সম্ভাবনা বেশি হওয়ায়। মাংস ও ডিমের চাহিদা বাড়ায় জাপানি কোয়েলের চাষ করে স্বনির্ভর হওয়ার পথ বেশ উজ্জ্বল। পশ্চিমবঙ্গের প্রাণিসম্পদ উন্নয়ন নিগমের সঙ্গে যোগাযোগ করেও জাপানি কোয়েলের মাংস ও ডিম বিক্রি করা যায়। তবে মনে রাখবেন, বুনো কোয়েল, যার আর-এক নাম তিতির, তা প্রতিপালন করা কিন্তু নিষিদ্ধ। শুধুমাত্র জাপানি কোয়েল প্রতিপালন করা যায়।

জাপানি কোয়েল চাষের নিয়ম

জাপানি কোয়েল চাষে ঝুঁকি কম। এক-একটি জাপানি কোয়েল পাখি বছরে ২৫০ থেকে ২৮০টি ডিম দেয়। এদের নিজস্ব রোগ প্রতিরোধ ক্ষমতা বেশি। মোটামুটি ১ লক্ষ টাকা পুঁজি নিয়ে এই ব্যবসা শুরু করা যাবে। একটি জাপানি কোয়েল পূর্ণ মাপের হতে সময় লাগে ৬ থেকে ৭ সপ্তাহ। তার পরেই ডিম দেবে পাখি। ১৬ থেকে ১৮ দিন লাগে ডিম ফুটতে। পুরুষ জাপানি কোয়েল ৬ সপ্তাহ পরেই মাংস হিসেবে বিক্রি করা যায়। খাঁচা বা লিটার, দু' ভাবেই জাপানি কোয়েল চাষ করা যায়। পর্যাপ্ত আলো-বাতাসের ব্যবস্থা রাখতে হবে। এদের খাবার খুবই কম লাগে। তবে খাবারের পাশাপাশি মাপ অনুযায়ী জল খাওয়ানোও জরুরি। জীবাণুমুক্ত জল দিতে হবে।

প্রশিক্ষণ ও বিক্রির ব্যবস্থা

কলকাতার টালিগঞ্জের স্টেট পোলট্রি ফার্মে নিখরচায় ৭ দিনের প্রশিক্ষণ দেওয়া হয়। এই প্রশিক্ষণে হাঁস-মুরগির সঙ্গে জাপানি কোয়েল চাষের বিষয়েও জানতে পারবেন। পুরুষ-মহিলা, উভয়ই প্রশিক্ষণ নিতে পারেন। কোনও নির্দিষ্ট শিক্ষাগত যোগ্যতার প্রয়োজন নেই। প্রশিক্ষণের পর এখান থেকেই জানিয়ে দেওয়া হয়, কীভাবে প্রাণিসম্পদ উন্নয়ন নিগমের সঙ্গে যোগাযোগ করে উৎপাদিত দ্রব্য বিক্রি করতে হবে। এছাড়া ফার্ম থেকেই প্রতিপালনের জন্য জাপানি কোয়েলের বাচ্চা বিক্রি করা হয়।

হরিণঘাটা মিট প্ল্যান্ট, প্রাণিসম্পদ উন্নয়ন নিগমের একটি প্রতিষ্ঠান। রাজ্যের বিভিন্ন জায়গায় এদের দোকান আছে। প্রতি বছর দু' থেকে আড়াই টন কোয়েলের মাংস বিক্রি হয় এই দোকানগুলি থেকে। টালিগঞ্জের ফার্ম ছাড়াও সরাসরি চাষিদের কাছ থেকেও কিনে থাকে হরিণঘাটা।

যোগাযোগের ঠিকানা: পশ্চিমবঙ্গ প্রাণিসম্পদ উন্নয়ন নিগম লিমিটেড, সল্টলেক, ব্লক এলবি-২, সেক্টর থ্রি, কলকাতা ৭০০ ১০৬। ই-মেল: info@wbldc.com

কী পড়বেন, কী শিখবেন

নিখরচায় সহায়িকার প্রশিক্ষণ

নিজস্ব প্রতিনিধি: হাসপাতাল ও বাড়িতে অসুস্থ ও বয়স্ক ব্যক্তিদের দেখাশোনা করার জন্য সহায়িকা বা কেয়ার গিভারদের প্রয়োজন হয়। কেয়ার গিভারদের জরুরি প্রাথমিক চিকিৎসা, ব্যায়াম করানো, বেড সোর প্রতিরোধ; পথ্য ও আরও অনেক বিষয়ে ধারণা থাকা প্রয়োজন। এই সব বিষয়ে একজন সহায়িকার যত ভালো ধারণা থাকবে, তত তাঁর কাজের সুযোগ বাড়বে এবং উপার্জনও বাড়বে।

সহায়িকা পেশায় দক্ষতা বৃদ্ধির জন্য সম্পূর্ণ নিখরচায় হাতে-কলমে প্রশিক্ষণ দেবে স্বেচ্ছাসেবী সংগঠন 'স্মাইল'। অনগ্রসর ও দরিদ্র পরিবারের মহিলাদের অগ্রাধিকার দেওয়া হবে। অভিজ্ঞ চিকিৎসক, টেকনিশিয়ান, নার্স, প্রশাসনিক কর্মী এবং কম্পিউটার শিক্ষকরা ক্লাস নেবেন। প্রশিক্ষণ চলাকালীন শিক্ষার্থীদের অ্যাপ্রন, ইউনিফর্ম, দুপুরের খাবার, প্রয়োজনীয় জিনিসপত্র আয়োজক সংস্থাই দেবে। ১ বছরের প্রশিক্ষণ সম্পূর্ণ হলে শংসাপত্র দেবে বেলঘরিয়া বিবেকানন্দ সেবা সদন। বেলঘরিয়া বিবেকানন্দ সেবা সদন একটি ডে কেয়ার সেন্টার।

আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই।

শিক্ষাগত যোগ্যতা: অন্তত অষ্টম শ্রেণি পাস।

বয়স: ১৮ থেকে ৫০ বছর।

আসনসংখ্যা: ৩০।

কোর্সের মেয়াদ: ১ বছর।

ক্লাসের সময়: প্রতি শনিবার ও রবিবার সকাল ১০টা থেকে বিকেল ৫টা।

কী শেখানো হবে: ব্যায়াম ও চলাফেরা, জরুরি প্রাথমিক চিকিৎসা, রোগীর মনিটরিং ও ওষুধ সেবনে সহিষ্ণুতা, শরীরের পজিশনিং, বেড সোর প্রতিরোধ, খাদ্য ও পুষ্টি, ব্যক্তিগত পরিচর্যা ও পরিচ্ছন্নতা, বিভিন্ন ধরনের ইনজেকশন, ভাইটাল সাইন মনিটরিং, বেড মেকিং, ইউরিনারি ক্যাথিটারাইজেশন, ন্যাসোগ্যাস্ট্রিক টিউবের ব্যবহার, রোগীর চলাফেরায় সহযোগিতা, ইনফেকশন নিয়ন্ত্রণ, ফার্স্ট এইড, সিপিআর, কম্পিউটার প্রশিক্ষণ ইত্যাদি।

ভর্তির পদ্ধতি: আগে এলে আগে ভর্তি নেওয়া হবে।

আবেদনের শেষ দিন: ৭ অক্টোবর।

আবেদন করার পদ্ধতি ও অন্যান্য খুঁটিনাটি বিষয় জানতে যোগাযোগ করুন এই ফোন নম্বরে: ৯৮৮৩৬-৫১৬৭১ বা ৭০০৩৬-৭০৪২১ বা (০৩৩) ২৫৫৩-০০২৫।

কারেন্ট অ্যাফেয়ার্স ①

১৬ সেপ্টেম্বর-২৬ সেপ্টেম্বর

১৬ সেপ্টেম্বর নির্ধারিত সময়ের আগেই পশ্চিমবঙ্গে জনগণনার প্রথম পর্যায়ের কাজ শেষ হল বলে জানালেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। উল্লেখ্য, ১ অগস্ট থেকে ১৫ অগস্ট পর্যন্ত স্ব-গণনা (সেলফ এনুমারেশন) চলেছিল প্রথম ধাপে। দ্বিতীয় ধাপে ১৬ অগস্ট থেকে ১৪ সেপ্টেম্বর পর্যন্ত চলেছিল বাড়ি বাড়ি গিয়ে গৃহতালিকা তৈরির কাজ। তাতে রাজ্যের প্রত্যেক জেলা, মহকুমা, ব্লক, পৌরনিগম এবং পুরসভা এলাকা মিলিয়ে মোট ১,৭৩,০৬৬টি ব্লকেই গৃহতালিকা তৈরির কাজ সম্পূর্ণ হয়েছে। সমাজমাধ্যমে মুখ্যমন্ত্রী জানিয়েছেন, আনুমানিক ৩.৬৯ কোটি পরিবারের মধ্যে ৩ কোটি ৬৮ লক্ষ ৩০ হাজার ১৫০টি পরিবারের তথ্য নথিভুক্ত করেছেন গণনা কর্মীরা।

ভারত-নিউজিল্যান্ড মুক্ত বাণিজ্য চুক্তি অনুমোদিত



১৬ সেপ্টেম্বর: নিউজিল্যান্ড ও ভারতের মধ্যে মুক্ত বাণিজ্য চুক্তিটি ওয়েলিংটনের সংসদে অনুমোদিত হল। সেদেশের শাসক দল ন্যাশনাল পার্টির পাশাপাশি প্রধান বিরোধী দল লেবার পার্টিও এই চুক্তির পক্ষে ভোট দিয়েছে। দু-দেশের মধ্যে চুক্তি নিয়ে সইসাবুদ অবশ্য এপ্রিল মাসেই সারা হয়ে গিয়েছিল। চুক্তি অনুযায়ী ভারতের ১০০ শতাংশ রফতানি করা পণ্য নিউজিল্যান্ডের বাজারে শুল্কমুক্ত প্রবেশাধিকার পাবে। ভারতে আমদানি হওয়া সেদেশের ৯৫ শতাংশ পণ্যের ক্ষেত্রে শুল্ক কমানো হবে। নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী ক্রিস্টোফার লাক্সন সমাজমাধ্যমে লিখেছেন, 'এই ঐতিহাসিক চুক্তির অর্থ নিউজিল্যান্ডবাসীর জন্য আরও কর্মসংস্থান এবং বেশি আয়। ভারতের ১৪০ কোটির উপভোক্তার বাজারে আরও বেশি পণ্য বিক্রির সুযোগ তৈরি হবে।'

১৭ সেপ্টেম্বর মার্কিন কংগ্রেসের নিম্নকক্ষে ২৬২-১৫৯ ভোটে পাশ হল রাশিয়া ও ইরানের বিরুদ্ধে নিষেধাজ্ঞা সংক্রান্ত বিল। এরপরে তা প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সম্মতির অপেক্ষায়। তাঁর অনুমোদন পেলে আগামী দিনে রাশিয়া থেকে তেল ও গ্যাসের ক্রেতা দেশগুলির উপরে ১০০ শতাংশ শুল্ক চাপানো হবে। এই বিল পাশ ভারত-মার্কিন দ্বিপাক্ষিক বাণিজ্য চুক্তিকে আরও পিছনে ঠেলে দিল বলে মনে করছে কূটনৈতিক শিবির। এই পরিস্থিতিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পক্ষে আমেরিকার শুল্ক চাপের কাছে নতি স্বীকার করে সেদেশের সঙ্গে বাণিজ্য চুক্তি সই করা সম্ভব হবে না বলে মনে করছেন বিশেষজ্ঞরা।

নন্দীগ্রাম ও রেজিনগরে আসন্ন বিধানসভা উপনির্বাচনে মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুগামী তৃণমূল বা ঋতব্রত বন্দোপাধ্যায়ের নেতৃত্বাধীন বিদ্রোহী তৃণমূল—কোনও শিবিরই তৃণমূল কংগ্রেসের নাম ও ঘাসফুল প্রতীক ব্যবহার করতে পারবে না বলে জানিয়ে দিল নির্বাচন কমিশন। এদিন দুই শিবিরের সঙ্গে বৈঠকের পর নির্বাচন কমিশন তৃণমূলের নাম ও প্রতীক 'ফ্রিজ' করারই সিদ্ধান্ত নিল। নির্বাচন কমিশন তার অন্তর্বর্তী রায়ে জানিয়েছে, ১৮ সেপ্টেম্বর দুই শিবিরকেই জানাতে হবে তারা অন্য কী নাম ও প্রতীক নিয়ে আপাতত উপনির্বাচনে লড়তে চায়।

১৮ সেপ্টেম্বর ইউক্রেন যুদ্ধের পর প্রথমবার আন্তর্জাতিক ফুটবলে আংশিক প্রত্যাবর্তন হল রাশিয়ার। আগামী মাসে আজারবাইজানে অনুষ্ঠেয় ফিফা অনূর্ধ্ব-১৫ বিশ্বকাপে রাশিয়াকে রাখা হয়েছে। 'এ' গ্রুপে তাদের সঙ্গে রয়েছে তুরস্ক, আফগানিস্তান, জিবুতি, সিয়েরা লিওন ও সুদান। ২৪ থেকে ৩০ অক্টোবর হবে প্রতিযোগিতা। তবে রাশিয়ার সিনিয়র দলকে ইউরোপীয় প্রতিযোগিতায় ফেরানোর সম্ভাবনা নেই বলে জানিয়েছে উয়েফা।

তৃণমূলের দুই শিবিরের আলাদা নাম ও প্রতীক

১৮ সেপ্টেম্বর: আদি তৃণমূল কংগ্রেসের নাম ও প্রতীক ব্যবহারে অন্তর্বর্তী নিষেধাজ্ঞা জারির পরে দলের দুই শিবিরের জন্য আলাদা নাম ও প্রতীক বরাদ্দ করল নির্বাচন কমিশন। মূল প্রতীক আপাতত বাতিল (ফ্রিজ) হওয়ার পরে কমিশনের কাছে মমতা বন্দ্যোপাধ্যায় ও ঋতব্রত বন্দ্যোপাধ্যায়ের শিবির আলাদাভাবে নিজেদের দলের নাম ও প্রতীকের পছন্দ জানিয়েছিল। তার মধ্যে থেকে মমতার দলের জন্য 'মমতা সর্বভারতীয় তৃণমূল কংগ্রেস' (এমএআইটিসি) এবং ঋতব্রত শিবিরের জন্য 'গণতান্ত্রিক তৃণমূল কংগ্রেস' (ডিটিসি) নাম ধার্য করেছে কমিশন। মমতা বন্দ্যোপাধ্যায়ের দলের প্রতীক আপাতত ফুটবল খেলোয়াড়, আর ঋতব্রত শিবিরকে দেওয়া হয়েছে খাম। এই নাম ও প্রতীক নিয়ে নন্দীগ্রাম ও রেজিনগর থেকে বিধানসভা উপনির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার কথা থাকলেও ইতিমধ্যেই নন্দীগ্রামে মমতার প্রার্থী মনোনয়ন প্রত্যাহার করেছেন। এই পরিস্থিতিতে মমতা সেখানে কংগ্রেস প্রার্থীকে সমর্থন দেওয়ার ঘোষণা করলেও ১৯ বছরের একটি পুরনো মামলায় কংগ্রেস প্রার্থী মিলন প্রধানকে গ্রেফতার করা হয়েছে।

❝ ভারতের আর্থিক বৃদ্ধি প্রকৃত অর্থে দেশের অর্থনীতিকে তখনই বদলে দেবে যখন শ্রমদাতা এবং পুঁজিদাতার মধ্যে উৎপাদনের মুনাফা ন্যায্য ভাবে বণ্টন করা হবে। ❞

ভি অনন্ত নাগেশ্বরণ, *কেন্দ্রের মুখ্য আর্থিক উপদেষ্টা*
দেশের আর্থিক উন্নতির সুবিধা পেতে সংস্থার মালিক এবং শ্রমিকের মধ্যে ভাগাভাগি ন্যায্যভাবে করার পক্ষে সওয়াল করে

জাপানের নাগোয়ায় শুরু এশিয়ান গেমস

১৯ সেপ্টেম্বর: জাপানের নাগোয়া শহরে বর্ণাঢ্য ভাবে উদ্বোধন হল ২০তম এশিয়ান গেমসের। মার্চ পাস্টে ভারতের পতাকা নিয়ে হাঁটলেন অলিম্পিক্সে শুটিংয়ে জোড়া পদকজয়ী মনু ভাকের এবং পুরুষ কবাডি দলের অধিনায়ক পবন সহরাওয়ত। মনুর সঙ্গে পতাকা বাহক হওয়ার কথা ছিল শটপাট খেলোয়াড় তেজিন্দর পাল সিংহের। কিন্তু শেষ মুহূর্তে তা বদলে যায়। তাঁর পরিবর্তে পবন ২০২৩ সালে হ্যাংঝাউয়ে সোনাজয়ী কবাডি দলে ছিলেন।

কলকাতা লিগ জিতল মোহনবাগান

১৯ সেপ্টেম্বর: মহমেডান স্পোর্টিংকে ৩-২ গোলে হারিয়ে কলকাতা লিগ চ্যাম্পিয়ন হল মোহনবাগান। এই নিয়ে ৩১ বার লিগ জিতল সবুজ-মেরুন। ২০১৮ সালে শেষবার তারা জিতেছিল কলকাতা লিগ। এর ফলে শেষ ছ'বারের মধ্যে তিনবার জিতল মহমেডান, দু'বার ইস্টবেঙ্গল ও একবার মোহনবাগান। এদিন বারাসাত স্টেডিয়ামে হওয়া রুদ্ধশ্বাস এই ম্যাচে মোহনবাগানের হয়ে সাহাল আব্দুল সামাদ দু'টি এবং সায়ন বন্দ্যোপাধ্যায় একটি গোল করেন। মহমেডানের হয়ে গোল দু'টি করেছেন লালরেমসাঙ্গা ফানাই এবং মহীতোষ রায়।

১ অক্টোবর থেকে রান্নার গ্যাসের ক্ষেত্রে আধার সংযোগ না থাকলে আর গৃহস্থালির ১৪.২ কেজির গ্যাস সিলিন্ডার বুকিং করা যাবে না বলে জানাল পেট্রোলিয়াম মন্ত্রক। ফলে কম দামে গ্যাস পেতে গ্রাহককে অবিলম্বে আধার সংযুক্তি করাতে হবে। অন্যথায়, সিলিন্ডার কিনতে চাইলে দিতে হবে বাড়তি টাকা। যদিও সেই টাকার অঙ্ক এখনও স্থির হয়নি বলে প্রকাশিত খবরে জানা গিয়েছে।

ভুটান গেলেন জয়শঙ্কর, সম্পর্কের ক্ষেত্র বিস্তৃত করতে আলোচনা



১৬ সেপ্টেম্বর: ভুটান সফরে গিয়ে থুমথাংয়ে সেদেশের বিদেশমন্ত্রী লিয়নপো ডি এন ধুংগেলের সঙ্গে বৈঠক করলেন বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর। উন্নয়ন, বিদ্যুৎ, বাণিজ্য, যোগাযোগ, সংস্কৃতি, এবং দু-দেশের মানুষের মধ্যে যোগাযোগ-সহ ভারত-ভুটান দ্বিপাক্ষিক সম্পর্কের বিস্তৃত ক্ষেত্র নিয়ে আলোচনা হয়। বৈঠকের পর সমাজমাধ্যমে জয়শঙ্কর বলেন, এই আলোচনা ভারত-ভুটান সম্পর্কের মধ্যে থাকা 'আস্থা, সদিচ্ছা ও উষ্ণতা'র প্রতিফলন। এদিন উত্তর ভুটানের গাসায় ৫০০ কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন লুনানা জলবিদ্যুৎ প্রকল্পের ভিত্তি-প্রস্তরও স্থাপন করেন দুই বিদেশমন্ত্রী।

১৯ সেপ্টেম্বর রাশিয়ার তেল কিনলে ভারত, চিনের মতো দেশগুলির উপরে ১০০% শুল্ক চাপানোর প্রস্তাব মার্কিন সেনেট এবং হাউসে পাশ হয়েছিল আগেই। এবার সেই বিলে সই করলেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ফলে তা আইনে পরিণত হওয়ায় শুল্ক বসানোয় বাধা রইল না তাঁর প্রশাসনের সামনে। বিশেষজ্ঞদের মতে রুশ তেলের দ্বিতীয় বৃহত্তম ক্রেতা হওয়ায় এতে ভারতের উপর চাপ বাড়বে। বিদেশ প্রতিমন্ত্রী কীর্তিবর্ধন সিংহ জানিয়েছেন, বাইরের কোনও চাপে মাথা নত করবে না ভারত। বরং দেশের মানুষের চাহিদা এবং তাদের স্বার্থের কথা মাথায় রেখেই সিদ্ধান্ত নেওয়া হবে।

বিসিসিআইয়ের জাতীয় নির্বাচক প্রধানের পদ থেকে সরে দাঁড়ালেন অজিত আগরকর। তাঁর মেয়াদ এই মাসেই শেষ হওয়ার কথা থাকলেও আগরকর ঘনিষ্ঠ মহল মনে করছিল ২০২৭-এর একদিনের ক্রিকেট বিশ্বকাপ পর্যন্ত হয়তো তিনি থেকে যাবেন। কিন্তু ভারতীয় বোর্ডই আর চায়নি আগরকর থাকুন। প্রতিকূল পরিস্থিতি দেখে আগরকর নিজেই সিদ্ধান্ত জানিয়ে দিলেন বোর্ডকে।

এশিয়ান গেমসে ভারতকে প্রথম পদক দিলেন মহিলা শুটাররা

২০ সেপ্টেম্বর: তাইচি-নাগোয়া এশিয়ান গেমসে ভারতের মহিলা শুটাররা প্রথম পদক পেলেন। ১০ মিটার এয়ার রাইফেলের দলগত ইভেন্টে রুপো জিতল ভারত। এলাভেনিল বালারিবন, সোনম মাসকার এবং বিদারসা বিনোদ সব মিলিয়ে মোট ১,৮৯৮ পয়েন্ট পেয়ে শেষ করেন দ্বিতীয় স্থানে। ব্যক্তিগত বিভাগেও রুপো পেয়েছেন এলাভেনিল। দলগত বিভাগে সোনা জিতেছে চিন। ১,৯০৪ পয়েন্ট স্কোর করে বিশ্বরেকর্ড গড়েছেন চিনের শুটাররা। আয়োজক জাপান ১৮৯৭.১ পয়েন্ট পেয়ে তৃতীয় স্থান পেয়েছে। ২০২৫ বিশ্ব চ্যাম্পিয়নশিপের ব্রোঞ্জজয়ী এলাভেনিল ব্যক্তিগত বিভাগে ২৫২.৪ স্কোর করে দ্বিতীয় স্থান পান। সোনা জিতেছেন জাপানের হিনাতা তাইচি।

কারেন্ট অ্যাফেয়ার্স ২

২০ সেপ্টেম্বর মার্কিন জোটসঙ্গী সৌদি আরবের রিয়াধের বিভিন্ন বাণিজ্যিক এলাকায় একের পর এক ক্ষেপণাস্ত্র হামলা চালাল ইরানের মদতপুষ্ট ইয়েমেনের সশস্ত্র গোষ্ঠী হুথি। সৌদির আক্রান্ত স্থানগুলির মধ্যে রয়েছে রিয়াধ

দশক পেরিয়ে আমেরিকা সফরে শি

২৪ সেপ্টেম্বর: এগারো বছর পরে সরকারি সফরে ওয়াশিংটন এলেন সস্ত্রীক শি জিনপিং। রীতি ভেঙে বিমানবন্দরে তাঁকে স্বাগত জানাতে উপস্থিত ছিলেন সস্ত্রীক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। পরে ওভাল অফিসে দ্বি-পাক্ষিক বৈঠক করেন তাঁরা। জিনপিংকে স্বাগত জানিয়ে ট্রাম্প বলেন, তাঁর এবং চিনা প্রেসিডেন্টের বন্ধুত্ব সত্যিই দুর্দান্ত। আমেরিকা ও চিনের দ্বি-পাক্ষিক বিষয়গুলিতে অভাবনীয় অগ্রগতি হয়েছে। অন্যদিকে, হোয়াইট হাউসে দাঁড়িয়ে জিনপিং বার্তা দিয়েছেন, দুই দেশের মধ্যে সুস্থ প্রতিযোগিতা হোক, মল্লযুদ্ধ নয়।

আন্তর্জাতিক বিমানবন্দর এবং ইয়ানবু বন্দর শহরে সরকারি তেল সংস্থা অ্যারামকোর ডিপো। এরপরই মধ্যস্থতাকারী কাতারের মাধ্যমে ট্রাম্পকে যুদ্ধ থামানোর জন্য সাত দফা 'কঠিন' শর্ত দেয় ইরান। যদিও পাল্টা হুমকি দিয়ে মার্কিন প্রেসিডেন্টের বক্তব্য, তিনি তিনটি কাজ করতে পারেন। এক, ইরানকে ধ্বংস করা। দুই, আর্থিক অবরোধ। তিন, চুক্তি। তৃতীয় সম্ভাবনাকে মাথায় রেখেই ওয়াকিবহাল মহল মনে করছে শীঘ্রই রাষ্ট্রপুঞ্জের সাধারণ সভার বৈঠকে যোগ দিতে চলেছেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান।

২১ সেপ্টেম্বর আমেরিকা-ইরান হুমকি-পাল্টা হুমকি ঘিরে ফের উত্তেজনা তৈরি হল আন্তর্জাতিক মঞ্চে। কয়েকদিন আগেই মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দাবি করেছিলেন ইরান ও আমেরিকা যে-কোনও সময় সংঘর্ষে জড়াতে পারে। ট্রাম্পের এই বক্তব্যের পাল্টা ইরানও হুঁশিয়ারি দিয়ে বলেছে, ওয়াশিংটন হামলা করলে তেহরানও নতুন ধরনের অস্ত্র ব্যবহার করবে।

নিজেদের যুদ্ধ কৌশলেও তারা বদল আনবে বলে দাবি করেছে। ইরান সেনার দাবি, এই নয়া কৌশলের ফলে আগামী দিনে যুদ্ধ শুধু যে দীর্ঘমেয়াদি হবে, এমনটা নয়। বরং যুদ্ধের নয়া ধরন দেখে 'গোটা বিশ্ব চমকে যাবে'।

২২ সেপ্টেম্বর নয়াদিল্লিতে নিযুক্ত বাংলাদেশের নতুন হাইকমিশনার হিসেবে সেদেশের বিদেশ সচিব আসাদ আলম সিয়ামকে আনুষ্ঠানিক অনুমোদন দিল ভারত। নয়াদিল্লির বাংলাদেশ হাই কমিশনের প্রেস সচিব সাইদুর রহমান এ কথা জানিয়েছেন। বাংলাদেশের বর্তমান হাই কমিশনার রিয়াজ হামিদুল্লা এ মাসের শেষে রাষ্ট্রপুঞ্জের দফতরে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি হিসেবে জেনিভায় যাচ্ছেন। গতবছর ফেব্রুয়ারিতে ভারতে দূত হিসেবে নিযুক্ত হয়ে দ্বিপাক্ষিক সম্পর্কের অন্যতম কঠিন একটি পর্যায় সামলেছিলেন তিনি। অন্যদিকে সিয়াম ভিয়েনায় রাষ্ট্রপুঞ্জের কার্যালয় এবং ওপেক তহবিলে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ছিলেন। ওয়াশিংটনে ঢাকার রাষ্ট্রদূতের দায়িত্বও পালন করেছেন।

প্রয়াত মিঠু মুখোপাধ্যায়

২১ সেপ্টেম্বর: সত্তর ও আশির দশকের বাংলা ছবির ব্যতিক্রমী নায়িকা মিঠু মুখোপাধ্যায় (৭১) প্রয়াত হলেন। 'মর্জিনা আবদাল্লা', 'মৌচাক', 'স্বয়ংসিদ্ধা', 'ভাগ্যচক্র', 'আশ্রিতা'-র মতো ছবি তাঁর অভিনয়ের সুবাদে কালজয়ী হয়ে আছে। খ্যাতির শীর্ষে থাকতে থাকতেই স্বেচ্ছাবসর নিয়ে পাকাপাকিভাবে মুম্বই চলে যান মিঠু। বাংলায় সাফল্য পাওয়ার মধ্যেই হিন্দিতে 'খান দোস্ত', 'সফেদ ঝুট', 'দিল্লাগি'-র মতো ছবি করেছেন। ১৯৭০ সালে 'আশ্রিতা' হিট হওয়া সত্ত্বেও অভিনয়ের জগত থেকে সরে যান তিনি।

হামলা-পাল্টা হামলার হুমকির আবহেই ইরান দাবি করল, আমেরিকা তাদের শর্ত মেনে নিলে সাতদিনের মধ্যেই হরমুজ প্রণালী খুলে দেবে তারা। যদিও কয়েকদিন আগেই মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানের শর্ত খারিজ করে দিয়ে ইরানকে হুমকি দিয়ে বলেন আগামী দিনে আরও গুরুতর হামলা চালানো হবে। অন্যদিকে এদিনই রাষ্ট্রপুঞ্জের সাধারণ সভায় ট্রাম্প জানান তাঁর আশা ছিল নভেম্বরে মার্কিন কংগ্রেসের মধ্যবর্তী নির্বাচনের পরই ইরান-আমেরিকা চুক্তি হবে। যুদ্ধবন্ধের কথা শোনা গিয়েছে ইরানের এক শীর্ষ সেনাকর্তার মুখেও।

এশিয়ান গেমসে রুপো মীরাবাই চানুর

২৩ সেপ্টেম্বর: এশিয়ান গেমসে মেয়েদের ৪৫ কেজি বিভাগে (১৯৮ কেজি) রুপো জিতেছেন ভারতের সর্বকালের অন্যতম সেরা ওয়েটলিফটার মীরাবাই চানু। ভারত এশিয়ান গেমসে ভারোত্তোলনে ২৮ বছর পরে পদক পেল। ১৯৯৮ সালের এশিয়াডে শেষ রুপো পেয়েছিলেন কর্ণম মালেশ্বরী। অন্যদিকে, চানু বলেছেন, 'এই মেডেলটার জন্য আমি ১২ বছর ধরে চেষ্টা করছি। অলিম্পিক্স, বিশ্বচ্যাম্পিয়নশিপ, কমনওয়েলথ গেমস, এশিয়ান চ্যাম্পিয়নশিপে আমার একাধিক মেডেল রয়েছে। এশিয়ান গেমসে ছিল না। আজ সেই অপেক্ষার অবসান। তাই রুপো হলেও এই মেডেল আমার কাছে স্পেশাল।'

রয়টার্সকে দেওয়া সাক্ষাৎকারে ওই সেনা কর্তা দাবি করেন, সামরিক অভিযান না চালিয়ে আমেরিকা যদি 'কূটনৈতিক ভাবে' মিটমাট চায় তাহলে ইরানও তা সমর্থন করবে।

২৩ সেপ্টেম্বর একটি সর্বভারতীয় সংবাদপত্রের তদন্ত রিপোর্ট জানাল মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার দিল্লির নির্বাচন সদনে বসে একের পর এক একতরফা সিদ্ধান্ত নিয়েছেন। অন্য দুই নির্বাচন কমিশনার সুখবীর সিংহ সান্ধু এবং বিবেক জোশী গত এক

এসআইআরে বাদ পড়াদের ফেরাতে উদ্যোগী কমিশন

২৬ সেপ্টেম্বর: দেশের যে ২০টি রাজ্য বা কেন্দ্রশাসিত অঞ্চলে (পশ্চিমবঙ্গ সহ) এসআইআর হয়ে গিয়েছে এবং সেখানে যাঁরা বাদ পড়েছেন তাঁরা এবার ইআরও-র কাছে আবেদন করতে পারবেন বলে জানাল নির্বাচন কমিশন। তবে কমিশন সূত্রে বলা হয়েছে, পশ্চিমবঙ্গের 'বিচারাধীন' বা 'আন্ডার অ্যাডজুডিকেশন' তালিকায় থাকা ভোটারদের জন্য সুপ্রিম কোর্ট পশ্চিমবঙ্গে এসআইআর আপিল ট্রাইবুনাল গঠন করেছে। তাঁদের ট্রাইবুনালেই আপিল করতে হবে। এছাড়াও নির্বাচন কমিশন জানিয়েছে এই সব রাজ্যের ১৮ বছর পার করা নতুন ভোটাররাও ইআরও-র কাছে ভোটার তালিকায় নাম যোগ করার আবেদন করতে পারবেন। এদিন নয়াদিল্লির নির্বাচন সদনে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার এবং অন্য দুই নির্বাচন কমিশনার সুখবীর সিংহ সান্ধু এবং বিবেক জোশীর বৈঠকের পর সব সিদ্ধান্তই সর্বসম্মত বলে কমিশনের বিবৃতিতে জানানো হয়। প্রসঙ্গত, সান্ধু ও জোশীর মতামত মুখ্য নির্বাচন কমিশনার সবক্ষেত্রে গ্রহণ করছেন না এমন তথ্য প্রকাশ্যে আসার পরই কমিশনের এই পদক্ষেপ বলে মনে করছে বিশেষজ্ঞ মহল।

বছরের মধ্যে অন্তত ১৪ বার নানা বিষয়ে আপত্তি তুলেছেন। তাঁদের না জানিয়েই এসআইআর-সহ স্পর্শকাতর বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হচ্ছে বলে লিখিত অভিযোগও জানান তাঁরা। এই তদন্ত রিপোর্ট প্রকাশের পরেই বিরোধী শিবির জ্ঞানেশ কুমারের অপসারণ, পদত্যাগ, গ্রেফতারি- এমনকি তাঁর বিরুদ্ধে তদন্তেরও দাবি তুলেছে।

২৫ সেপ্টেম্বর মণিপুরে ফের বাড়ল 'আফস্পা'র মেয়াদ। সে রাজ্যের ১৩টি থানা এলাকাকে বাদ দিয়ে গোটা রাজ্যকেই 'অশান্ত এলাকা' বলে ঘোষণা করা হয়েছে। ১ অক্টোবর থেকে এই ব্যবস্থা আগামী ছ'মাসের জন্য কার্যকর থকবে। স্বরাষ্ট্র মন্ত্রকের গেজেট বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতির পর্যালোচনার পর এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। মণিপুরের পাশাপাশি, নাগাল্যান্ড ও অরুণাচল প্রদেশের কিছু অঞ্চলেও আফস্পা-র মেয়াদ বাড়ানো হয়েছে। মণিপুরের একাধিক সম্প্রদায়ের মধ্যে উত্তেজনা সম্প্রতি আরও বেড়েছে। একাধিক মৃত্যুর ঘটনাও সামনে এসেছে।

পঠন পাঠনের কেন্দ্রীয় বোর্ড সিবিএসই-র চেয়ারম্যান হলেন ২০০১ ব্যাচের আইএএস অফিসার মনদীপ কে ভাণ্ডারী। সিবিএসই-র দ্বাদশ শ্রেণির পরীক্ষায় উত্তরপত্র স্ক্যান করে পরীক্ষকদের দিয়ে অনলাইন নম্বর দেওয়ার পদ্ধতি এবছর চালু হয়েছে। এই নিয়ে পড়ুয়াদের মধ্যে অসন্তোষও ছড়িয়েছে। এই পরিস্থিতিতে ভাণ্ডারীর নিয়োগ যথেষ্টই গুরুত্বপূর্ণ বলে মনে করা হচ্ছে।

এশিয়ান গেমসে ছেলেদের শুটিংয়েও রুপো ভারতের

২১ সেপ্টেম্বর: এশিয়ান গেমসে ছেলেদের শুটিংয়েও জোড়া রুপো পেল ভারত। প্রথমে দলগত বিভাগে ১০ মিটার এয়ার রাইফেল বিভাগে রুপো জয়ের পর ব্যক্তিগত বিভাগেও রুপোর পদক পেলেন হরিয়ানার শুটার হিমাংশু খিলৌ। ২৫২.৪ স্কোর করে রুপো নিশ্চিত করেন হিমাংশু। চিনের শেং লিহায়ো ২৫৪.২ স্কোর করে সোনা জিতে নেন। ভারতের আর এক শুটার রুদ্রাংশ পাটিল জেতেন ব্রোঞ্জ। তাঁর স্কোর ২৩০। দলগত বিভাগে রুপোজয়ী ভারতীয় দলে ছিলেন হিমাংশু, পার্থ মানে এবং রুদ্রাংশ পাটিল। এই বিভাগে সোনা পায় চিন। অন্য ইভেন্ট মিক্সড মার্শাল আর্টসে ব্রোঞ্জ পেয়েছেন ভারতের সুচিকা তারিয়াল।

এশিয়ান গেমসে সোনা জয়ী ভারতের মহিলা ক্রিকেট দল

২২ সেপ্টেম্বর: ভারতীয় মহিলা ক্রিকেট দলের হাত ধরে এবার এশিয়ান গেমসে প্রথম সোনা এল। ফাইনালে শ্রীলঙ্কাকে হারিয়ে পরপর দু-বার এশিয়ান গেমসে সোনা জিতে নিলেন ভারতীয় মেয়েরা। শ্রীলঙ্কাকে ১৪৭ রানে হারিয়েছে ভারত। এটাই টি-টোয়েন্টিতে ভারতের সর্বোচ্চ ব্যবধানে জয়। প্রথমে ব্যাট করে ভারত তিন উইকেট হারিয়ে তোলে ২১৬ রান। জবাবে ১৫.৪ ওভারে শ্রীলঙ্কা ৬৯ রানে অল আউট হয়ে যায়। এদিন ৪৫ বলে ৭৯ রানের ইনিংস খেলার সঙ্গে সঙ্গে স্মৃতি মন্ধানা প্রথম মহিলা ব্যাটার হিসেবে আন্তর্জাতিক ক্রিকেটে ১১ হাজার রানের মাইলফলক পেরোলেন।

ফিফা ফ্রেন্ডলিতে পানামার সঙ্গে ড্র করল ভারত

২৫ সেপ্টেম্বর: ভারতে ফিফা ফ্রেন্ডলি খেলতে আসা বিশ্বকাপে খেলা দল পানামার জয় রুখে দিল ভারতীয় দল। বেঙ্গালুরুর কান্তিরাভা স্টেডিয়ামে ১-১ হল খেলার ফলাফল। ফিফা ক্রমপর্যায়ে যে দল এই মুহূর্তে ৪৪তম স্থানে রয়েছে সেই দলের বিরুদ্ধে প্রথমার্ধে এক গোলে এগিয়ে রইল ভারত। ভারতীয় দলের পক্ষে অবশ্যই সেটা বড় কৃতিত্ব। ম্যাচের ৪১ মিনিটের মাথায় রায়ান উইলিয়ামস গোলটি করেন। প্রথমার্ধে বিশ্বকাপে খেলা দশ ফুটবলারকে বেঞ্চে বসিয়ে রেখেছিলেন পানামা কোচ, তারিন থমাস। দ্বিতীয়ার্ধে তাদের নামানো হয়। ওমর ভ্যালেন্সিয়া পানামার হয়ে ম্যাচ বাঁচানো গোলটি করেন।

চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

পি এস সি মিসলেনিয়াস

প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. ভারতের কোন রাষ্ট্রপতি পরপর দু'বার নির্বাচিত হয়েছিলেন?
(a) ডঃ জাকির হোসেন (b) আর ভেঙ্কটরামন (c) ডঃ রাজেন্দ্র প্রসাদ (d) ভি ভি গিরি
2. 'Aspirin' কী?
(a) একটি উদ্দীপক (b) একটি হরমোন (c) একটি অ্যান্টিবায়োটিক (d) একটি ড্রাগ
3. গ্রিসের মুদ্রার নাম কী?
(a) লিমপিয়া (b) ইউরো (c) পাউন্ড (d) ফোরিন্ট
4. কাবেরী নদী কোন কোন রাজ্যের উপর দিয়ে প্রবাহিত হয়েছে?
(a) কর্ণাটক ও মহারাষ্ট্র (b) কেরালা ও তামিলনাড়ু (c) অন্ধ্রপ্রদেশ ও তামিলনাড়ু (d) কর্ণাটক ও তামিলনাড়ু
5. মোপলা বিদ্রোহ কোথায় ঘটেছিল?
(a) বাংলা (b) কেরালা (c) উত্তরপ্রদেশ (d) মহারাষ্ট্র
6. রুদ্রদমন কোন বংশের রাজা ছিলেন?
(a) শক বংশ (b) পল্লব বংশ (c) মৌর্য বংশ (d) কুষাণ বংশ
7. কংগ্রেসের কোন অধিবেশনে 'পূর্ণ স্বরাজ' নীতি গ্রহণ করা হয়?
(a) কলকাতা (b) সুরাট (c) লাহোর (d) এলাহাবাদ
8. 'দ্য লাস্ট সাপার' ছবিটি কে এঁকেছিলেন?
(a) মাইকেল এঞ্জেলো (b) লিওনার্দো দ্য ভিঞ্চি (c) রেমব্রান্ট (d) রাফায়েল
9. সত্যজিৎ রায়ের 'চারুলতা' চলচ্চিত্রটি কোন গল্প অবলম্বনে নির্মিত?
(a) চতুরঙ্গ (b) চোখের বালি (c) ঘরে বাইরে (d) নষ্টনীড়
10. 'গ্রিন ফি' কথাটি কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) দাবা (b) বেসবল (c) গল্ফ (d) ক্রিকেট
11. মাদার টেরিজা কত সালে ভারতরত্ন পেয়েছিলেন?
(a) 1989 (b) 1990 (c) 1980 (d) 1985
12. ভারতের দীর্ঘতম জাতীয় সড়ক কোনটি?
(a) NH-2 (b) NH-44 (c) NH-6 (d) NH-1
13. 'দানসাগর' গ্রন্থটি কে রচনা করেন?
(a) বিদ্যাসাগর (b) রাজা ভীমসেন (c) রাজা হর্ষবর্ধন (d) রাজা বল্লাল সেন
14. কোন নদীর তীরে 'সুরাট' শহরটি অবস্থিত?
(a) তাপ্তি (b) গোদাবরী (c) যমুনা (d) নর্মদা
15. এন সি সি (NCC) প্রতিষ্ঠা করেন কে?
(a) পণ্ডিত হৃদয়নাথ কুঞ্জরু (b) উইলিয়াম কেরি (c) মহাত্মা গান্ধী (d) সুভাষচন্দ্র বসু
16. 'জাতীয় মানবাধিকার দিবস' কোন দিনটিতে পালন করা হয়?
(a) 5 জুন (b) 8 মার্চ (c) 7 ডিসেম্বর (d) 10 ডিসেম্বর
17. 'ঈস্ট' কী?
(a) ভাইরাস (b) ছত্রাক (c) ব্যাক্টেরিয়া (d) শৈবাল
18. পৃথিবীর দ্বিতীয় উচ্চতম পর্বত-শৃঙ্গ কোনটি?
(a) এভারেস্ট (b) নন্দা দেবী (c) গডউইন অস্টিন (d) কাঞ্চনজঙ্ঘা
19. 'হলুদ বিপ্লব' (Yellow Revolution) কীসের সঙ্গে যুক্ত?
(a) দুগ্ধ উৎপাদন বৃদ্ধি (b) শস্য উৎপাদন বৃদ্ধি (c) মৎস্য উৎপাদন বৃদ্ধি (d) তৈলবীজ উৎপাদন বৃদ্ধি
20. নীচের শস্যগুলির মধ্যে কোনটি রবিশস্য?
(a) গম (b) বাজরা (c) চাল (d) তুলা
21. লোকসভায় তপসিলি জাতিভুক্ত শ্রেণীদের জন্য ক'টি আসন সংরক্ষিত আছে?
(a) 84 (b) 72 (c) 68 (d) 59
22. নাগাল্যান্ডের সরকারি ভাষা কোনটি?
(a) বাংলা (b) উর্দু (c) ইংরেজি (d) হিন্দি
23. ভারতীয় সংবিধানের কোন ধারায় রাষ্ট্র পরিচালনার নির্দেশমূলক নীতিগুলি সন্নিবিষ্ট করা হয়েছে?
(a) 36-51 (b) 30-35 (c) 20-24 (d) 15-25
24. ভারতের প্রথম অর্থমন্ত্রী কে ছিলেন?
(a) জগজীবন রাম (b) জন মাথাই (c) আর কে শন্মুখম চেট্টি (d) সি এইচ ভাবা
25. ওয়াশিংটন ডিসি কোন নদীর তীরে অবস্থিত?
(a) দানিউব (b) পোটোম্যাক (c) মিসিসিপি (d) মস্কোভা
26. চেঙ্গিস খান কার রাজত্বকালে ভারত আক্রমণ করেছিলেন?
(a) ইলতুৎমিস (b) বলবন (c) আলাউদ্দিন খিলজি (d) কুতুবউদ্দিন আইবক
27. পদার্থবিদ্যায় 'ফোর্থ ডায়মেনশন'-এর আবিষ্কর্তা কে?
(a) নিউটন (b) নীলস বোর (c) আইনস্টাইন (d) গ্যালিলিও
28. 'LYSSA' কোন রোগের অপর নাম?
(a) এডস (b) ক্যানসার (c) রেবিস (d) কলেরা
29. সংবিধানে কতগুলি মৌলিক কর্তব্য আছে?
(a) 12 (b) 11 (c) 10 (d) 9
30. ভারতের প্রথম শ্রম মন্ত্রীর নাম কী?
(a) জন মাথাই (b) সর্দার প্যাটেল (c) মোরারজি দেশাই (d) জগজীবন রাম
31. বর্তমানে ভারতের বৃহত্তম রাজ্য (আয়তনে) কোনটি?
(a) মহারাষ্ট্র (b) মধ্যপ্রদেশ (c) রাজস্থান (d) উত্তরপ্রদেশ
32. একটি পেন্ডুলামের দোলনকাল কীসের উপর নির্ভর করে?
(a) গোলকের আকার (b) দৈর্ঘ্য (c) প্রস্থ (d) গোলকের ঘনত্ব
33. 'রত্নমালিকা গ্রন্থ' কার রচনা?
(a) অমোঘবর্ষ (b) কালিদাস (c) মহেন্দ্র বর্মন (d) দারাশুকো
34. মুঘলদের মধ্যে সর্বপ্রথম নৌবাহিনী ও নৌবহর গড়ে তোলেন কে?
(a) আকবর (b) জাহাঙ্গির (c) শাহজাহান (d) ঔরঙ্গজেব
35. গুয়াহাটি শহরের পূর্বতন নাম কী?
(a) বাদামপুর (b) নেফা (c) প্রাগজ্যোতিষপুর (d) মল্লারপুর
36. ভারতের প্রথম মহিলা কমান্ডো বাহিনী কোথায় গঠিত হয়েছে?
(a) আসাম (b) কেরালা (c) কর্ণাটক (d) অন্ধ্রপ্রদেশ
37. জ্বালামুখী মেলা কোন রাজ্যের একটি বিখ্যাত উৎসব?
(a) পাঞ্জাব (b) রাজস্থান (c) হিমাচল প্রদেশ (d) হরিয়ানা
38. ফুডাপ্পা জেলা ভারতের কোথায় অবস্থিত?
(a) কেরালা (b) কর্ণাটক (c) অন্ধ্রপ্রদেশ (d) তামিলনাড়ু
39. মাতলা নদীর তীরে কোন শহর তৈরি হয়েছে?
(a) রায়চক (b) ক্যানিং (c) কাঁথি (d) মেচেদা
40. কোচবিহার কার আমলে প্রথম মুঘল সাম্রাজ্যভুক্ত হয়?
(a) জাহাঙ্গির (b) শাহজাহান (c) আকবর (d) বাবর
41. স্বাধীন বাংলাদেশের জন্ম কত সালে হয়েছিল?
(a) 1947 (b) 1961 (c) 1971 (d) 1973
42. 'বেল' কীসের একক?
(a) ক্ষমতা (b) বৈদ্যুতিক রোধ (c) দীপ্তি প্রবাহ (d) শব্দের তীব্রতা
43. 'টুইঙ্কল টুইঙ্কল লিটল স্টার'— ছড়াটি কার লেখা?
(a) জন কিটস (b) জেন টেলার (c) রবার্ট ফ্রস্ট (d) হেনরি কোলারিজ
44. ভারতরত্ন সম্মানে ভূষিত প্রথম মহিলা কে?
(a) মাদার টেরিজা (b) লতা মঙ্গেশকর (c) ইন্দিরা গান্ধী (d) সরোজিনী নাইডু
45. নীচের কোন রাজ্যটির সঙ্গে বাংলাদেশের কোনও সীমারেখা নেই?
(a) মিজোরাম (b) মেঘালয় (c) আসাম (d) মণিপুর
46. 'অনাবাসী ভারতীয় দিবস' কোন দিন পালিত হয়?
(a) 9 জানুয়ারি (b) 31 মে (c) 10 ডিসেম্বর (d) 29 সেপ্টেম্বর
47. তেভাগা আন্দোলন কাদের সঙ্গে যুক্ত?
(a) কলকারখানার শ্রমিক (b) কৃষক (c) বাস্তুহারা (d) জোতদার
48. মৃণাল সেন পরিচালিত প্রথম ছবি কোনটি?
(a) মহাপৃথিবী (b) একদিন প্রতিদিন (c) রাতভোর (d) কোনওটিই নয়
49. 'ইয়াগো' চরিত্রটি কোথায় পাওয়া যায়?
(a) হ্যামলেট (b) কিংলিয়ার (c) দ্য মার্চেন্ট ভেনিস (d) ওথেলো
50. নীচের কোন নদীটি বঙ্গোপসাগরে পড়েছে?
(a) নর্মদা (b) তাপ্তি (c) লুনি (d) কৃষ্ণা
51. ঋগ্বেদ-এ মোট ক'টি স্তোত্র আছে?
(a) 1028 (b) 1032 (c) 1081 (d) 1034
52. 'ভ্রান্তিবিলাস' গ্রন্থটির রচয়িতা কে?
(a) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় (b) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (c) অমৃতলাল মজুমদার (d) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
53. এক ফ্যাদমে কত ফুট হয়?
(a) 6 ফুট (b) 8 ফুট (c) 10 ফুট (d) 12 ফুট
54. কাকে 'ভারতের মেকিয়াভেলি' বলা হয়?
(a) আলিবর্দি খান (b) চাণক্য (c) আবুল ফজল (d) কেউই নন
55. রাম-সীতার পুত্রদ্বয় লব-কুশ কোন মুনির আশ্রমে জন্মগ্রহণ করেছিল?
(a) বশিষ্ঠ (b) বিশ্বামিত্র (c) বাল্মীকি (d) বিশ্বশ্রব্য
56. শূলপাণি কোন যুগের প্রসিদ্ধ শিল্পী ছিলেন?
(a) কুষাণ যুগ (b) গুপ্ত যুগ (c) পাল যুগ (d) সেন যুগ
57. স্বাধীন ভারতের প্রথম গভর্নর জেনারেল কে ছিলেন?
(a) রাজেন্দ্রপ্রসাদ (b) লর্ড মাউন্টব্যাটেন (c) মহাত্মা গান্ধী (d) জওহরলাল নেহরু
58. কোন গভর্নর জেনারেলের সময় প্রথম ইঙ্গ-বর্মা যুদ্ধের সূচনা হয়?
(a) লর্ড আমহার্স্ট (b) লর্ড হেস্টিংস (c) জর্জ বার্লো (d) লর্ড মিন্টো
59. হোয়াইট ভিট্রিয়ল হল:
(a) $FeSO_4$, $7H_2O$ (b) $MgSO_4$, $7H_2O$ (c) $ZnSO_4$, $7H_2O$ (d) $CuSO_4$, $5H_2O$
60. কোন চোল রাজা বাংলা জয় করেছিলেন?
(a) রাজরাজ (b) প্রথম রাজেন্দ্র চোল (c) দ্বিতীয় রাজেন্দ্র চোল (d) রাজাধিরাজ
61. পেডাংকেল একটি:
(a) পাতার বৃন্ত (b) ফলের বৃন্ত (c) ফুলের বৃন্ত (d) কোনওটিই নয়
62. কত সালে বাল গঙ্গাধর তিলক 'কর দেব না' অভিযান করেছিলেন?
(a) 1896 (b) 1892 (c) 1890 (d) 1887
63. ইহুদিদের প্রধান ধর্মগ্রন্থের নাম কী?
(a) বাইবেল (b) কোরাণ (c) তানাক্ (d) জেন্দাবেস্তা
64. প্রথম কোন দেশে মহিলাদের ভোটদানের অধিকার দেওয়া হয়?
(a) ভারত (b) আমেরিকা (c) সৌদি আরব (d) নিউজিল্যান্ড
65. ফটোমিটার হল:
(a) তাপের পরিমাণ মাপক যন্ত্র (b) আলোকের তীব্রতা পরিমাপক যন্ত্র (c) বায়ুচাপ মাপক যন্ত্র (d) এগুলির কোনওটিই নয়

এরপর নয়ের পাতায়

ভারতীয় রেলে ১১১২৭ অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট

নিয়োগের সি বি টি-১ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. শূন্যস্থান পূরণ করুন:
A, D H, M ___, Z.
(a) S (b) T (c) R (d) U
2. 8, 24, _____, 56, 72
(a) 40 (b) 41 (c) 42 (d) 43
3. কোনও একটি সাংকেতিক লিপিতে SAND শব্দটিকে TBOE হিসেবে লিখলে ওই লিপি দ্বারা GATE শব্দটি কীভাবে লেখা হবে?
(a) HBUF (b) HDXJ (c) HXDJ (d) HUBF
4. CHOCOLATE শব্দটি দ্বারা নীচের কোন শব্দ গঠন করা যায়?
(a) COOLER (b) LATE (c) TELL (d) HEALTH
5. ? চিহ্নিত স্থানে কোন সংখ্যা বসবে?



(a) 15 (b) 16 (c) 9 (d) 12
6. যদি C = 3 এবং POLISH = 79 হয়, তবে POINTER = কত হবে?
(a) 95 (b) 96 (c) 97 (d) 98
7.

5	6	5
8	9	7
10	7	?
400	378	315

(a) 9 (b) 7 (c) 5 (d) 4
8. পাঁচজন বালিকা একটি দৌড়ে অংশ নেয়। রজনী, মিনুর আগে দৌড় সম্পন্ন করে। কিন্তু গীতার পিছনে থাকে। অরুণা সীমার আগে দৌড় সম্পন্ন করে কিন্তু মিনুর পিছনে থাকে। কে দৌড় প্রতিযোগিতায় জিতেছিল?
(a) গীতা (b) সীমা (c) মিনু (d) অরুণা
নির্দেশ (9 and 10): *নীচের সংখ্যা শ্রেণিগুলোর শূন্যস্থান পূরণ করুন।*
9. bbc ___ b __ cabb ___ a ___ bca.
(a) bcab (b) acbb (c) abcb (d) cabb
10. aa ____ c ___ abca ____ bcaab ____
(a) caab (b) aacb (c) baac (d) baca
11. BRACKET শব্দটির সাংকেতিক শব্দ যদি DPCAMCV হয় তবে BLOCK শব্দটির সাংকেতিক শব্দ কী হবে?
(a) DJQAN (b) DJQAM (c) DJQNA (d) DJQRN
নির্দেশ (12 to 14): নীচে কিছু তথ্য দেওয়া হল:
1. A, B, C, D, E, F বৃত্তাকারে বসে আছে।
2. A বসেছে B ও E-এর মাঝে।
3. C বসেছে D এবং F-এর মাঝে।
4. E বসেছে D-এর ঠিক ডানদিকে।
12. E-এর সাপেক্ষে F কোথায় বসে আছে?
(a) ঠিক বাঁদিকে (b) ডানদিক থেকে দ্বিতীয় (c) ডানদিক থেকে তৃতীয় (d) একেবারে ডানদিকে
13. E এবং C-এর মাঝে কে বসেছে?
(a) D (b) B (c) C (d) A
14. A-এর ডানদিকে কে বসেছে?
(a) B (b) E (c) D (d) F
নির্দেশ (15 to 17): নীচে একটি ছবি দেওয়া হল:
1. আয়তক্ষেত্র, পুরুষদের নির্দেশ করে।
2. ত্রিভুজ, শিক্ষিতদের নির্দেশ করে।
3. বৃত্ত শহরবাসীদের নির্দেশ করে।
4. বর্গক্ষেত্র WBCS অফিসারদের নির্দেশ করে।



15. শহরবাসী নয় কিন্তু শিক্ষিত পুরুষ কোন সংখ্যা দ্বারা নির্দেশিত?
(a) 4 (b) 9 (c) 5 (d) 11
16. নীচের ক'জন ব্যক্তি WBCS অফিসার নন এবং শিক্ষিত নন কিন্তু শহরবাসী এবং মহিলা?
(a) 2 (b) 3 (c) 6 (d) 10
17. কোন শহরবাসী মহিলা এবং একজন WBCS অফিসার?
(a) 6 (b) 7 (c) 10 (d) 13
নির্দেশ (18 to 20): নীচের প্রশ্নগুলোতে উপযুক্ত পদ/সংখ্যা/শব্দ কোনটি হবে?
18. Book : Pages : : ? : ?
(a) Writer : Write (b) Pen : Write (c) Car : Tyre (d) Tyre : Round
19. 555 : 551 : : 447 : ?
(a) 443 (b) 445 (c) 441 (d) 439
20. FOM : CLJ : : ? : ?
(a) RGS : POQ (b) RAX : OXU (c) JKN : MNQ (d) ACD : CBF
নির্দেশ (21 and 22): *নীচের (?) চিহ্নিত স্থানে পূর্বের সংখ্যাগুলোর সম-সম্পর্কযুক্ত সংখ্যা বসান:*
21. 210, 195, 175, 150, 120, ?
(a) 75 (b) 80 (c) 85 (d) 90
22. 2, 3, 5, 6, 7, 9, 10, 11, 13, ?
(a) 12 (b) 14 (c) 15 (d) 16

এরপর নয়ের পাতায়

চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

পি এস সি মিসলেনিয়াস

প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

আগের পাতার পর

66. কত খ্রিস্টাব্দে কলকাতায় সুপ্রিম কোর্ট স্থাপিত হয়?
(a) 1774 (b) 1780 (c) 1785 (d) 1788
67. সাঁওতাল বিদ্রোহের সূত্রপাত হয়েছিল ঝাড়খণ্ডের কোন গ্রাম থেকে?
(a) কৃষ্ণপুর (b) নীলগঞ্জ (c) ভগ্নাডিহি (d) বারবান্দা
68. আফ্রিকান ইউনিয়নের সদর দপ্তর কোথায় অবস্থিত?
(a) ঘানা (b) নাইজেরিয়া (c) দক্ষিণ আফ্রিকা (d) ইথিওপিয়া
69. 'জীবাশ্ম' নিয়ে পড়াশুনাকে বলে:
(a) ভ্রায়োলজি (b) হিস্টোলজি (c) প্যালিওন্টোলজি (d) পেট্রোলজি
70. 'লিটিল ভেনিস' কোনটি?
(a) কানাডা (b) ভেনেজুয়েলা (c) স্টকহোম (d) কিউবা
71. কেলুচরণ মহাপাত্র কী জন্য বিখ্যাত?
(a) গিটার (b) সানাই (c) তবলা (d) নৃত্য
72. স্বাধীনতার পর পশ্চিমবঙ্গের প্রথম মুখ্যমন্ত্রী কে ছিলেন?
(a) বিধানচন্দ্র রায় (b) জ্যোতি বসু (c) প্রফুল্ল ঘোষ (d) মৌলানা আজাদ
73. বিখ্যাত 'সালার জঙ্গ মিউজিয়াম' কোথায় অবস্থিত?
(a) তেলেঙ্গানা (b) আসাম (c) বিহার (d) মেঘালয়
74. দারুচিনি গাছের কোন অংশ মশলা রূপে ব্যবহৃত হয়?
(a) কাণ্ড (b) ছাল (c) শুকনো পাতা (d) ফুল
75. বিখ্যাত চরিত্র জেমস বন্ডের স্রষ্টা কে?
(a) স্যার আর্থার কোনান ডোয়েল (b) জেমস হ্যাডলি (c) ইয়ান ফ্রেমিং (d) এইচ জি ওয়েলস
76. অসিতবাবুর সঞ্চয় 20000 টাকা থেকে একটি প্রতিষ্ঠানকে ৪000 টাকা দান করেন। বাকি টাকা পুত্র ও কন্যাকে 3 : 2 অনুপাতে ভাগ করে দেন। কন্যার প্রাপ্য কত টাকা?
(a) 4800 (b) 4600 (c) 4400 (d) 4200
77. 25 জন লোক দৈনিক 115 মিটার রাস্তা সারাই করতে পারে। 45 জন লোক কাজ করলে দৈনিক কত মিটার রাস্তা সারাই হবে?
(a) 205 মিটার (b) 207 মিটার (c) 209 মিটার (d) 211 মিটার
78. 12 জন লোক একটি কাজ 30 দিনে করতে পারে। 20 দিনে কাজটি করতে হলে আরও কত বেশি লোক প্রয়োজন হবে?
(a) 5 জন (b) 6 জন (c) 7 জন (d) 8 জন
79. পিতা ও পুত্রের বর্তমান বয়সের অনুপাত 7 : 2। 5 বছর পরে ওই অনুপাত 8 : 3 হলে পিতা ও পুত্রের বর্তমান বয়স কত?
(a) 10, 25 (b) 70, 20 (c) 49, 14 (d) 35, 10
80. 16.60 টাকা কিলোগ্রাম দরের চিনির সঙ্গে 16.45 টাকা কিলোগ্রাম দরের চিনি কী অনুপাতে মিশ্রিত করলে, মিশ্র চিনির দাম হবে 16.54 টাকা প্রতি কিলোগ্রাম?
(a) 2 : 1 (b) 2 : 3 (c) 3 : 2 (d) 4 : 1
81. বার্ষিক 10% হারে কোনও ব্যাঙ্কে কিছু টাকা রেখে হরিবাবু দৈনিক 1 টাকা সুদ হিসেবে পান। তিনি ব্যাঙ্কে কত টাকা রেখেছিলেন?
(a) 3750 (b) 3850 (c) 3760 (d) 3650
82. কোনও আসল 10 বছরে দ্বিগুণ হলে, সুদের হার কত?
(a) 10% (b) 9% (c) 8% (d) 7%
83. 2000 টাকার 2 বছর 3 মাসে সুদ হয় 264 টাকা, সুদের বার্ষিক হার কত?
(a) 6% (b) $5\frac{13}{15}$ % (c) $6\frac{3}{4}$ % (d) $7\frac{2}{3}$ %
84. বিদ্যালয়ের প্রথম বর্ষের পরীক্ষায় একজন ছাত্র গণিতে 50-এর মধ্যে 30 ও ইংরেজিতে 40-এর মধ্যে 26 পেয়েছে। কোন বিষয়ে গড় নম্বর ভালো?
(a) ইংরেজিতে (b) গণিতে (c) দুটো বিষয়েই (d) কোনওটিই নয়
85. একটি ক্যাম্পে 95 জনের 200 দিনের খাবার ছিল, 5 দিন পর 30 জন চলে গেল, বাকি খাবার আর কতদিন চলবে?
(a) 285 (b) 280 (c) 275 (d) 260
86. এক মাঝি স্রোতের বিপরীতে 1 ঘণ্টায় 2 কিলোমিটার যায় ও স্রোতের অনুকূলে 10 মিনিটে 1 কিলোমিটার যায়। স্থির জলে 5 কিলোমিটার যেতে ওই মাঝির কত সময় লাগবে?
(a) 40 মিনিট (b) 1 ঘণ্টা (c) 1 ঘণ্টা 15 মিনিট (d) 1 ঘণ্টা 30 মিনিট
87. এক ব্যক্তি 150 টাকায় একটি দ্রব্য বিক্রি করায় তার 25% ক্ষতি হল। দ্রব্যটির ক্রয়মূল্য কত টাকা?
(a) 190 (b) 195 (c) 200 (d) 210
88. 40 জন লোক একটি কাজ 36 দিনে করতে পারে। 30 দিনে কাজটি করতে পারবে কত জন লোক?
(a) 48 (b) 42 (c) 40 (d) 50
89. $\frac{2}{3}, \frac{4}{9}, \frac{5}{6}$-এর ল.সা.গু নির্ণয় করুন:
(a) $\frac{20}{27}$ (b) $\frac{8}{27}$ (c) $\frac{20}{3}$ (d) $\frac{10}{3}$
90. বার্ষিক সরল সুদের হার 4% থেকে 5% হওয়ায় এক ব্যক্তির বার্ষিক আয় 1000 টাকা বেশি হয়। ব্যক্তিটির মূলধন কত?
(a) 10000 (b) 5000 (c) 1000 (d) 100000
91. একটি কাজ 20 জন শ্রমিক 12 দিনে করে। 15 জন করলে কত দিন লাগবে?
(a) 14 (b) 15 (c) 16 (d) 18
92. একটি আয়তকার মাঠের দৈর্ঘ্য 5% বাড়ে ও প্রস্থ 5% কমে গেলে ক্ষেত্রফল কত বাড়বে বা কমবে?
(a) 6.5% বাড়ে (b) 5.5% কমে (c) 5.5% বাড়ে (d) 6.5% কমে
93. 650 টাকা মুদ্রিত মূল্যের একটি বস্তু 572 টাকায় বিক্রি করায় কত শতাংশ ছাড় দেওয়া হয়?
(a) 12% (b) 13% (c) 21% (d) 26%
94. কোনও পরীক্ষায় একটি ছাত্রকে পাস করতে হলে পূর্ণমানের 33% পেতে হয়, সে 125 নম্বর পেয়ে 40 নম্বরের জন্য অকৃতকার্য হয়, পরীক্ষায় পূর্ণমান কত?
(a) 500 (b) 600 (c) 700 (d) 800
95. একটি ট্রেন 72 কিমি/ঘণ্টা গতিতে 25 সেকেন্ডে একটি খুঁটি অতিক্রম করে। ট্রেনের দৈর্ঘ্য নির্ণয় করুন:
(a) 400 মিটার (b) 450 মিটার (c) 500 মিটার (d) 550 মিটার
96. একটি সংখ্যা 40% কমিয়ে 180 হলে আসল সংখ্যা কত?
(a) 250 (b) 300 (c) 325 (d) 350
97. একটি সংখ্যা 20% বৃদ্ধি পেয়ে 720 হলে, আসল সংখ্যা কত?
(a) 500 (b) 525 (c) 575 (d) 600
98. A : 4.8 = 9.6 : 2.4 হলে A = ?
(a) 18 (b) 19 (c) 19.2 (d) 20
99. একটি দোকানে সাদাকালো ও রঙিন টিভির দামের অনুপাত 3 : 8, উভয়ের মোট দাম 12100 টাকা হলে, তাদের দামের পার্থক্য কত?
(a) 5000 (b) 5500 (c) 5700 (d) 5850
100. A ও B-র মাসিক বেতনের অনুপাত 13 : 5, প্রত্যেকের বেতন 200 টাকা বাড়লে অনুপাত হয় 13 : 21। A-র বেতন কত?
(a) 2400 (b) 2200 (c) 1800 (d) 1950

উত্তর

1(c), 2(d), 3(b), 4(d), 5(b), 6(a), 7(c), 8(b), 9(d), 10(c), 11(c), 12(b), 13(d), 14(a), 15(a), 16(d), 17(b), 18(c), 19(d), 20(a), 21(a), 22(c), 23(a), 24(c), 25(b), 26(a), 27(c), 28(c), 29(b), 30(d), 31(c), 32(b), 33(a), 34(a), 35(c), 36(a), 37(c), 38(c), 39(b), 40(a), 41(c), 42(d), 43(b), 44(c), 45(d), 46(a), 47(b), 48(c), 49(d), 50(d), 51(a), 52(b), 53(a), 54(b), 55(c), 56(d), 57(b), 58(a), 59(c), 60(b), 61(c), 62(a), 63(c), 64(d), 65(b), 66(a), 67(c), 68(d), 69(c), 70(b), 71(d), 72(c), 73(a), 74(b), 75(c), 76(a), 77(b), 78(b), 79(d), 80(c), 81(d), 82(a), 83(b), 84(a), 85(a), 86(c), 87(c), 88(a), 89(c), 90(d), 91(c), 92(b), 93(a), 94(a), 95(c), 96(b), 97(d), 98(c), 99(b), 100(a).

সমাধান

76(a): পুত্র ও কন্যার মোট প্রাপ্য = (20000 − 8000) টাকা = 12000 টাকা
পুত্র ও কন্যার প্রাপ্য টাকার অনুপাত = 3 : 2
∴ কন্যার প্রাপ্য = $\frac{2}{5} \times 12000$ টাকা = 4800 টাকা।
77(b): 25 জনে দৈনিক 115 মিটার রাস্তা সারাই হবে
1 জনে দৈনিক $\frac{115}{25}$ মিটার রাস্তা সারাই হবে.
45 জনে দৈনিক $\frac{115}{25} \times 45 = 207$ মিটার রাস্তা সারাই হবে।
78(b): ধরা যাক, x জন লোক কাজটি 20 দিনে করতে পারবে.

দিন সংখ্যা	লোক সংখ্যা
30	12
20	x

∴ $\frac{20}{30} = \frac{12}{x}$ বা, $20x = 30 \times 12$ বা, $x = \frac{30 \times 12}{20} = 18$
সুতরাং, আরও (18 − 12) বা 6 জন লোক লাগবে।
79(d): ধরা যাক, পিতা ও পুত্রের বর্তমান বয়স যথাক্রমে 7x ও 2x বছর
$\frac{7x+5}{2x+5} = \frac{8}{3} \Rightarrow 12x + 15 = 16x + 40 \Rightarrow 5x = 25 \Rightarrow x = 5$ বছর
বর্তমানে পিতার বয়স = (7 × 5) = 35 বছর
বর্তমানে পুত্রের বয়স = (2 × 5) = 10 বছর।
80(c): মিশ্রণে প্রথম ও দ্বিতীয় প্রকার চিনির অনুপাত হবে (16.54 − 16.45) : (16.60 − 16.54) = 0.09 : 0.06 = 9 : 6 = 3 : 2.
81(d): আসল = $\frac{1 \times 100 \times 365}{10} = 3650$ টাকা।
82(a): ধরা যাক, আসল x টাকা
10 বছরে আসল দ্বিগুণ হলে, 10 বছরে x টাকার সুদ হয় x টাকা
∴ সুদের হার = $\frac{x \times 100}{x \times 10} = 10\%$.
83(b): 2 বছর 3 মাস = $2 + \frac{3}{12}$ = বছর
সুদের হার = $\frac{100 \times 264}{2000 \times \frac{9}{4}} = \frac{26400}{4500} = \frac{264}{45} = 5\frac{13}{15}$.
84(a): গণিতে 50-এর মধ্যে 30 পেলে, গণিতে পায় $\frac{30}{50} = \frac{3}{5} = \frac{12}{20}$ অংশ
ইংরেজিতে 40-এর মধ্যে 26 পেলে, ইংরেজিতে নম্বর = $\frac{26}{40} = \frac{13}{20}$ অংশ
∴ ইংরেজিতে নম্বর ভালো।
85(a): 5 দিন পর (95 − 30) = 65 জন থাকে
ধরা যাক, এখন আর x দিন চলবে
$95 \times 195 = 65 \times x$ বা, $x = \frac{95 \times 195}{65} = 285$ দিন।
86(c): প্রতিকূলে বেগ 2 কিমি/ঘণ্টা, অনুকূলে বেগ 6 কিমি/ঘণ্টা
স্থির জলে বেগ $\frac{6+2}{2} = \frac{8}{2} = 4$ কিমি/ঘণ্টা

এরপর দশের পাতায়

ভারতীয় রেলে ১১১২৭ অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট

নিয়োগের সি বি টি-১ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

আগের পাতার পর

23. সুশীল A স্থান থেকে দক্ষিণ দিকে 5 কিমি গিয়ে ডানদিকে বেঁকে 2 কিমি গেল, আবার ডানদিকে বেঁকে 5 কিলোমিটার গেল। শেষে আবার বামদিকে বেঁকে 5 কিমি গেল। তাহলে এখন A স্থান হতে সে কত দূরে রয়েছে।
(a) 5 কিমি (b) 7 কিমি (c) 17 কিমি (d) 20 কিমি
24.

(a) 5 (b) 6 (c) 8 (d) 9
25.


(a) 84 (b) 85 (c) 86 (d) 87
26. কিছু টাকা রোহিত ও সোহমের মধ্যে 4 : 3 অনুপাতে ভাগ করে দেওয়া হল। সোহম 2400 টাকা পেলে মোট কত টাকা ছিল?
(a) 5200 (b) 5400 (c) 5600 (d) 5625
27. তিনটি সংখ্যার মধ্যে দ্বিতীয় সংখ্যাটি প্রথমটির দ্বিগুণ ও তৃতীয়টির তিনগুণ। সংখ্যা তিনটির গড় 44 হলে বৃহত্তম সংখ্যাটি কত?
(a) 24 (b) 36 (c) 72 (d) 75
28. 11টি সংখ্যার গড় 60। যদি প্রথম 5টি সংখ্যার গড় 58 ও শেষ 5টি সংখ্যার গড় 56 হয়, তবে ষষ্ঠ সংখ্যাটি কত?
(a) 90 (b) 85 (c) 100 (d) 105
29. শ্যামল সরল সুদে 3 বছরের জন্য 15000 টাকা ধার নেয়। যদি সে মোট 2700 টাকা সুদ দেয় তবে সুদের হার কত?
(a) 4% (b) 6% (c) 5% (d) 6.5%
30. 800 টাকা সরল সুদের হারে 3 বছরে সুদে-আসলে 920 টাকা হয়। সুদের হার 3% বাড়লে সুদে-আসলে কত টাকা হবে?
(a) 992 (b) 990 (c) 995 (d) 998
31. যদি $a^2 + b^2 + c^2 + 3 = 2(a + b + c)$ হয়, তবে $(a + b + c)$-এর মান নির্ণয় করুন:
(a) 2 (b) 3 (c) 4 (d) 5
32. একটি আয়তক্ষেত্রের ক্ষেত্রফল কত হবে যদি প্রস্থ 5 মিটার এবং তার দৈর্ঘ্য প্রস্থের দ্বিগুণ হয়?
(a) 50 বর্গমিটার (b) 52 বর্গমিটার (c) 54 বর্গমিটার (d) 56 বর্গমিটার
33. 5 টাকার 6টি আম ক্রয় করে 6 টাকায় 5টি করে বিক্রি করলে শতকরা কত লাভ হবে?
(a) 44% (b) 45% (c) 46% (d) 48%
34. 90 কিলোমিটার/ঘণ্টাকে মিটার/সেকেন্ডে পরিণত করুন:
(a) 22 মিটার/সেকেন্ড (b) 23 মিটার/সেকেন্ড (c) 24 মিটার/সেকেন্ড (d) 25 মিটার/সেকেন্ড
35. তিন অঙ্কবিশিষ্ট যে বৃহত্তম সংখ্যাকে 10, 12, 15 দ্বারা ভাগ করলে 5 অবশিষ্ট থাকে তা হল:
(a) 964 (b) 966 (c) 967 (d) 965
36. 10500 থেকে যে ক্ষুদ্রতম ধনাত্মক পূর্ণসংখ্যা বিয়োগ করলে বিয়োগফল একটি পূর্ণবর্গ হবে তা:
(a) 96 (b) 94 (c) 92 (d) 89
37. $(3)^{3.5} \times (9)^{2.2} \div 27 = (3)^?$
(a) 3.7 (b) 4.6 (c) 5.9 (d) 4.9
38. $255 \div 17 \div 5 = (?)^2$
(a) 9 (b) 3 (c) $\sqrt{3}$ (d) 27
39. $\sqrt{42 \times 3 + 14 \times 4 + 179} = ?$
(a) 17 (c) 18 (d) 19 (d) 20
40. একটি ট্রেন 210 মিটার দীর্ঘ ও 122 মিটার দীর্ঘ দু'টি সেতুকে যথাক্রমে 25 সেকেন্ড ও 17 সেকেন্ডে অতিক্রম করে। ট্রেনটির দৈর্ঘ্য কত?
(a) 68 মিটার (b) 65 মিটার (c) 64 মিটার (d) 62 মিটার
41. তাপস, সুজয়ের তুলনায় দ্বিগুণ দ্রুত কাজ করে। যদি দু'জনে একসঙ্গে 12 দিনে একটি কাজ করে তবে তাপস কাজটি কতদিনে করতে পারে?
(a) 18 (b) 16 (c) 15 (d) 14
42. একটি শ্রেণীতে 50 জন ছাত্রছাত্রী আছে। তাদের গড় ওজন 45 কিলোগ্রাম। একজন ছাত্র বেরিয়ে গেলে গড় ওজন 100 গ্রাম কমে যায়। ওই ছাত্রটির ওজন কত কিলোগ্রাম?
(a) 49 (b) 49.2 (c) 49.6 (d) 49.9
43. 30টি পেন ও 75টি পেনসিল মোট 510 টাকায় কেনা হয়, একটি পেনসিলের গড়মূল্য 2 টাকা হলে একটি পেনের গড়মূল্য কত?
(a) 9 (b) 10 (c) 12 (d) 13
44. দু'টি ট্রেনের গতিবেগের অনুপাত 6 : 7। দ্বিতীয় ট্রেনটি 4 ঘণ্টায় 364 কিলোমিটার গেলে প্রথম ট্রেনটির গতিবেগ ঘণ্টায় কত কিলোমিটার?
(a) 76 (b) 77 (c) 78 (d) 81
45. একট সমবাহু ত্রিভুজের পরিব্যাসের দৈর্ঘ্য 20 সেমি। ত্রিভুজটির অন্তঃব্যাসার্ধের দৈর্ঘ্য কত?
(a) 8 সেমি (b) 9 সেমি (c) 10 সেমি (d) 11 সেমি

এরপর দশের পাতায়

চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

ভারতীয় রেলে ১১১২৭ অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট

নিয়োগের সি বি টি-১ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

নয়ের পাতার পর

46. মানস সরোবর কোথায় অবস্থিত?
(a) ভারতে (b) নেপালে (c) ভুটানে (d) চিনে

47. বৃহৎ শস্যাগারের ধ্বংসাবশেষ সিন্ধু সভ্যতার কোন স্থানে পাওয়া গেছে?
(a) হরপ্পা (b) লোথাল (c) মহেঞ্জোদাড়ো (d) কালিবঙ্গান

48. ভারতের ধান উৎপাদনে প্রথম রাজ্য কোনটি?
(a) হরিয়ানা (b) পশ্চিমবঙ্গ (c) উত্তর প্রদেশ (d) পাঞ্জাব

49. কোন রাজ্য সবচেয়ে বেশি পরিমাণ ম্যাঙ্গানিজ উৎপাদন করে?
(a) ওড়িশা (b) উত্তর প্রদেশ (c) মধ্যপ্রদেশ (d) অন্ধ্রপ্রদেশ

50. চট্টগ্রাম অস্ত্রাগার লুন্ঠনের নেতা কে ছিলেন?
(a) ক্ষুদিরাম (b) মাষ্টার দা সূর্য সেন (c) সুভাষ চন্দ্র বসু (d) সরোদ বসু

51. ঔরঙ্গজেব কোন শিখ গুরুকে মৃত্যুদণ্ড দেন?
(a) গুরু অর্জুন (b) গুরু অমরদাস (c) গুরু গোবিন্দ সিং (d) গুরু তেগবাহাদুর

52. 'তিন বিঘা করিডর' যোগ করেছে:
(a) ভারত-পাকিস্তানকে (b) ভারত-চিনকে (c) ভারত-বাংলাদেশকে (d) ভারত-ভুটানকে

53. 'কেশরী' সংবাদপত্রের প্রতিষ্ঠাতা কে?
(a) অ্যানি বেসান্ত (b) লালা লাজপত রায় (c) বালগঙ্গাধর তিলক (d) লালা হরদয়াল

54. কে অনুশীলন সমিতি গঠন করেছিলেন?
(a) যতীন দাশ (b) পি মিত্র (c) অশ্বিনীকুমার দত্ত (d) বটুকেশ্বর দত্ত

55. নীচের কোন ভাস্কর্যটি মধ্যপ্রদেশের?
(a) ইলোরা (b) আঙ্কোরভাট (c) খাজুরাহ (d) মহাবলীপুরম

56. রিকেট রোগের লক্ষণ কোন ভিটামিনের অভাবে হয়?
(a) ভিটামিন-A (b) ভিটামিন-B (c) ভিটামিন-C (d) ভিটামিন-D

57. মানবদেহের স্বাভাবিক উষ্ণতা কত?
(a) 98.4°F (b) 97.5°F (c) 96.4°F (d) 27.4°F

58. প্লাঙ্ক ধ্রুবকের মাত্রা কোনটির মাত্রার সমান?
(a) রৈখিক ভরবেগ (b) ক্ষমতা (c) শক্তি (d) কোনওটিই নয়

59. হাইড্রোজেন সালফাইড এবং ওজোন এই দু'ই গ্যাসকে কীসের সাহায্যে শনাক্ত করা যায়?
(a) রঙের সাহায্যে (b) গন্ধের সাহায্যে (c) আয়তনের সাহায্যে (d) ব্যবহারের সাহায্যে

60. কপার ও দস্তা দিয়ে তৈরি হয়:
(a) কাঁসা (b) লোহা (c) ব্রোঞ্জ (d) পিতল

61. তড়িৎ যোজ্যতার সাহায্যে গঠিত যৌগকে কী বলে?
(a) সম-যোজী বন্ধন (b) সম-যোজ্যতা (c) তড়িৎ-যোজী যৌগ (d) তড়িৎ যোজ্যতা

62. নীচের কোনটির একটি প্রয়োজনীয় উপাদান নাইট্রোজেন?
(a) কার্বোহাইড্রেট (b) ফ্যাট (c) প্রোটিন (d) ভিটামিন

63. উদ্ভিদের কোষপ্রাচীরে কোন কার্বোহাইড্রেট থাকে?
(a) কাইটিন (b) সেলুলোজ (c) শ্বেতসার (d) গ্লাইকোজেন

64. লিপিডের সরল উপাদান কোনটি?
(a) ফ্যাটি অ্যাসিড ও গ্লিসারল (b) গ্লুকোজ (c) অ্যামাইনো অ্যাসিড (d) নিউক্লিক অ্যাসিড

65. বৃহত্তম উৎসেচক অণু কোনটি?
(a) অক্সিডেজ (b) ট্যাটালেজ (c) কার্বক্সিলেজ (d) পার অক্সিডেজ

66. শিল্প পদ্ধতিতে নাইট্রিক অ্যাসিড প্রস্তুতির পদ্ধতি হল:
(a) স্পর্শ পদ্ধতি (b) হেবার পদ্ধতি (c) অসওয়াল্ড পদ্ধতি (d) কোনওটিই নয়

67. 'রসায়নের রাজা' কাকে বলে?
(a) ফরমিক অ্যাসিড (b) গাঢ় সালফিউরিক অ্যাসিড (c) গাঢ় নাইট্রিক অ্যাসিড (d) গাঢ় হাইড্রোজেন অ্যাসিড

68. কার্বনের চিহ্ন কোনটি?
(a) C (b) Ca (c) CO (d) Cn

69. চিনির অন্তর্ধূম পাতনের ফলে যে অবশিষ্ট পাওয়া যায়, তাকে বলে:
(a) কোক কয়লা (b) অস্থি অঙ্গার (c) কাঠ কয়লা (d) শর্করা কয়লা

70. সবচেয়ে উৎকৃষ্ট মানের কয়লা হল:
(a) পিট (b) লিগনাইট (c) অ্যানথ্রাসাইট (d) বিটুমিনাস

71. পাথর ও কাচ পালিশ করতে কী ব্যবহৃত হয়?
(a) আয়োডিন (b) সালফার (c) কার্বোনেডো (d) সিলভার

72. গ্রাফাইটের কেলাসের আকৃতি হল:
(a) চতুস্তলক (b) ঘনক (c) ষড়ভুজাকৃতি (d) বলয়াকৃতি

73. কাপড় কাচার সোডার বৈশিষ্ট্য হল:
(a) সাদা (b) গন্ধহীন (c) কেলাসাকার (d) সবক'টি ধর্ম সত্য

74. তরলায়িত প্রাকৃতিক গ্যাসকে বলা হয়:
(a) LPG (b) CNG (c) DNG (d) কোনওটিই নয়

75. অম্লবৃষ্টি সৃষ্টিকারী গ্যাস হল:
(a) SO_2 (b) NO (c) NH_3 (d) CO

উত্তর

1(a), 2(a), 3(a), 4(b), 5(c), 6(c), 7(a), 8(a), 9(c), 10(c), 11(b), 12(c), 13(a), 14(a), 15(d), 16(b), 17(c), 18(c), 19(b), 20(b), 21(c), 22(b), 23(b), 24(b), 25(c), 26(c), 27(c), 28(a), 29(b), 30(a), 31(b), 32(a), 33(a), 34(d), 35(d) 36(a), 37(d), 38(c), 39(c), 40(b), 41(a), 42(d), 43(c), 44(c), 45(c), 46(d), 47(c), 48(b), 49(a), 50(b), 51(d), 52(c), 53(c), 54(b), 55(c), 56(d), 57(a), 58(c), 59(b), 60(d), 61(c), 62(c), 63(b), 64(a), 65(b), 66(c), 67(b), 68(a), 69(d), 70(c), 71(c), 72(c), 73(d), 74(b), 75(a).

সমাধান

1(a): $A \xrightarrow{+3} D \xrightarrow{+4} H \xrightarrow{+5} M \xrightarrow{+6} S \xrightarrow{+7} Z$.

2(a): সিরিজটি: $8 \times 1/8 \times 3/8 \times 5/8 \times 7/8 \times 9$ এইভাবে গঠিত।

3(a):
S A N D
↓+1 ↓+1 ↓+1 ↓+1
T B O E
একইভাবে, G A T E
↓+1 ↓+1 ↓+1 ↓+1
H B U F

4(b): CHOCOLATE শব্দটি দিয়ে LATE শব্দটি তৈরি করা যাবে।

5(c): $11 + 5 = 16$ তেমনি, $7 + 9 = 16$.

6(c): $C = 3 \Rightarrow$ POLISH $= 16 + 15 + 12 + 9 + 19 + 8 = 79$
POINTER $16 + 15 + 9 + 14 + 20 + 5 + 18 = 97$.

7(a): $5 \times 8 \times 10 = 400$, $6 \times 9 \times 7 = 378$, $5 \times 7 \times 9 = 315$.

8(a): ব্যাখ্যা: গীতা > রজনী > মিনু > অরুণা > সীমা।

9(c): bbc<u>a</u>/b<u>b</u>ca/bb<u>c</u>a/<u>b</u>bca.

10(c): aa<u>b</u>c/<u>a</u>abc/a<u>a</u>bc/aab<u>c</u>.

11(b): অক্ষরগুলো পর্যায়ক্রমে +2 ধাপ এগিয়ে এবং – 2 ধাপ পিছিয়ে গেছে।
B R A C K E T
↓+2 ↓–2 ↓+2 ↓–2 ↓+2 ↓–2 ↓+2
D P C A M C V
একইভাবে, B L O C K
↓+2 ↓–2 ↓+2 ↓–2 ↓+2
D J Q A M

নির্দেশ (12 and 14): নীচে বসার অবস্থানটি দেখানো হল:



12(c): ডানদিক থেকে তৃতীয়।

13(a); D, 14(a) B.

15(d): 11, 16(b): 3, 17(c): 10.

19(b): 533 : 551 (–2) একইভবে, 447 : 445 (–2)

20(b):
F O M একইভাবে, R A X
↓–3 ↓–3 ↓–3 ↓–3 ↓–3 ↓–3
C L J O X U

21(c): সংখ্যাশ্রেণীটি সাজানো আছে: –15, –20, – 25, –30, –35
$210 \xrightarrow{-15} 195 \xrightarrow{-20} 175 \xrightarrow{-25} 150 \xrightarrow{-30} 120 \xrightarrow{-35} 85$.

22(b); 2, 3, 5, 6, 7, 9, 10, 11, 13, ? 14
এই সংখ্যাশ্রেণীটি 3টি উপায়ে সজ্জিত আছে
I. 2, 6, 10 14, II. 3, 7, 11, 15, III. 5, 9, 13, 17.

23(b):



24(b): $\frac{50+31}{9} = 9$, $\frac{42+21}{9} = 7$, $\frac{43+11}{9} = 6$

25(c): $2^2 + 2^2 + 4^2 + 3^2 = 33$, $2^2 + 3^2 + 4^2 + 5^2 = 54$
$3^2 + 4^2 + 5^2 + 6^2 = 86$.

26(c): ধরা যাক, রোহিত ও সোহমের টাকা যথাক্রমে 4x ও 3x হলে,
$3x = 2400$
বা, $7x = \frac{2400 \times 7x}{3x} = 5600$ টাকা।

27(c): ধরা যাক, সংখ্যা তিনটি যথাক্রমে 1.5x, 3x ও x
$(1.5x + 3x + x) = 5.5x = 44 \times 3$
$\Rightarrow x = \frac{44 \times 3 \times 10}{55} = 24$
∴ বৃহত্তম সংখ্যাটি হবে $24 \times 3 = 72$.

28(a): ষষ্ঠ সংখ্যাটি হবে $[(11 \times 60 - \{5 \times 58 + 5 \times 56\}]$
$= 660 - (290 + 280) = 660 - 570 = 90$.

29(b): $\frac{15000 \times r \times 3}{100} = 2700 \Rightarrow r = \frac{2700 \times 100}{15000 \times 3} = 6\%$

30(a): 3 বছরে সুদ হয় $(920 - 800) = 120$ টাকা
এখন সুদের হার r% হলে $\frac{800 \times r \times 3}{100} = 120$
বা, $r = \frac{120 \times 100}{800 \times 3} = 5\%$
তাহলে সুদের হার $(5 + 3) = 8\%$ হলে,
ওই টাকা 3 বছরে হবে $800 + \frac{800 \times 8 \times 3}{100} = (800 + 192) = 992$ টাকা।

31(b): $a^2 + b^2 + c^2 + 3 = 2a + 2b + 2c$

পি এস সি মিসলেনিয়াস

প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

নয়ের পাতার পর

তাহলে, 5 কিমি যেতে সময় লাগবে $= \frac{5}{4} \times 60 = 75$ মিনিট
$= 1$ ঘণ্টা 15 মিনিট

87(c): ক্রয়মূল্য $= 150 \times \frac{100}{100-25} = 150 \times \frac{100}{75} = 200$ টাকা।

88(a): 36 দিনে কাজটি করে = 40 জন
30 দিনে কাজটি করে $= \frac{36 \times 40}{30} = 48$ জন।

89(c): $\frac{2, 4, 5 \text{ -এর ল.সা.গু}}{3, 9, 6 \text{ -এর গ.সা.গু}} = \frac{20}{3}$

90(d): $1\% = 1000$, $100 = 100000$.

91(c): $20 \times 12 = 240 \Rightarrow \frac{240}{15} = 16$.

92(b): ধরা যাক, দৈর্ঘ্য 100 মিটার ও প্রস্থ 50 মিটার হলে ক্ষেত্রফল $= 100 \times 50 = 5000$ বর্গমিটার
পরিবর্তিত দৈর্ঘ্য 105 মিটার ও প্রস্থ 45 মিটার হলে ক্ষেত্রফল হবে $105 \times 45 = 4725$ বর্গমিটার
তাহলে কমে $\frac{(5000-4725)}{5000} \times 100 = \frac{275}{5000} \times 100 = 5.5\%$.

93(a): 527 টাকায় বিক্রি করায় $(650 - 572) = 78$ টাকা ছাড় দেন
তাহলে, শতকরা ছাড় $\frac{78}{650} \times 100 = 12\%$.

94(a): $33\% = (125 + 40) = 165$ নম্বর
বা, $100\% = \frac{165 \times 100}{33} = 500$ নম্বর।

95(c): 72 কিলোমিটার/ঘণ্টা = 20 মিটার/সেকেন্ড $= 20 \times 25 = 500$.

96(b): $60\% = 180 \Rightarrow 100\% = \frac{180}{60} \times 100 = 300$.

97(d): $120\% = 720 \Rightarrow 100\% = \frac{720 \times 100}{120} = 600$.

98(c): $\frac{A}{4.8} = \frac{9.6}{2.4} \Rightarrow A = \frac{9.6 \times 4.8}{2.4} = 19{,}2$.

99(b): দামের পার্থক্য $= 12100 \times \left(\frac{8}{11} - \frac{3}{11}\right)$ টাকা
$= 12100 \times \frac{5}{11}$ টাকা $= 5500$ টাকা।

100(a): প্রশ্নানুযায়ী, $\frac{3x + 200}{5x + 200} = \frac{13}{21}$
$\Rightarrow 63x + 4200 = 65x + 2600 \Rightarrow 2x = 1600 \Rightarrow x = 800$ টাকা
∴ A-র বেতন $= 3 \times 800 = 2400$ টাকা।

প্রস্তুত করেছেন: সাগর রায়

$\Rightarrow a^2 + 1 - 2a + b^2 + 1 - 2b + c^2 + 1 - 2c = 0$
$\Rightarrow (a - 1)^2 + (b - 1)^2 + (c - 1)^2 = 0$
$(a - 1)^2 = 0 \Rightarrow a = 1$, $(b - 1)^2 = 0 \Rightarrow b = 1$
$(c - 1)^2 - 0 \Rightarrow c = 1$
$\Rightarrow a + b + c = 1 + 1 + 1 = 3$.

32(a): আয়তক্ষেত্রের প্রস্থ = 5 মিটার
আয়তক্ষেত্রের দৈর্ঘ্য, প্রস্থের দ্বিগুণ $= 2 \times 5 = 10$ মিটার
ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ $= 10 \times 5 = 50$ বর্গমিটার।

33(a): 6টি আমের ক্রয়মূল্য 5 টাকা.
1টি আমের ক্রয়মূল্য $\frac{5}{6}$ টাকা
5টি আমের বিক্রয়মূল্য 6 টাকা
1টি আমের বিক্রয়মূল্য $\frac{6}{5}$ টাকা
∴ 1টি আমের বিক্রয়মূল্য $\left(\frac{6}{5} - \frac{5}{6}\right)$ টাকা $= \frac{36-25}{30} = \frac{11}{30}$ টাকা
∴ নির্ণেয় লাভের হার $= \frac{\frac{11}{30}}{5/6} \times 100 = \frac{11}{30} \times \frac{6}{5} \times 100 = 44\%$.

34(d): 90 কিলোমিটার $= 90 \times 1000$ মিটার $= 90{,}000$ মিটার
1 ঘণ্টা $= 60 \times 60$ সেকেন্ড $= 3600$ সেকেন্ড
90 কিমি/ঘণ্টা $= \frac{90000}{3600} = 25$ মিটার/সেকেন্ড।

35(d): 10, 12, 15-এর ল.সা.গু = 60

```
2 | 10 12 15
3 |  5  6 15
5 |  5  2  5
     1  2  1
```

```
60 ) 999 ( 16
     60
     ---
     399
     360
     ---
      39
```

∴ বৃহত্তম সংখ্যা $= 999 - 39 + 5 = 965$.

36(a):

```
       ‾10 ‾500 | 102
        1
202 |   500
        400
        ---
         96
```

এরপর আগামী সংখ্যায়

প্রস্তুত করেছেন: সাগর রায়

ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ ফোর্সে
হেড কনস্টেবল

মোটর মেকানিক এবং এডুকেশন অ্যান্ড স্ট্রেস কাউন্সেলর বিভাগে ৩৭ জন হেড কনস্টেবল নেবে ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ ফোর্স। মহিলা প্রার্থীরা শুধুমাত্র এডুকেশন অ্যান্ড স্ট্রেস কাউন্সেলর বিভাগের জন্য আবেদন করবেন। প্রাথমিক ভাবে এটি অস্থায়ী নিয়োগ, পরে স্থায়ী হওয়ার সম্ভাবনা রয়েছে।

বিভাগ অনুসারে শূন্যপদের বিন্যাস: মোটর মেকানিক: ২১টি (সাধারণ ৭, তফসিলি জাতি ৪, ওবিসি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চ মাধ্যমিক। সেই সঙ্গে মোটর মেকানিক ট্রেডে আইটিআই সার্টিফিকেট-সহ কোনও স্বীকৃত ওয়ার্কশপে ৩ বছরের অভিজ্ঞতা। অথবা অটোমোবাইল ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা।

এডুকেশন অ্যান্ড স্ট্রেস কাউন্সেলর: ১৬টি। পুরুষ ১৪টি (সাধারণ ৩, তফসিলি উপজাতি ২, ওবিসি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ১)। মহিলা ২টি (সাধারণ ১, ওবিসি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক। স্নাতকে অন্যতম প্রধান বিষয় হিসেবে সাইকোলজি পড়ে থাকতে হবে। অথবা যে-কোনও শাখায় স্নাতক ডিগ্রি-সহ বি এড বা বিটি।

প্রাক্তন সমরকর্মীদের জন্য নিয়মানুসারে শূন্যপদ সংরক্ষিত থাকবে।

বয়স: ২৭-১০-২০২৬ তারিখে ২০ থেকে ২৫ (মোটর মেকানিক ট্রেডের ক্ষেত্রে ১৮ থেকে ২৫) বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

বেতনক্রম: ২৫,৫০০-৮১,১০০ টাকা।

দৈহিক মাপজোক: পুরুষদের ক্ষেত্রে উচ্চতা: ১৭০ সেমি (গোর্খাদের ক্ষেত্রে ১৬৫ সেমি, তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি)। মহিলাদের ক্ষেত্রে উচ্চতা: ১৫৭ সেমি (গোর্খাদের ক্ষেত্রে ১৫৫ সেমি, তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৫৪ সেমি)। বুকের ছাতি: শুধুমাত্র পুরুষদের ক্ষেত্রে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি (গোর্খাদের ক্ষেত্রে যথাক্রমে ৭৮ ও ৮৩ সেমি)। সব ক্ষেত্রেই বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন হতে হবে। **দৃষ্টিশক্তি:** চশমা ছাড়া ন্যূনতম দূরের ক্ষেত্রে এক চোখে ৬/৬, অন্য চোখে ৬/৯। কাছের ক্ষেত্রে ভালো চোখে এন-সিক্স, খারাপ চোখে এন-নাইন।

রং চেনার ক্ষমতা সিপি-থ্রি মানের হতে হবে।

প্রার্থীকে শারীরিক ভাবে সক্ষম হতে হবে। ভাঙা হাঁটু, চ্যাটালো পায়ের পাতা, তির্যক চাউনি, শিরাস্ফীতি থাকলে চলবে না।

প্রার্থী বাছাই করা হবে তিনটি পর্যায়ে— প্রথম পর্যায়ে থাকবে দৈহিক সক্ষমতার পরীক্ষা ও দৈহিক মাপজোক যাচাই। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে পুরুষদের ক্ষেত্রে ৭ মিনিট ৩০ সেকেন্ডে ১.৬ কিলোমিটার দৌড়, তিনটি সুযোগে ১১ ফুট লং জাম্প, তিনটি সুযোগে সাড়ে ৩ ফুট হাই জাম্প। মহিলাদের ক্ষেত্রে থাকবে ৪ মিনিট ৪৫ সেকেন্ডে ৮০০ মিটার দৌড়, তিনটি সুযোগে ৯ ফুট লং জাম্প, তিনটি সুযোগে ৩ ফুট হাই জাম্প। প্রাক্তন সমরকর্মীদের দৈহিক সক্ষমতার পরীক্ষা দিতে হবে না।

দ্বিতীয় পর্যায়ে থাকবে লিখিত পরীক্ষা। এডুকেশন অ্যান্ড স্ট্রেস কাউন্সেলর ট্রেডের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে এই সব বিষয়ে: জেনারেল ইংলিশ (১০ নম্বর), জেনারেল হিন্দি (১০ নম্বর), জেনারেল অ্যাওয়্যারনেস (১০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড অ্যান্ড সিম্পল রিজনিং (১০ নম্বর), সাইকোলজি (৬০ নম্বর)। সময়সীমা ২ ঘণ্টা। মোটর মেকানিক ট্রেডের ক্ষেত্রে প্রশ্ন হবে এই সব বিষয়ে: জেনারেল নলেজ (১০ নম্বর), ম্যাথমেটিক্স (১০ নম্বর), হিন্দি বা ইংরেজি (২০ নম্বর) এবং সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক প্রশ্ন (৬০ নম্বর)। সময়সীমা ২ ঘণ্টা।

তৃতীয় পর্যায়ে থাকবে মেডিক্যাল এক্সামিনেশন।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://recruitment.itbpolice.nic.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। ২৭ অক্টোবর পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে।

অনলাইন পদ্ধতিতে আবেদনের ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। মহিলা, তফসিলি ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে হবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

ব্যাঙ্ক অব বরোদায় ১১০০
ওয়েল্‌থ এক্সিকিউটিভ, ক্রেডিট অ্যানালিস্ট

ওয়েল্‌থ এক্সিকিউটিভ ও ক্রেডিট অ্যানালিস্ট পদে ১,১০০ জনকে নেবে ব্যাঙ্ক অব বরোদা। নিয়োগ করা হবে জুনিয়র ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-ওয়ান এবং মিডল ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-টুয়ে। প্রথমে ১ বছরের প্রবেশন। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: BOB/HRM/REC/ADVT/2026/17.

প্রসঙ্গত, 'কর্মক্ষেত্র'-র ৯ সেপ্টেম্বর সংখ্যায় এই নিয়োগ-সংক্রান্ত বিষয়ে বিশদে জানানো হয়েছিল। আবেদনের শেষ তারিখ বর্ধিত হওয়ায় সংবাদটি পুনর্মুদ্রিত হল।

শূন্যপদের বিবরণ: ওয়েল্‌থ এক্সিকিউটিভ (জেএমজি/এস-ওয়ান): ১,০০০টি (সাধারণ ৪০৫, তফসিলি জাতি ১৫০, তফসিলি উপজাতি ৭৫, ওবিসি ২৭০, আর্থিক ভাবে অনগ্রসর ১০০)। এর মধ্যে ৪০টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে নিম্নলিখিত যে-কোনও একটি সার্টিফিকেট থাকতে হবে— আইসি ৩৮ (ইনশিওরেন্স ইনস্টিটিউট অব ইন্ডিয়া), এনআইএসএম সিরিজ ৫-এ, এনআইএসএম সিরিজ ২১-এ, এনআইএসএম সিরিজ ৫-ডি। ম্যানেজমেন্টে ২ বছরের পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা অথবা ফিনান্স বা মার্কেটিং বা ব্যাঙ্কিংয়ে স্পেশ্যালাইজেশন-সহ এমবিএ থাকলে অগ্রাধিকার। পাশাপাশি, সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ২২ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ৪৮,৪৮০-৮৫,৯২০ টাকা।

ক্রেডিট অ্যানালিস্ট-সি অ্যান্ড আইসি (এমএমজি/এস-টু): ১০০টি (সাধারণ ৪০, তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ৮, ওবিসি ২৭, আর্থিক ভাবে অনগ্রসর ১০)। এর মধ্যে ৪টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি পাশ করে থাকতে হবে। পাশাপাশি, সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। কর্পোরেট ক্রেডিট বিষয়ে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **বয়স:** ২১ থেকে ৩৩ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ৬৪,৮২০-৯৩,৯৬০ টাকা।

১-৯-২০২৬ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন টেস্ট, সাইকোমেট্রিক টেস্ট ও গ্রুপ ডিসকাশন বা পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। অনলাইন টেস্টে প্রশ্ন হবে এই সব বিষয়ে (বন্ধনীতে নম্বর): ইংলিশ ল্যাঙ্গুয়েজ (২০), রিজনিং এবিলিটি অ্যান্ড কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (২০), জেনারেল/ইকনমিক অ্যান্ড ব্যাঙ্কিং অ্যাওয়্যারনেস (২০) এবং সংশ্লিষ্ট বিষয় (৬০)। সময় ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল— কলকাতা, হুগলি, কল্যাণী, শিলিগুড়ি, দুর্গাপুর, আসানসোল ও বর্ধমান।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bankofbaroda.bank.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১ অক্টোবর (পূর্বে ২৪ সেপ্টেম্বর ছিল) পর্যন্ত।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ৮৫০ টাকা (মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ১৭৫ টাকা)। ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত। ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

স্কুল সার্ভিস: একাদশ-দ্বাদশে শিক্ষকের শূন্যপদে নতুন বিন্যাস

নিজস্ব প্রতিনিধি: স্কুল সার্ভিস কমিশন পরিচালিত ২০২৫ সালের স্টেট লেভেল সিলেকশন টেস্টের মাধ্যমে রাজ্যের সরকারি স্কুলগুলির একাদশ ও দ্বাদশ শ্রেণিতে শিক্ষক (অ্যাসিস্ট্যান্ট টিচার-পিজি ক্যাটেগরি) নিয়োগের জন্য ১২,৪৪৫টি শূন্যপদের পুনর্বিন্যাস ঘটানো হল। পশ্চিমবঙ্গে ওবিসি ক্যাটেগরির জন্য সংরক্ষণের হার ১৭ শতাংশ থেকে নামিয়ে এনে ৭ শতাংশ করার ফলেই শূন্যপদের এই পুনর্বিন্যাস।

২৬ সেপ্টেম্বর শূন্যপদের নতুন তালিকা প্রকাশ করেছে স্কুল সার্ভিস কমিশন। প্রকাশিত তালিকাটি পর্যালোচনা করলে দেখা যাচ্ছে, সাধারণ ক্যাটেগরির প্রার্থীদের জন্য শূন্যপদের সংখ্যা বেড়েছে। সংশোধিত তালিকাটি দেখতে পাবেন এই ওয়েবসাইটে: www.westbengalssc.com

দক্ষিণ রেলে দক্ষ খেলোয়াড়

প্রথম পাতার পর

(পুরুষ), ভলিবল, ক্রিকেট, বাস্কেটবল (পুরুষ), হকি (পুরুষ), ওয়েটলিফটিং।

শূন্যপদের বিন্যাস: লেভেল-১ ক্যাটেগরির ক্ষেত্রে ৪৬টি, লেভেল-৩/২ ক্যাটেগরির ক্ষেত্রে ১৬টি, লেভেল-৫/৪ ক্যাটেগরির ক্ষেত্রে ৫টি।

শিক্ষাগত যোগ্যতা: লেভেল-৫/৪ ক্যাটেগরির ক্ষেত্রে যে-কোনও শাখায় স্নাতক। লেভেল-৩/২ ক্যাটেগরির ক্ষেত্রে উচ্চ মাধ্যমিক বা সমতুল। অথবা মাধ্যমিক-সহ অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ। অথবা মাধ্যমিক-সহ এনসিভিটি বা এসসিভিটি স্বীকৃত আইটিআই কোর্স পাশ। লেভেল-১ ক্যাটেগরির ক্ষেত্রে মাধ্যমিক বা আইটিআই বা এনসিভিটি স্বীকৃত ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ।

খেলাধুলার যোগ্যতা: লেভেল-৫/৪ ক্যাটেগরির ক্ষেত্রে এই সব প্রতিযোগিতার যে-কোনও একটিতে অংশ নিয়ে অন্তত তৃতীয় স্থান অধিকার করে থাকতে হবে— বিশ্বকাপ (জুনিয়র বা সিনিয়র বা ইয়ুথ), ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপ (জুনিয়র/ সিনিয়র ক্যাটেগরি), এশিয়ান গেমস (সিনিয়র ক্যাটেগরি), কমনওয়েলথ গেমস (সিনিয়র ক্যাটেগরি), ইয়ুথ অলিম্পিক্স, চ্যাম্পিয়ন্স ট্রফি (হকি)।

লেভেল-৩/২ ক্যাটেগরির ক্ষেত্রে এই সব প্রতিযোগিতার যে-কোনও একটিতে দেশের প্রতিনিধিত্ব করে থাকতে হবে— বিশ্বকাপ (জুনিয়র বা সিনিয়র বা ইয়ুথ), বিশ্ব-চ্যাম্পিয়নশিপ (জুনিয়র বা সিনিয়র), এশিয়ান গেমস (সিনিয়র), কমনওয়েলথ গেমস (সিনিয়র), ইয়ুথ অলিম্পিক্স, চ্যাম্পিয়ন্স ট্রফি (হকি)। অথবা, এই সব প্রতিযোগিতার কোনও একটিতে অংশ নিয়ে অন্তত তৃতীয় স্থান অধিকার করে থাকতে হবে— কমনওয়েলথ চ্যাম্পিয়নশিপ (জুনিয়র বা সিনিয়র), এশিয়ান চ্যাম্পিয়নশিপ বা এশিয়া কাপ (জুনিয়র বা সিনিয়র), সাফ গেমস (সিনিয়র), ইউএসআইসি চ্যাম্পিয়নশিপ (সিনিয়র), ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমস, ন্যাশনাল চ্যাম্পিয়নশিপ (সিনিয়র বা জুনিয়র বা ইয়ুথ), ইন্ডিয়ান অলিম্পিক্স অ্যাসোসিয়েশনের আওতাধীন ন্যাশনাল গেমস, অল ইন্ডিয়া ইন্টার ইউনিভার্সিটি চ্যাম্পিয়নশিপ। অথবা, সিনিয়র ক্যাটেগরির ফেডারেশন কাপ চ্যাম্পিয়নশিপে প্রথম স্থান অধিকার করে থাকতে হবে।

লেভেল-১ ক্যাটেগরির ক্ষেত্রে এই সব প্রতিযোগিতার কোনও একটিতে দেশের প্রতিনিধিত্ব করে থাকতে হবে— কমনওয়েলথ চ্যাম্পিয়নশিপ, এশিয়ান চ্যাম্পিয়নশিপ, এশিয়া কাপ (জুনিয়র বা সিনিয়র), সাফ গেমস, ইউএসআইসি চ্যাম্পিয়নশিপ (সিনিয়র), ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমস। অথবা, ফেডারেশন কাপ চ্যাম্পিয়নশিপে (সিনিয়র) তৃতীয় স্থান। অথবা সিনিয়র ন্যাশনাল চ্যাম্পিয়নশিপে (ম্যারাথন ও ক্রস কান্ট্রি ছাড়া) অষ্টম স্থান অর্জন করে থাকতে হবে। অথবা ন্যাশনাল চ্যাম্পিয়নশিপ (ইয়ুথ বা সিনিয়র) বা ন্যাশনাল গেমস বা অল ইন্ডিয়া ইন্টার ইউনিভার্সিটি চ্যাম্পিয়নশিপে অন্তত তৃতীয় স্থান অধিকার করে থাকতে হবে।

১-৪-২০২৪ তারিখ ও তার পরে অনুষ্ঠিত ক্রীড়াপ্রতিযোগিতায় অংশ নিয়ে থাকলে আবেদন করবেন।

বয়স: ১-১-২০২৭ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীদের ক্ষেত্রে কোনও ছাড় নেই।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষা ক্ষেত্রে প্রাপ্ত নম্বর এবং খেলাধুলার ট্রায়ালের ভিত্তিতে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rrcmas.in প্রার্থীর বৈধ ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। দরখাস্তের শেষ তারিখ ২৫ অক্টোবর। দরখাস্তের সময় জেপিজি বা জেপেগ ফর্ম্যাটে প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের ফটো (৫০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে), সই (১০ থেকে ৪০ কেবি সাইজের মধ্যে), বয়স, শিক্ষাগত যোগ্যতা ও খেলাধুলার যোগ্যতা-সংক্রান্ত নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল, সচিত্র পরিচয়পত্রের স্বপ্রত্যয়িত নকল, কাস্ট, ওবিসি, দৈহিক প্রতিবন্ধী, সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত, প্রাক্তন সমরকর্মী ও আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল স্ক্যান করে আপলোড করতে হবে। এক মাসের বেশি পুরনো ফটো চলবে না।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (মহিলা, তফসিলি, আর্থিক ভাবে অনগ্রসর, সংখ্যালঘু, প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ২৫০ টাকা)। ট্রায়ালে অংশ নিলে ব্যাঙ্ক চার্জ বাদ দিয়ে যথাক্রমে ৪০০ টাকা এবং ২৫০ টাকা ফেরত পাওয়া যাবে। অনলাইন পদ্ধতিতে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে।

ফি জমা দেওয়ার পর ই-রিসিটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

সিআরপিএফে ৫২১

প্রথম পাতার পর

ক্যাটেগরিতে স্বর্ণ বা রৌপ্য পদক পেয়ে থাকতে হবে।

কনস্টেবল পদের ক্ষেত্রে জাতীয় স্তরের প্রতিযোগিতায় রাজ্যের প্রতিনিধিত্ব করে থাকতে হবে। অথবা জাতীয় স্কুল গেমস বা খেলো ইন্ডিয়া ইউনিভার্সিটি গেমস বা খেলো ইন্ডিয়া ইয়ুথ গেমস বা খেলো ইন্ডিয়া উইন্টার গেমসে অংশ নিয়ে অন্তত তৃতীয় স্থান পেয়ে থাকতে হবে। অথবা, আন্তঃবিশ্ববিদ্যালয় প্রতিযোগিতায় অংশ নিয়ে থাকতে হবে।

সব ক্ষেত্রেই উপরোক্ত খেলাধুলার যোগ্যতা ১৭-৯-২০২৬ তারিখ অনুসারে বিগত ২ বছরের মধ্যে অর্জন করে থাকতে হবে।

দৈহিক মাপজোক: উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে ১৭০ সেমি (তফসিলি উপজাতির ক্ষেত্রে ১৬২.৫ সেমি, গোর্খাদের ক্ষেত্রে ১৫৭ সেমি, উগ্র বামপন্থা অধ্যুষিত জেলার তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬০ সেমি) এবং মহিলাদের ক্ষেত্রে ১৫৭ সেমি (তফসিলি উপজাতির ক্ষেত্রে ১৫০ সেমি, গোর্খাদের ক্ষেত্রে ১৫২.৫ সেমি, উগ্র বামপন্থা অধ্যুষিত জেলার তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৪৭.৫ সেমি)। বুকের ছাতি: শুধুমাত্র পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে না ফুলিয়ে ৮০ সেমি (গোর্খাদের ক্ষেত্রে ৭৭ সেমি, তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ৭৬ সেমি)। বুকের ছাতি ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকা চাই। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন হতে হবে। **দৃষ্টিশক্তি:** দূরের ক্ষেত্রে ভালো চোখে ৬/৬, খারাপ চোখে ৬/৯। চশমা থাকলে আবেদন করা যাবে না।

বয়স: ১-৮-২০২৬ তারিখে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে হতে হবে। সাধারণ ক্যাটেগরির প্রার্থীরা ৫, তফসিলিরা ১০ এবং ওবিসিরা ৮ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সে ছাড় পাবেন।

বেতনক্রম: হেড কনস্টেবল পদের ক্ষেত্রে ২৫,৫০০-৮১,১০০ টাকা এবং কনস্টেবল পদের ক্ষেত্রে ২১,৭০০-৬৯,১০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে নথিপত্র যাচাই, দৈহিক মাপজোক যাচাই, খেলাধুলার পরীক্ষা এবং মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://rect.crpf.gov.in/ প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১২ অক্টোবর থেকে ১১ নভেম্বর পর্যন্ত।

ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। অনলাইনে ফি জমা দিতে হবে। মহিলা, তফসিলি ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে হবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

১০৭৩১টি শূন্যপদ পূরণ করা হবে কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষার মাধ্যমে, জানাল স্টাফ সিলেকশন কমিশন

নিজস্ব প্রতিনিধি: স্টাফ সিলেকশন কমিশন পরিচালিত কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষার (২০২৬) মাধ্যমে ভারত সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ ও সংস্থায় ১০,৭৩১ জন গ্রুপ 'বি' ও গ্রুপ 'সি' কর্মী নিয়োগ করা হবে। ২০২৬-এর ২৪ সেপ্টেম্বর পর্যন্ত যতগুলি পদ শূন্য রয়েছে তারই পরিসংখ্যান প্রকাশ করেছে কমিশন। নিয়োগের প্রক্রিয়া চলাকালীন শূন্যপদের সংখ্যা বাড়তেও পারে।

কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেলের (২০২৬) টিয়ার-ওয়ান কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা চলবে ৩০ সেপ্টেম্বর থেকে ৩০ অক্টোবর পর্যন্ত। পরীক্ষার কেন্দ্র সম্পর্কে প্রার্থীদের আগাম অবগতির জন্য ইতিমধ্যেই সিটি ইন্টিমেশন স্লিপ প্রকাশ করেছে কমিশন। প্রথম পর্বের পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাচ্ছে স্টাফ সিলেকশন কমিশনের ওয়েবসাইট (www.ssc.gov.in) থেকে।

ভারত সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ ও সংস্থা এবং পদ ভিত্তিক তালিকা দেখতে পাবেন কমিশনের ওয়েবসাইটের এই লিঙ্কে: https://ssc.gov.in/api/attachment/uploads/masterData/NoticeBoards/Tentative_vacancy_CGLE2026_24092026.pdf মূল ওয়েবসাইটের নোটিস বোর্ডের নির্দিষ্ট লিঙ্কে ক্লিক করেও তালিকাটি দেখতে পারেন।

DAV INSTITUTIONS, WEST BENGAL ZONE

Address: J.M. Sengupta Road, B-Zone, Durgapur, Dist. Paschim Bardhaman (W.B.)
Phone No.: 0343-2563500 / 2564711 / 9429694948
Website: davwbzone.org | Email: ro@davwbzone.org
(Managed by DAV College Managing Committee, Chitragupta Road, New Delhi-110055)

DAV RECRUITMENT (SESSION 2027-2028)

DAV Institutions, West Bengal Zone invite Online Applications for DAV Recruitment Test (DAV-CBT) – December 2026 from 16.09.2026 (Wednesday) to 08.10.2026 (Thursday) for various Teaching, Non-Teaching & Ministerial posts appended below.

PGT	English, Hindi, Bengali, Physics, Chemistry, Mathematics, Biology, History, Geography, Political Science, Commerce, Economics, Computer Science, Psychology, Physical Education, Home Science, Sociology.
TGT	English, Science, Mathematics, Social Science, Hindi, Sanskrit, Bengali, Painting / Art, Physical Education, Computer Science, Music, Dance.
PRT	English, Science, Mathematics, Social Science, Hindi, Sanskrit, Bengali, Computer Science, Music, Dance, Painting / Art & Craft, Physical Education.
Other Posts	Nursery / Pre-Primary Teacher (**Female candidates only**), Librarian (Grade – I & II), Wellness Teacher.
Ministerial Posts	Assistant, UDC, LDC (Accounts), Front Office Assistant / Receptionist (**Female candidates only**), Nurse, Laboratory Assistant (Physics, Chemistry, Biology, Computer Science), Library Assistant.

DAV Public/Model Schools in West Bengal: Madhukunda, Purulia, STPS Santaldih, Bankura, DVC MTPS Mejia, Durgapur, Sankarpur, HCL Rupnarainpur, ECL-Pandaveswar, ECL-Nimcha, ECL-Jhanjra, Raniganj, Kanyapur-Asansol, KSTP-Asansol, Dhadka-Asansol, IIT Kharagpur, Midnapore, Haldia, Dubrajpur, Balurghat & Barrackpore.

Eligibility Criteria: Qualification and Age as per CBSE / State / DAV CMC norms.

Candidates must apply for only one post using their own **Registered Mobile Number (RMN)**. For the centralized, ONLINE CBT Registration form, visit the DAV Recruitment website **https://davrecruit.davcmc.in/**

Three Steps for Form submission:–

- **Step 1 – 'Form Ready for Verification':** All eligible candidates are required to login and fill the online CBT form latest by 8th October 2026. (Partial submission only, subject to verification of testimonials).
- **Step 2 – 'Verified and Approved for Payment':** Take a printout of the form. Carry it to the nearest DAV School (Verification Centre) along with testimonials for verification before 16th October 2026. (Mandatory for Final Submission and activation of payment portal).
- **Step 3 – 'CBT Fee':** After step 2, online CBT exam fee to be submitted within 7 days by logging in to **https://davrecruit.davcmc.in/** only.

DAV-CBT (Computer Based Test) will be conducted for eligible candidates at different DAV Schools of West Bengal Zone in December 2026. All updates regarding timelines, important details, exam centre, admit card, exam and result etc. will be updated on DAV Recruitment Website **https://davrecruit.davcmc.in/** from time to time. Those who qualify in DAV-CBT shall be issued a Provisional Eligibility Card (P.E.C.).

P.E.C. (qualified) candidates can apply at any DAV School across the country for a demo-interview (final) round, which will be advertised in the newspapers in the respective State/Zone. Final selection will be made on the basis of Demo-Interview to be held at the zonal level.

List of Verification Centres in West Bengal

DSK DAV PUBLIC SCHOOL, SIMULIA, PURULIA	DAV MODEL SCHOOL, IIT KHARAGPUR
DAV PUBLIC SCHOOL, DVC MTPS, MEJIA	MDB DAV PUBLIC SCHOOL, BIKNA, BANKURA
DAV MODEL SCHOOL, DURGAPUR	ATREYEE DAV PUBLIC SCHOOL, BALURGHAT
RLJDMC DAV PUBLIC SCHOOL, RANIGANJ	DAV PUBLIC SCHOOL, BARRACKPORE
DAV PUBLIC SCHOOL, KANYAPUR, ASANSOL	DAV MODEL SCHOOL, KSTP, ASANSOL
DAV PUBLIC SCHOOL, MIDNAPORE	DAV PUBLIC SCHOOL, HALDIA

To apply and know more about the DAV recruitment process, please visit - **https://davrecruit.davcmc.in/**

Sd/
Regional Officer, DAV Institutions, West Bengal Zone

ইটারসি অর্ডন্যান্স ফ্যাক্টরিতে অ্যাপ্রেন্টিস

গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস (জেনারেল শাখা) ক্যাটেগরিতে ৫০ জন তরুণ-তরুণীকে ট্রেনিং দেবে ইটারসি অর্ডন্যান্স ফ্যাক্টরি। এটি কেন্দ্রের প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ মিউনিশনস ইন্ডিয়ার একটি ইউনিট। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ (১৯৭৩, ২০১৪, ২০১৯ সালে সংশোধিত) অনুসারে প্রার্থীদের ১ বছরের ট্রেনিং দেওয়া হবে। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে।

আসনের বিন্যাস: সাধারণ ২৫, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ১০, ওবিসি ৮। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ও বৌদ্ধিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে।

শিক্ষাগত যোগ্যতা: বি এসসি বা বি কম বা বিএ বা বিসিএ বা বিবিএ।

বয়স: আবেদনের দিন অন্তত ১৮ বছর হতে হবে। বয়সের কোনও উর্ধ্বসীমা নেই। **স্টাইপেন্ড:** নির্দিষ্ট মাসিক ১২,৩০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://munitionsindia.in অনলাইন দরখাস্ত করা যাবে ১৬ অক্টোবর পর্যন্ত।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

স্কলারশিপের খোঁজখবর

উইনি সান স্কলারশিপ ২০২৬-২৭

২০২৬-২৭ শিক্ষাবর্ষে এম বি বি এস কোর্সের প্রথম বর্ষে পাঠরত মেধাবী ও আর্থিক ভাবে অনগ্রসর ছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে লোটাস পেটাল ফাউন্ডেশন। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৫ লাখ টাকার নীচে।

আবেদনের যোগ্যতা: মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকে মোট অন্তত ৭০ শতাংশ (তফসিলি এবং ওবিসিদের ক্ষেত্রে ৬০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

স্কলারশিপের পরিমাণ: সর্বাধিক ৬৫,০০০ টাকা। স্কলারশিপের মেয়াদ ৪ বছর। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/WISS2 আবেদন করা যাবে ৩০ অক্টোবর পর্যন্ত।

জি ই ভি মেমোরিয়াল মেরিট স্কলারশিপ প্রোগ্রাম ২০২৬-২৭

আইনের স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে পাঠরত বা ক্ল্যাট বা এল-স্যাট বা এআইএলইটি বা সমতুল প্রবেশিকা পরীক্ষা দিতে ইচ্ছুক ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে জি ই ভি স্কলারশিপ ফান্ড ট্রাস্ট। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ১০ লাখ টাকার নীচে। **আবেদনের যোগ্যতা:** মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। **স্কলারশিপের পরিমাণ:** বছর প্রতি ৫০,০০০-২ লাখ টাকা। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/GMM5 আবেদন করা যাবে ৩১ অক্টোবর পর্যন্ত।

পরিবর্তন ই সি এস এস প্রোগ্রাম ২০২৬-২৭

প্রথম থেকে দ্বাদশ শ্রেণি, স্নাতক, স্নাতকোত্তর, আই টি আই, পলিটেকনিক কোর্সে পাঠরত আর্থিক ভাবে অনগ্রসর ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে এইচ ডি এফ সি ব্যাঙ্ক। বার্ষিক পারিবারিক আয় হতে হরে আড়াই লাখ টাকার নীচে। **আবেদনের যোগ্যতা:** শেষ দেওয়া পরীক্ষায় মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। **স্কলারশিপের পরিমাণ:** সর্বাধিক ৭৫,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/HDFC63 আবেদনের শেষ তারিখ ৩১ অক্টোবর।

(তথ্য সহায়তা: buddy4study)

ইন্ডিগোয় মহিলা কেবিন ক্রু

ইন্টারভিউ কলকাতায় ৯ অক্টোবর, বাগডোগরায় ১২ অক্টোবর

নিজস্ব প্রতিনিধি: বেশ কিছু কেবিন ক্রু নেবে বিমান পরিবহণ সংস্থা ইন্ডিগো। ফ্রেশার উচ্চ মাধ্যমিক তরুণীরা আবেদনের যোগ্য। প্রার্থী বাছাইয়ের জন্য ইন্টারভিউ আয়োজিত হবে কলকাতা ও বাগডোগরায়, যথাক্রমে ৯ ও ১২ অক্টোবর। ফ্রেশারদের ট্রেনি কেবিন ক্রু পদে চাকরি হবে। অভিজ্ঞরাও আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। যে-কোনও শাখার উচ্চ মাধ্যমিক তরুণীরা, দৈহিক উচ্চতা অন্তত ১৫৫ সেন্টিমিটার হলে আবেদন করতে পারেন। উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। ইংরেজি ও হিন্দি বলায় স্বচ্ছন্দ হতে হবে। প্রার্থীর ভারতীয় পাসপোর্ট থাকতে হবে। ইন্টারভিউয়ের নির্দিষ্ট ঠিকানা ঘোষণা করা হয়নি। আগ্রহী প্রার্থীরা চোখ রাখবেন এই ওয়েবসাইটে: https://www.goindigo.in/careers/hiringevents/inflightservicesevents.html এই ওয়েবসাইটের মাধ্যমেই অনলাইন আবেদন করা যাবে।

IEM-UEM GROUP

INSTITUTE OF ENGINEERING & MANAGEMENT
UNIVERSITY OF ENGINEERING & MANAGEMENT
KOLKATA & JAIPUR

We are looking for dynamic, enthusiastic, and result-oriented professionals to join our Admission & Student Counselling Team. If you are passionate about guiding students towards their academic and career goals, we invite you to apply :

COUNSELLOR
(Student Counselling)

KEY RESPONSIBILITIES

- Provide academic, personal, and career counselling to students, helping them make informed educational and career decisions.
- Conduct one-to-one and group counselling sessions to address students' academic, emotional, and personal concerns.
- Support students in goal setting, motivation, stress management, time management, and overall well-being.
- Organize orientation programmes, counselling workshops, wellness sessions, and awareness initiatives for students.
- Foster a safe, inclusive, and supportive environment that promotes students' mental health, confidence, and personal growth.

ELIGIBILITY CRITERIA

- Graduate/Postgraduate in any discipline.
- Excellent communication skills in English, Hindi, and Bengali.

HOW TO APPLY

Please apply with resume and superscribing the envelope with the name of the post applied for and location with passport size photograph (non-returnable) to **Institute of Engineering & Management (IEM), Y-12, Salt Lake Electronics Complex, Sector-V, Kolkata - 700091.**
Also e-mail a copy of resume at **jobs@iem.edu.in**

www.uem.edu.in www.iem.edu.in

RUBY PARK PUBLIC SCHOOL TARATALA

KrishnaDayal

Recruitment Advertisement – Academic Session 2027–28

P-17 Transport Depot Road, Taratala, Kolkata 700 088 | www.rubypark.com | jobs@rubypark.com | 033 7150 2302 / 7150 2308

Ruby Park Public School (RPPS), Kolkata, is a premier co-educational CBSE Senior Secondary School (Affiliation No. 2430285), established in 2019 by the KrishnaDayal Education and Research Academy. We invite passionate educators with strong academics, excellent English communication, relevant teaching experience, and co-curricular involvement. Experience in CBSE schools and competitive-exam preparation will be an advantage.
Selection: Written Test, Interview & Demonstration Class.

Teaching Positions & Eligibility

PGT (XI - XII)
Postgraduate with B.Ed. with experience of at least 5 years.
Age not more than 45-50 years.

TGT (VI - X)
Postgraduate with B.Ed. with experience of at least 5 years.
Age not more than 40-45 years.

PRT (I - V)
Graduate with D.El.Ed/ B.Ed. with experience of at least 3 years. Age not more than 35-40 years.

Pre-Primary Teachers
Montessori trained / TTC / D.El.Ed. with experience of a minimum of 2 years at a similar level. Age not more than 30-35 years.

Subjects:

English / Mathematics / Physics / Chemistry / Biology / Economics / Computer Science / Physical Education / Accountancy / Business Studies / History / Geography / Political Science / Psychology / Sociology / Hindi / Sanskrit / Bengali / Librarian / Dance / Music (Eastern & Western) / Instrumental Music (Guitar, Piano, Tabla) / Art Teacher

Other Positions:

Administrator | Assistant Librarian | Office Assistant | Science Lab. Assistant | Receptionist | Admission Counsellor | Accountant | School Counsellor | Special Educator | Sports Coaches

Salary will not be a constraint for deserving candidates.
Please apply online ONLY on our website: https://jobs.rubypark.com/ Last date for receiving the applications is 31st October, 2026.

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in